রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৮, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**অগ্নি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ভাদ্র ১৪২১ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৩০-আইন/২০১৪।**—অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ (২০০৩ সনের ৭নং আইন) এর ধারা ২৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(১) 'অগ্নি নির্বাপণী ও উদ্ধার সরঞ্জাম' অর্থ সকল ধরনের অগ্নি নির্বাপণী ও উদ্ধার সাজ-সরঞ্জাম, ফায়ার ফাইটিং পাম্প, যন্ত্রপাতি, মোটরকার, জীপ, মোটরসাইকেল, সকল ধরনের যানবাহন, জলযান, ট্রেইলার, ট্রাক, বেতার যন্ত্র, ফ্যাক্স মেশিন, কম্পিউটার, টেলিফোন এবং অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজে ব্যবহৃত সব ধরনের জিনিসপত্র ও সরঞ্জামাদিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(২) 'অধিদপ্তর' অর্থ আইনের ধারা ২(ক) এ সংজ্ঞায়িত অধিদপ্তর;

(৩) 'আইন' অর্থ অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ (২০০৩ সনের ৭নং আইন);

(৪) 'কারখানা' অর্থ আইনের ধারা ২(গ) এ সংজ্ঞায়িত কারখানা;



**মূল্য :** টাকা ৬৪.০০

(৫) 'ছাড়পত্র" অর্থ আইনের ধারা ৭ অনুযায়ী মহাপরিচালক কর্তৃক প্রদত্ত ছাড়পত্র;

(৬) 'তদন্ত প্রতিবেদন' অর্থ আইনের ধারা ১৩ এর অধীন দাখিলকৃত অগ্নিকাণ্ডের তদন্ত প্রতিবেদন;

(৭) 'তফসিল' অর্থ এই বিধিমালার সহিত সংযুক্ত তফসিল;

(৮) ' দাহ্যবস্তু' অর্থ বিধি ৪ এর অধীন প্রথম তফসিল এ ঘোষিত দাহ্যবস্তু;

(৯) 'দুর্ঘটনা' অর্থ অগ্নি দুর্ঘটনাসহ যে কোন ধরনের প্রাকৃতিক দুর্যোগ, সড়ক, রেল, বিমান ও জলযান দুর্ঘটনা;

(১০) 'ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান' অর্থ বহুতল, বাণিজ্যিক ও বিশেষ ধরনের ভবনের অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ ও উদ্ধার কার্যক্রম সম্বলিত ফ্লোরভিত্তিক সাজসরঞ্জাম এবং স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থার নকশা;

(১১) 'ফায়ার সেফটি অফিসার' অর্থ অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ এবং উদ্ধার কার্যক্রমে অধিদপ্তর কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ কোন কর্মকর্তা এবং অধিদপ্তরের অবসরপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(১২) 'বস্তি' অর্থ যে কোন স্থানে বসবাসের জন্য অপরিকল্পিতভাবে নির্মিত কুঁড়েঘর, কাঁচা ঘর, পাকা বা আধাপাকা ঘরসমূহের সমন্বয়ে গঠিত আবাসস্থল;

(১৩) 'ব্রিগেড' অর্থ আইনের ধারা ২(ঞ) এ সংজ্ঞায়িত ব্রিগেড;

(১৪) 'ব্রিগেড সদস্য' অর্থ অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তরে কর্মরত সকল সদস্য;

(১৫) 'ভবন' অর্থ আইনের ধারা ২(ড) এ সংজ্ঞায়িত ভবন;

(১৬) 'মহাপরিচালক' অর্থ আইনের ধারা ২(ঢ) এ সংজ্ঞায়িত মহাপরিচালক;

(১৭) 'মালগুদাম' অর্থ আইনের ধারা ২(ণ) এ সংজ্ঞায়িত মালগুদাম;

(১৮) 'লাইসেন্স' অর্থ আইনের ধারা ২(ত) এ সংজ্ঞায়িত লাইসেন্স;

(১৯) 'লাইসেন্স ফিস' অর্থ বিধি ১৪ এর অধীন নির্ধারিত লাইসেন্স ফিস;

(২০) 'ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা' অর্থ আইনের ধারা ২৬ এর বিধান অনুযায়ী মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা।

৩। **অপারেশনাল কর্মকাণ্ডে ব্রিগেডের দায়িত্ব ও কার্যাবলী**।—অপারেশনাল কর্মকাণ্ডে ব্রিগেডের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :—

(ক) অগ্নি নির্বাপণ;

(খ) দুর্ঘটনা কবলিত বা বিধ্বস্ত ভবন, বিধ্বস্ত বা ক্ষতিগ্রস্ত আকাশ বা নৌযান বা যে কোন ধরনের দুর্ঘটনা ও বিপর্যয়কর পরিস্থিতি হইতে উদ্ধার কার্য পরিচালনা;

(গ) দুর্ঘটনায় আহত ব্যক্তিদের প্রাথমিক চিকিৎসা প্রদান;

(ঘ) অসুস্থ রোগী ও আহত ব্যক্তিকে হাসপাতাল বা চিকিৎসা কেন্দ্রে প্রেরণের জন্য নির্ধারিত হারে ভাড়ার ভিত্তিতে অধিপ্তরের এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা;

(ঙ) সরকারি ও বেসরকারি যে কোন ভবন ও স্থাপনা, শিল্প-কলকারখানা ও বাণিজ্যিক কেন্দ্রের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ সম্পর্কে পরামর্শ প্রদান;

(চ) মালগুদাম বা কারখানার লাইসেন্স ফিস নির্ধারণপূর্বক উহা আদায়;

(ছ) অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধ, উদ্ধার কলাকৌশল, প্রাথমিক চিকিৎসা বিষয়ে অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারিকে দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান;

(জ) অধিদপ্তরের ট্রেনিং কমপ্লেক্স, বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি-বেসরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও জাতীয়করণকৃত প্রতিষ্ঠানের সদস্য, শিল্প, বাণিজ্য বা কলকারখানায় কর্মরত শ্রমিক, কর্মচারি, কর্মকর্তা, স্বেচ্ছাসেবক ও জনসাধারণের জন্য অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সম্পর্কে যুদ্ধ ও শান্তিকালীন সময়ে করণীয় বিষয়ে মৌলিক সাধারণ প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন;

(ঝ) অপারেশনাল কার্যক্রমে ব্রিগেড সদস্যদের কর্মক্ষমতা বৃদ্ধিসহ এতদ্‌সংক্রান্ত কারিগরি বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;

(ঞ) আন্তর্জাতিক অগ্নি নির্বাপণ বা বেসামরিক প্রতিরক্ষা সংস্থার সাথে যোগাযোগ রক্ষা এবং এতদ্‌সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক সম্মেলনে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করা;

(ট) অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা প্রদান এবং বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার আধুনিকায়ন ও দক্ষতা অর্জনের নিমিত্ত গবেষণা কার্যক্রম নিশ্চিতকরণ;

(ঠ) অগ্নি নির্বাপণী সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ;

(ড) রাষ্ট্রীয় বিশেষ গুরুত্বপূর্ণ ব্যক্তি (ভিআইপি), রাষ্ট্রীয় সফরে আগত বিদেশি অতিথি এবং সরকার কর্তৃক ঘোষিত অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির অগ্নি নিরাপত্তা প্রদান;

(ঢ) অপারেশনাল কর্মকাণ্ডের সহিত সম্পর্কিত তথ্য ও উপাত্ত সংগ্রহের উদ্দেশ্যে মাঠ পর্যায়ে পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম পরিচালনা;

(ণ) সরকার কর্তৃক অর্পিত ও ন্যস্ত যে কোন দায়িত্ব ও কর্তব্য পালন।

৪। **দাহ্যবস্তুর তালিকা**।—আইনের ধারা ২(ঘ) অনুযায়ী আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার প্রথম তফসিলের ২নং কলামে উল্লিখিত দ্রব্যসমূহকে দাহ্যবস্তু হিসেবে ঘোষণা করিল।

৫। **লাইসেন্সের জন্য আবেদন পদ্ধতি**।—(১) লাইসেন্স প্রাপ্তির জন্য কোন ব্যক্তিকে দ্বিতীয় তফসিলে উল্লিখিত ফরমে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনের ক্ষেত্রে আবেদন ফরমের ফিস বাবদ ১০০ (একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত খাতে জমা করিয়া আবেদন ফরমের নির্ধারিত স্থানে চালান নম্বর ও তারিখ উল্লেখপূর্বক চালানের মূল কপি এবং নক্‌শাসহ আবেদন ফরমে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের সত্যায়িত কপি আবেদন ফরমের সহিত যুক্ত করিতে হইবে।

৬। **লাইসেন্স মঞ্জুর পদ্ধতি**।—(১) বিধি ৫ এর অধীন আবেদন ফরম প্রাপ্তির পর মহাপরিচালক আবেদন ফরম ও উহার সহিত দাখিলকৃত নক্‌শা ও কাগজপত্র যাচাই-বাছাই ও সরেজমিনে পরিদর্শন অন্তে প্রতিবেদন দাখিলের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন ফরম প্রাপ্ত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উহা যাচাই-বাছাই ও সরেজমিনে পরিদর্শন সমাপ্ত করিবেন।

(৩) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরেজমিন পরিদর্শনকালে আবেদন ফরমে উল্লিখিত তথ্যাবলী, নক্‌শা ও কাগজপত্র সঠিক আছে মর্মে নিশ্চত হইলে চতুর্থ তফসিলে উল্লিখিত ফরমে বাৎসরিক লাইসেন্স ফিস, লাইসেন্সের মেয়াদকাল এবং লাইসেন্সের শর্তাবলীর প্রস্তাবসম্বলিত প্রতিবেদন মহাপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সরেজমিন পরিদর্শনকালে আবেদন ফরমে উল্লিখিত তথ্য এবং সংযুক্ত কাগজপত্রে কোন ভুল-ত্রুটি বা তথ্যের গরমিল পরিলক্ষিত হইলে সেই বিষয়ে পঞ্চম তফসিলে উল্লিখিত ফরমে প্রতিবেদন প্রণয়ন করিয়া মহাপরিচালকের নিকট দাখিল করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত প্রতিবেদনে উল্লিখিত ভুল-ত্রুটি সংশোধনের নিমিত্ত মহাপরিচালক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে রেজিস্ট্রি ডাকযোগে অথবা প্রাপ্তি স্বীকারসহ বাহক মারফত আবেদনকারী বরাবর নোটিশ প্রেরণ করিবেন এবং উক্ত নোটিশে নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উক্ত ত্রুটি-বিচ্যুতি নিরসনের জন্য আবেদনকারীকে আহ্বান জানাইবেন।

(৬) উপ-বিধি (৩) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর মহাপরিচালক আবেদনকারী বরাবর সর্বমোট বাৎসরিক লাইসেন্স ফিস, লাইসেন্স ফিস জমা দেওয়ার ট্রেজারী চালান কোড নং উল্লেখকরতঃ ষষ্ঠ তফসিলে উল্লিখিত ফরমে চাহিদাপত্র জারি করিবেন এবং অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধ ও উদ্ধার কার্যক্রমে গৃহীত ব্যবস্থাসহ লাইসেন্সের শর্তাবলী আবেদনকারীকে লাইসেন্স ফিস পরিশোধ এবং লাইসেন্সের শর্তাবলী বাস্তবায়নের জন্য ১৫ দিন সময় প্রদান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, আবেদনকারীর আবেদনক্রমে উক্ত সময়সীমা আরও অনধিক ১৫ দিন পর্যন্ত বর্ধিত করা যাইবে।

(৭) উপ-বিধি (৫) অনুযায়ী ভুল-ত্রুটি সংশোধনের সুযোগ দেওয়া সত্ত্বেও উহা সংশোধন করা না হইলে অথবা উপ-বিধি (৬) অনুযায়ী চাহিদাপত্রে উল্লিখিত সময় বা ক্ষেত্রমত, বর্ধিত সময়ের মধ্যে লাইসেন্স ফিস জমা দিতে কিংবা লাইসেন্সের শর্তাবলী বাস্তবায়নে ব্যর্থ হইলে মহাপরিচালক লাইসেন্সের আবেদন নামঞ্জুর করিয়া আবেদনকারীকে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে একাদশ তফসিলে উল্লিখিত ফরমে উহা অবহিত করিবেন।

(৮) আবেদনকারী উপ-বিধি (৬) অনুযায়ী চাহিদাপত্রে উল্লিখিত লাইসেন্স ফিস নির্ধারিত খাতে সরকারি কোষাগারে জমা করিয়া পরিশোধিত চালানের মূল কপি দাখিল করিলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনরত তৃতীয় তফসিলে উল্লিখিত লাইসেন্স এর শর্তাবলী বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন দাখিল করিবেন।

(৯) উপ-বিধি (৮) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর মহাপরিচালক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর বরাবর সপ্তম তফসিলে উল্লিখিত লাইসেন্স ফরমে সংশ্লিষ্ট বছরের জন্য লাইসেন্স মঞ্জুর করিবেন এবং উক্ত লাইসেন্সে যাবতীয় শর্তাবলীর উল্লেখ থাকিবে এবং একই সাথে আবেদনকারীর মালগুদাম বা কারখানার একটি প্রামাণ্য নক্‌শা লাইসেন্সের অংশহিসাবে লাইসেন্সের সাথে সংযোজন করিয়া আবেদনকারীর বরাবরে সরবরাহ করিবেন।

(১০) মহাপরিচালকের নিটক হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত সংক্রান্ত স্মারক প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট তাহার সিদ্ধান্ত পুনর্বিবেচনার (Review) জন্য আবেদন করিতে পারিবেন।

(১১) উপ-বিধি (৭) এর অধীন লাইসেন্সের আবেদন নামঞ্জুর সংক্রান্ত মহাপরিচালকের সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি আইনের ধারা ৪(৯) অনুযায়ী সিদ্ধান্ত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত খাতে নির্ধারিত ফিসের ১০% টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া পরিশোধিত চালানের মূল কপিসহ সরকারের নিকট দ্বাদশ তফসিলের ফরম-১ এর আপীল দায়ের করিতে পারিবেন।

(১২) উপ-বিধি (১১) এর অধীন দায়েরকৃত আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার কর্তৃক আপীলটি দ্বাদশ তফসিলের ফরম-২ অনুযায়ী নিষ্পত্তি করিয়া সিদ্ধান্ত আপীলকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং এই ক্ষেত্রে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। **লাইসেন্স নবায়ন**।—আইনের ধারা ২৮ এর উপ-ধারা (২) এর দফা (ঘ) অনুসারে লাইসেন্স নবায়ন পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বিধি ৬ এর অধীন মঞ্জুরকৃত লাইসেন্স সংশ্লিষ্ট অর্থবছরের যে তারিখেই ইস্যু করা হোক না কেন উহার মেয়াদ উক্ত অর্থবছরের ৩০ জুন তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং উক্তরূপ মেয়াদান্তে পরবর্তী অর্থবছর আরম্ভ হওয়ার পূর্বে লাইসেন্স পরবর্তী বছরের জন্য নবায়ন করিতে হইবে;

(খ) লাইসেন্স নবায়নের জন্য প্রতি বছর ৩০ জুনের মধ্যে পরবর্তী অর্থবছরের লাইসেন্স ফিস অগ্রিম পরিশোধ করিতে হইবে এবং ৩০ জুন উত্তীর্ণ হইলে পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে প্রতি মাস তার অংশবিশেষের জন্য লাইসেন্স ফিসের ৫% হারে অতিরিক্ত বিলম্ব ফিস প্রদান করিতে হইবে;

(গ) দফা (খ) এ উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন করা না হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঘ) লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সধারী নির্ধারিত লাইসেন্স ফিস সরকার কর্তৃক নির্ধারিত খাতে সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া চালানের মূল কপির সহিত মূল লাইসেন্সসহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে;

(ঙ) ট্রেজারি চালানে ভুল-ক্রটি অথবা কোনরূপ ঘষামাজাসহ যে কোন কারণে নির্দিষ্ট খাতে টাকা জমা না হইলে লাইসেন্সধারীকে এতদ্‌সংক্রান্ত দায়-দায়িত্ব বহন করিতে হইবে;

(চ) লাইসেন্স ফিস কোন অবস্থায় নগদ, পে-অর্ডার, ব্যাংক ড্রাফট বা চেকের মাধ্যমে পরিশোধ করা যাইবে না;

(ছ) দফা (ঘ) এর অধীন আবেদন করা হইলে লাইসেন্স ফিস এবং লাইসেন্সের শর্তাবলী সঠিক ও কার্যক্ষম আছে কিনা তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মহাপরিচালক আবেদনপত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন;

(জ) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দফা (চ) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করিয়া মহাপরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(ঝ) দফা (জ) এর অধীন দাখিলকৃত প্রতিবেদনে নবায়নের সুপারিশ করা হইলে প্রতিবেদন দাখিলের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক লাইসেন্সটি নবায়ন করিবেন এবং নবম তফসিলে উল্লিখিত ফরমে নবায়ন নিশ্চিতকরণের বিষয়টি লাইসেন্সধারীকে অবহিত করিবেন;

(ঞ) দফা (জ) এর অধীন দাখিলকৃত প্রতিবেদনে লাইসেন্সের শর্তাবলী পালন না করা অর্থাৎ অগ্নি প্রতিরোধ ও অগ্নি নির্বাপণ এবং উদ্ধার ব্যবস্থা ইত্যাদি কার্যক্ষম না থাকার বিষয়ে উল্লেখ থাকিলে মহাপরিচালক প্রতিবেদন দাখিলের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে সেই বিষয়ে আবেদনকারীকে অষ্টম তফসিলে উল্লিখিত ফরমে লিখিতভাবে অবহিত করিবেন এবং লাইসেন্সের শর্ত বাস্তবায়নের জন্য সময় নির্দিষ্ট করিয়া দিবেন;

(ট) দফা (ঞ) এ উল্লিখিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদনকারী লাইসেন্সের শর্ত বাস্তবায়ন করিতে ব্যর্থ হইলে মহাপরিচালক নবায়নের আবেদন নামঞ্জুর করিয়া নবম তফসিলে উল্লিখিত ফরমে নবায়নের আবেদন নামঞ্জুরের বিষয়টি লাইসেন্সধারীকে অবহিত করিবেন এবং সেই ক্ষেত্রে লাইসেন্স বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। **লাইসেন্সের শর্তাবলী ও মান।**—আইনের ধারা ২৮ এর উপ-ধারা (২)(ঘ) অনুসারে লাইসেন্স প্রদানের শর্তাবলী এবং মান হইবে যথাক্রমে তৃতীয় তফসিলে উল্লিখিত শর্তাবলীর অনুরূপ এবং প্রথম তফসিলের কলাম ৯ এ উল্লিখিত মানের অনুরূপ।

৯। **ডুপ্লিকেট লাইসেন্স।**—(১) আইনের ধারা ৪ এর উপ-ধারা (১১) অনুসারে ডুপ্লিকেট লাইসেন্সের জন্য লাইসেন্সধারী কর্তৃক সরকারের নির্ধারিত খাতে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০ (একশত) টাকা জমা দিয়ে চালানের মূল কপি এবং লাইসেন্স হারাইয়া যাওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানার জিডির সত্যায়িত ফটোকপিসহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক আবেদকারী বরাবর একটি ডুপ্লিকেট লাইসেন্স সরবরাহ করিবেন।

১০। **লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার নাম পরিবর্তন।**—(১) কোন লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার নাম পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে লাইসেন্সধারী কর্তৃক নিম্নলিখিত কাগজপত্রসহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে, যথা ঃ—

(ক) সরকার কর্তৃক নির্ধারিত খাতে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে ১০০ (একশত) টাকা জমা প্রদান সংক্রান্ত ট্রেজারি চালানের মূল কপি;

(খ) লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার মালিকানা এবং অবস্থান অপরিবর্তিত থাকা সম্পর্কে সাদা কাগজে ঘোষণাপত্র;

(গ) লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানা উহার পূর্ববর্তী নামে কোন মামলা বা অভিযোগে অভিযুক্ত নয় মর্মে নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে ঘোষণাপত্র।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক বিদ্যমান লাইসেন্সে উল্লিখিত মালগুদাম বা কারখানার নাম পরিবর্তনপূর্বক আবেদনকারী বরাবর একটি সংশোধিত লাইসেন্স প্রদান করিবেন।

১১। **লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার স্থান পরিবর্তন**।—(১) কোন লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার স্থান পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে বা পূর্ববর্তী স্থান পরিবর্তন করিলে লাইসেন্সধারী কর্তৃক নিম্নলিখিত কাগজপত্রসহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে, যথা ঃ—

(ক) লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার হালনাগাদ পরিশোধিত লাইসেন্স ফিসের রিসিট বা চালানের সত্যায়িত ফটোকপি;

(খ) লাইসেন্সকৃত মালগুদাম বা কারখানার মালিকানা এবং নাম অপরিবর্তিত থাকা সম্পর্কে সাদা কাগজে ঘোষণাপত্র;

(গ) নতুন লাইসেন্সের জন্য আবেদনের ক্ষেত্রে চাহিত এমন সকল কাগজপত্র (আবেদন ফরম ব্যতীত), নক্শা ও তথ্যাবলি;

(ঘ) সরকার কর্তৃক নির্ধারিত খাতে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে ৫০০ (পাঁচশত) টাকা জমা প্রদান সংক্রান্ত ট্রেজারি চালানের মূল কপি।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর মহাপরিচালক সরেজমিনে পরিদর্শনপূর্বক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য আবেদনপত্রটি ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হইলে মহাপরিচালক প্রতিবেদন প্রাপ্তির ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে বিদ্যমান লাইসেন্সে উল্লিখিত মালগুদাম বা কারখানার স্থান পরিবর্তনের আবেদন মঞ্জুর করিবেন এবং আবেদনকারী বরাবর একটি সংশোধিত লাইসেন্স প্রদান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, মালগুদাম বা কারখানার আয়তন কম বা বেশি হওয়ার কারণে লাইসেন্স ফিস পুনঃনির্ধারণ করিতে হইবে।

১২। **মালিকানা পরিবর্তন**।—আইনের ধারা ৬ অনুযায়ী লাইসেন্স হস্তান্তরযোগ্য নয় বিধায় মালগুদাম বা কারখানার মালিকানা পরিবর্তন করা হইলে লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে, তবে নিম্নলিখিত পরিবর্তন বা হস্তান্তর মালিকানার পরিবর্তন হিসাবে গণ্য হইবে না, যথা ঃ—

(ক) পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে যদি পরিচালনা পর্ষদ অপরিবর্তিত থাকে এবং উক্ত পর্ষদের সদস্যদের মধ্য হইতেই ব্যবস্থাপনা পরিচালক মনোনীত ও নির্বাচিত হন;

(খ) অংশীদারী কারবারের ক্ষেত্রে অংশীদারগণের মধ্য হইতে এক বা একাধিক অংশীদার সকল শেয়ার ক্রয় করিলে।

১৩। **লাইসেন্স বাতিল**।—আইনের ধারা ৫ অনুযায়ী লাইসেন্স বাতিল পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) কোন লাইসেন্সধারী লাইসেন্সে বর্ণিত অবস্থান পরিবর্তন করিলে বা তৃতীয় তফসিলে উল্লিখিত লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করিলে কিংবা লাইসেন্সের শর্তাবলী অনুসরণ বা বাস্তবায়নে সহযোগিতা না করিলে মহাপরিচালক লাইসেন্স কেন বাতিল করা হইবে না তৎমর্মে নির্দিষ্ট সময়সীমার মধ্যে কারণ দর্শানোর জন্য লাইসেন্সধারীকে নোটিশ ইস্যু করিবেন;

(খ) দফা (ক) এর অধীন নোটিশে উল্লিখিত সময়সীমার মধ্যে লাইসেন্সধারী কোন জবাব না দিলে মহাপরিচালক দশম তফসিলে উল্লিখিত ফরমে লাইসেন্স বাতিলের আদেশ দিবেন;

(গ) দফা (ক) এর অধীন নোটিশে উল্লিখিত সময়সীমার মধ্যে লাইসেন্সধারী কোন জবাব দাখিল করিলে মহাপরিচালক উক্ত জবাবের বিষয়ে শুনানির জন্য একটি তারিখ ধার্য করিবেন এবং ধার্য তারিখে শুনানি অন্তে দাখিলীয় জবাব সন্তোষজনক প্রতীয়মান না হইলে দশম তফসিলে উল্লিখিত ফরমে লাইসেন্স বাতিলের আদেশ দিবেন অথবা জবাব সন্তোষজনক হইলে যথোপযুক্ত আদেশ প্রদান করিবেন;

(ঘ) মহাপরিচালক কর্তৃক প্রদত্ত লাইসেন্স বাতিল আদেশে লাইসন্সধারী সংক্ষুব্ধ হইলে আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারি কোষাগারে নির্ধারিত খাতে ১০০০ (এক হাজার) টাকা ফিস জমা করতঃ পরিশোধিত চালানের মূল কপিসহ উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে সরকারের নিকট তথা প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব বরাবর আপীল করিতে পারিবেন;

(ঙ) সরকার আইনের ধারা ৫(৫) অনুযায়ী দফা (ঘ) এ উল্লিখিত আপীলটি নিষ্পত্তি করিবে।

১৪। **লাইসেন্স ফিস**।—আইন এর ধারা ৪(৬)(খ) অনুসারে দাহ্যবস্তুর মালগুদাম ও কারখানার লাইসেন্স ফিস প্রথম তফসিলে উল্লিখিত হারে নির্ধারিত হইবে এবং অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থায় উৎসাহী করার জন্য লাইসেন্সধারী মালগুদাম বা কারখানাকে উহার মোট নির্ণীত ফিস হইতে প্রথম তফসিলের টেবিলে উল্লিখিত পদ্ধতিতে রিবেট বা বাট্টা প্রদান করা হইবে, তবে রিবেট বা বাট্টা সুবিধার পরিমাণ কখনও ২০% এর বেশি হইবে না।

১৫। **বিদ্যমান লাইসেন্স ফিস পুনঃনির্ধারণ**।—বিদ্যমান মালগুদাম বা কারখানার লাইসেন্স ফিস বিধি ১৪ অনুযায়ী পুনঃ নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার অর্থ বৎসর হইতেই উহা নির্ধারিত হইবে যাহা পরবর্তী অর্থ বৎসরে বকেয়াসহ আদায়যোগ্য হইবে এবং বিধি ১৪ অনুযায়ী নির্ধারিত ফিসের পরিমাণ বিদ্যমান লাইসেন্স ফিস অপেক্ষা কম হইলে বিদ্যমান লাইসেন্স ফিসই মোট লাইসেন্স ফিস হিসাবে নির্ধারিত হইবে।

১৬। **সার্ভিস চার্জ**।—কৃষি পণ্য, বাণিজ্য মেলাসহ যে কোন মেলা ও প্রদর্শনীতে অগ্নি নির্বাপণ সেবার ক্ষেত্রে সার্ভিস চার্জ দ্বাবিংশ তফসিল এ বর্ণিত হারে নির্ধারিত হইবে।

১৭। **প্রবেশাধিকারের ক্ষমতা প্রয়োগ**।—আইনের ধারা ১২ অনুসারে প্রবেশাধিকারের ক্ষমতা প্রয়োগ পদ্ধতি হইবে নিম্নরূপ, যথাঃ—

ক) অগ্নি নির্বাপণ, উদ্ধার ও দুর্ঘটনাস্থলে আহতদের সেবার জন্য যে কোন সময় বিনা নোটিশে ও বিনা অনুমতিতে ব্রিগেড সদস্যগণ যে কোন ভবন বা স্থানে প্রবেশ করিতে পারিবেন;

(খ) অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজ ব্যতীত কোন ভবন বা স্থানে প্রবেশ করিয়া জরিপ, তদন্ত, পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ ইত্যাদির ক্ষেত্রে অধিদপ্তরের চাকুরীতে কর্মরত কোন ব্যক্তির প্রবেশাধিকার সূর্য উদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সীমাবদ্ধ থাকিবে;

(গ) দফা (খ) এ উল্লিখিত প্রবেশাধিকার ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে উক্ত ভবন বা স্থানের মালিক বা দখলকার পক্ষকে প্রবেশের অন্যূন ২৪ ঘন্টা আগে লিখিত নোটিশের মাধ্যমে অবহিত করিতে হইবে;

(ঘ) দফা (খ) এ উল্লিখিত প্রবেশাধিকার যে উদ্দেশ্যে করা হইবে উহার অপরিহার্যতার সাথে যতদূর সম্ভব সামঞ্জস্য বিধান করিয়া এবং উক্ত ভবন বা স্থানের সামাজিক বা ধর্মীয় আনুষ্ঠানিকতা রক্ষা এবং মহিলাদের যথাযথ সম্মান প্রদর্শন করিয়া দায়িত্ব পালন করিতে হইবে;

(ঙ) দফা (খ) এ উল্লিখিত জরিপ, তদন্ত, পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ ইত্যাদির জন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অধিদপ্তরকে অনুরোধ জানাইলে দ্বাবিংশ তফসিলের ক্রমিক নং (ঘ) এ উল্লিখিত সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে;

(চ) দফা (খ) এ উল্লিখিত দায়িত্ব পালনকালে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনে এক বা একাধিক কর্মকর্তা বা কর্মচারীকে সহযোগী হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবেন।

১৮। **তদন্ত কার্যক্রম**।—আইনের ধারা ১৩ অনুসারে অগ্নিকাণ্ডের তদন্ত কার্যক্রম পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) যে কোন অগ্নিকাণ্ড সংঘটিত হওয়ার সর্বোচ্চ ৪৮ ঘণ্টার মধ্যে উহার কারণ উদ্‌ঘাটন, ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ণয় ও দায়দায়িত্ব নিরূপণের জন্য মহাপরিচালক নিজে তদন্ত করিবেন কিংবা তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠন করিয়া সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবেন;

(খ) দফা (ক) এর অধীন তদন্ত কমিটি গঠন করা হইলে কমিটি গঠনের আদেশ প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে গঠিত কমিটি তদন্তের দিন ধার্য করিয়া সংশ্লিষ্ট সকলকে নোটিশ প্রদান করিবে;

(গ) কমিটি গঠনের আদেশের তারিখ হইতে সর্ব্বোচ্চ ৩০ কার্য দিবসের মধ্যে তদন্ত কমিটি তদন্ত কার্য সম্পন্ন করিবে এবং আইনের ধারা ১৩ (২) অনুযায়ী তদন্ত সম্পন্ন হওয়ার ১৫ কার্যদিবসের মধ্যে মহাপরিচালকের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিতে হইবে;

(ঘ) আইনের ধারা ১৩ (৩) অনুসারে তদন্ত প্রতিবেদনের অনুলিপির জন্য অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বা সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরকারের নির্ধারিত খাতে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে বীমাকৃত প্রতিষ্ঠানের জন্য ১৫০০/- (এক

হাজার পাঁচশত) টাকা এবং বীমাবিহীন প্রতিষ্ঠানের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ফিস জমা দিয়ে চালানের মূল কপিসহ নিজ প্রতিষ্ঠানের প্যাডে অথবা সাদা কাগজে মহাপরিচালকের নিকট আবেদন করিতে হইবে;

(ঙ) দফা (ঘ) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক আবেদনকারীকে তদন্ত প্রতিবেদনের অনুলিপি প্রদান করিবেন;

(চ) তদন্ত প্রতিবেদন দাপ্তরিক গোপনীয় দলিল হিসাবে বিবেচিত হইবে, যাহা অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বা সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ করা যাইবে না;

(ছ) অগ্নিকাণ্ডের বিষয়ে অধিকতর তদন্তের প্রয়োজন হইলে মহাপরিচালক পুনঃতদন্তের আদেশ দিতে পারিবেন।

১৯। **ছাড়পত্র প্রদানের পদ্ধতি**।—(১) বহুতল বা বাণিজ্যিক ভবনের নক্‌শা অনুমোদন বা অনুমোদিত নক্‌শা সংশোধনের নিমিত্ত ছাড়পত্র গ্রহণের জন্য অধিদপ্তর হইতে অফিস চলাকালীন সময়ে ১০/- (দশ) টাকা মূল্যের বিনিময়ে চতুর্দশ তফসিলে উল্লিখিত নির্ধারিত ফরম সংগ্রহ করিয়া উক্ত ফরমের ক্রমিক নং ৯ এ উল্লিখিত দলিলপত্র ও প্ল্যানসহ মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সাথে ক্রমিক নং ৯ এ উল্লিখিত দলিলপত্র ও প্ল্যান ছাড়াও আবেদন ফরম সংগ্রহের রসিদ এবং ছাড়পত্র পাওয়ার নিমিত্ত ফিস বাবদ বহুতল ভবনের প্রতি বর্গ ফুটের জন্য ০.২০ টাকা এবং বাণিজ্যিক বা অন্য কোন ভবনের প্রতি বর্গ ফুটের জন্য ০.৩০ টাকা হারে সরকার কর্তৃক নির্ধারিত অর্থনৈতিক হিসাবের কোড নং এ চালানমূলে সরকারী কোষাগারে জমা করতঃ পরিশোধিত চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে।

(৩) চতুর্দশ তফসিলের ক্রমিক নং ৯ এ উল্লিখিত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান (ফ্লোর ভিত্তিক নক্‌শা) ত্রয়োদশ তফসিলে উল্লিখিত ব্যবস্থা ও নির্দেশাবলী অনুসরণ করিয়া প্রস্তুত করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রটি মহাপরিচালক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে যাচাই বাছাই করিয়া সঠিক প্রাপ্ত হইলে আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে আবেদকারী বরাবর ষোড়শ তফসিলে উল্লিখিত ফরমে ছাড়পত্র প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট পৌরসভা বা উন্নয়ন কর্তৃপক্ষের নিকট ছাড়পত্রের একটি অনুলিপি প্রেরণ করিবেন।

(৫) উপ-বিধি (১) এর অধীন আবেদনে কোন ত্রুটি-বিচ্যুতি বা তথ্যের কোন গড়মিল থাকিলে তাহা সংশোধনের নিমিত্ত আবেদনকারীকে ১৫ (পনের) দিনের সময় প্রদান করিয়া মহাপরিচালক পঞ্চদশ তফসিলে উল্লিখিত ফরমে পত্র প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (৫) এ উল্লিখিত সময়সীমার মধ্যে সংশোধিত আবেদপত্র দাখিল করা না হইলে কিংবা সংশোধিত আবেদনপত্র দাখিল করা হইলেও যাচাই বাছাই অন্তে উহা সঠিক পাওয়া না গেলে মহাপরিচালক সপ্তদশ তফসিলে উল্লিখিত ফরমে আবেদন না মঞ্জুর করিবেন।

(৭) উপ-বিধি (৫) এ উল্লিখিত সময়সীমার মধ্যে সংশোধিত আবেদনপত্র দাখিল করা হইলে মহাপরিচালক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে পুনরায় যাচাই বাছাই করিয়া সঠিক প্রাপ্ত হইলে উহা প্রাপ্তির ৩০ দিনের মধ্যে আবেদনকারী বরাবর ষোড়শ তফসিলে উল্লিখিত ফরমে ছাড়পত্র প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট পৌরসভা বা উন্নয়ন কর্তৃপক্ষের নিকট ছাড়পত্রের একটি অনুলিপি প্রেরণ করিবেন।

(৮) ছাড়পত্র ইস্যু সংক্রান্ত বিষয়ে মহাপরিচালকের কোন আদেশের বিরুদ্ধে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে ১০০০/-(এক হাজার) টাকা সরকার কর্তৃক নির্ধারিত খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়া পরিশোধিত চালানের কপিসহ আদেশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে অষ্টাদশ তফসিলে উল্লিখিত ফরমে সরকারের নিকট আপীল করিতে পারিবেন।

(৯) উপ-বিধি (৮) এর অধীন দায়েরকৃত আপীলের সিদ্ধান্ত সরকার ঊনবিংশ তফসিলে উল্লিখিত ফরমে প্রদান করিবে এবং এই ক্ষেত্রে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

২০। **মহাপরিচালক কর্তৃক মামলা দায়ের**।—আইনের ধারা ৭ অনুযায়ী মহাপরিচালকের নিকট হইতে ছাড়পত্র গ্রহণ না করিলে কিংবা ছাড়পত্র গ্রহণ করার পরও অনুমোদিত নক্শা কিংবা ছাড়পত্রে উল্লিখিত শর্ত ভঙ্গ করিয়া কোন বহুতল বা বাণিজ্যিক ভবন নির্মাণ করিলে এবং ধারা ৮ এর উপ-ধারা (৪) এর অধীন কোন ভবন ব্যবহারোপযোগী নয় মর্মে ঘোষণা করা সত্ত্বেও উহা ব্যবহার করিতে থাকিলে মহাপরিচালক আইনের ধারা ২০ এর অধীন শাস্তি প্রদানের লক্ষ্যে আদালতে মামলা দায়ের করিতে পারিবেন।

২১। **বস্তিতে অগ্নি প্রতিরোধ ও অগ্নি নির্বাপণ ব্যবস্থা**।—বিদ্যমান অথবা নির্মিতব্য সকল বস্তির অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে এই বিধিমালা কার্যকর হওয়ার ৯০ দিনের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ড, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক একবিংশ তফসিল-এ উল্লিখিত ব্যবস্থাদির বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।

২২। **ব্যবহারযোগ্য সনদ (Occupancy Certificate)**।—(১) অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ ও জননিরাপত্তার স্বার্থে যে কোন বহুতল বা বাণিজ্যিক ভবন নির্মাণ সমাপনান্তে উহার ব্যবহার কার্যক্রম শুরু করার পূর্বে অনধিক ৩০ দিনের মধ্যে উক্ত ভবনের মালিক কর্তৃক লিখিতভাবে মহাপরিচালক বরাবর ছাড়পত্রের কপিসহ ব্যবহারযোগ্য সনদের জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রটি মহাপরিচালক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে সরেজমিনে পরিদর্শন ও যাচাই বাছাই করিয়া সঠিক প্রাপ্ত হইলে আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে আবেদনকারী বরাবর বিংশ তফসিলে উল্লিখিত ফরমে ব্যবহারযোগ্য সনদ প্রদান করিবেন।

(৩) এই সম্পর্কিত আরও কোন কার্যক্রম অপরিহার্য বলিয়া বিবেচিত হইলে মহাপরিচালক সময়ে সময়ে নির্বাহী আদেশ দ্বারা তাহা নির্ধারণ করিবেন।

২৩। **অপারেশনাল কর্মকাণ্ডে যানবাহন গমনাগমনে প্রাধিকার**।—যে কোন দুর্ঘটনায় অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজ পরিচালনার স্বার্থে অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তরের যানবাহন রাস্তায় গমনাগমনে অগ্রাধিকার পাইবে।

২৪। **রহিতকরণ ও হেফাজত**।—(১) Fire Service Rules, 1961 এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও উক্ত রহিতকৃত Rules এর অধীন সূচিত বা গৃহীত সকল কার্যক্রম এই বিধিমালার অধীন সূচিত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**প্রথম তফসিল**

**(বিধি ৪, ৮ ও ১৪ দ্রষ্টব্য)**

**মালগুদাম ও কারখানার লাইসেন্স ফিস ও মান**

| ক্রমিক নং | দ্রব্যের (দাহ্যবস্তুর) নাম | মালগুদামের আয়তন | অগ্নি নিরাপত্তা মান ক্রম (কলাম ৯ থেকে গৃহিত) | মালগুদাম এর ফিস (টাকায়) | কারখানার আয়তন | অগ্নি নিরাপত্তা মানক্রম (কলাম ৯ থেকে গৃহিত) | কারখানার ফিস (টাকায়) | অগ্নি নিরাপত্তা মান এর তালিকা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (১) | **ক। কৃত্রিম আঁশ (সিনথেটিক) ও আঁশজাত দ্রব্যসামগ্রী।**<br>**খ। প্রাণীজ আঁশ—**<br>(১) উল ও উলজাত দ্রব্য (২) সিল্ক ও সিল্কজাত দ্রব্য (৩) চুল ও চুলজাত দ্রব্য সামগ্রী<br>**গ। উদ্ভিজ্জ আঁশ—**<br>(১) তুলা ও তুলাজাত দ্রব্য (২) পাট ও পাটজাত দ্রব্য (৩) শন ও শনজাত দ্রব্য (৪) ফ্ল্যাক্স (৫) ক্যাপক (৬) রেয়ন ও রেয়নজাত দ্রব্য সামগ্রী। | ক) অুর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১- অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট<br>ঘ) ৫৫১-১০০০ বর্গফুট<br>(ঙ) ১০০১-২০০০ বর্গফুট | ১<br>১ ও ২<br>ঐ<br>ঐ<br>ঐ<br>১, ২, ৪, ৫, ১০ ও ১৪ | ৩০০/-<br>৫০০/-<br>১০০০/-<br>৩০০০/-<br>৫০০০/-<br>৮০০০/- | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১- অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট<br>ঘ) ৫৫১-৮০০ বর্গফুট<br>(ঙ) ৮০১-১০০০ বর্গফুট | ১<br>১ ও ২<br>ঐ<br>ঐ<br>ঐ<br>১, ২ ও ৫ | ৪৫০/-<br>৭৫০/-<br>১৫০০/-<br>৪৫০০/-<br>৭৫০০/-<br>১২,০০০/<br>১৮,০০০/- | অনূর্ধ্ব ১৫০ বর্গফুট এলাকার জন্য ৩(তিন) কেজি ধারণক্ষমতা সম্পন্ন ১টি এবং ১৫১- অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট এলাকার জন্য ৫(পাঁচ) কেজি ধারণক্ষমতা সম্পন্ন ১টি ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষণ এবং এর অংশ বিশেষের জন্য আরও একটি ৫(পাঁচ) কেজি ধারণক্ষমতা সম্পন্ন ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষণ।<br>২। বৈদ্যুতিক মেইন সুইচ বক্স, সুইচ বক্স, জংশন বক্স, ডিমান্ড বক্স-এ নির্বাপণের জন্য প্রতিটি বক্স বা পয়েন্টের জন্য ১(এক) টি হারে ৫(পাঁচ) কেজি ধারণক্ষমতা সম্পন্ন কার্বণ ডাই অক্সাইড টাইপ/ইনার্ট গ্যাস ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষণ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | **ঘ। উদ্ভিদ ও উদ্ভিদজাত দ্রব্য সামগ্রী—** (১) কাঠ ও কাঠজাত দ্রব্য (২) নারিকেলের ছোবড়া/আঁশ ও আঁশজাত দ্রব্য (৩) বাঁশ ও বাঁশ জাত দ্রব্য (৪) দর্মা ও দর্মাজাত দ্রব্য (৫) শাল পাতা (৬) খড় (৭) উলুঘাস (৮) গোলপাতা ও গোলপাতা জাতীয় দ্রব্য (৯) বেত ও বেতজাত দ্রব্য (১০) বিড়ির পাতা (১১) হোগলা ও হোগলাজাত দ্রব্য সামগ্রী।<br>**ঙ। রূপান্তরিত উদ্ভিদাংশ বা কৃত্রিম কাঠ—**<br>(১) কার্ডবোর্ড (২) হার্ডবোর্ড (৩) পারটেক্স (৪) উডটেক্স (৫) প্লাইউড (৬) এমডিএফ (৭) মেলামাইন এবং সম পর্যায়ের দ্রব্য সামগ্রী।<br>**চ। বিবিধ ডাস্ট—**<br>(১) কোকো (২) চিনি (৩) কর্ন ফ্লাওয়ার (৪) কর্ক (৫) ফ্ল্যাক্স (৬) তামাক ও তামাকজাত দ্রব্য এবং অন্যান্য দাহ্য পদার্থের ডাস্ট।<br>**ছ। বিবিধ যেমন—**<br>(১) ছিন্ন বস্ত্র (ঝুট কাপড়) (২) দিয়াশলাই (৩) কাগজ ও কাগজ জাত সামগ্রী (৪) চাঁচ/গালা (৫) সেলুলয়েড | চ) ২০০১-৫০০০ বর্গফুট<br>(ছ) ৫০০১-১০০০০ বর্গফুট<br>জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট<br>ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট<br>ঞ) ২০,০০০-এর উর্ধ্বে | ১, ২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১৪, ১৭ ও ১৮<br>ঐ<br>১, ২, ৪,৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৪, ১৭ ও ১৮<br>ঐ | ১২,০০০/-<br>১৫,০০০/-<br>১৮,০০০/- | (চ) ১০০১-১৫০০ বর্গফুট<br>(ছ) ১৫০১-২০০০ বর্গফুট<br>জ) ২০০১-৫,০০০ বর্গফুট<br>ঝ) ৫,০০১-১০,০০০ বর্গফুট<br>ঞ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট<br>ট) ১৫,০০১-২০,০০০ বর্গফুট<br>ঠ) ২০,০০১-৫০,০০০ বর্গফুট<br>ড) ৫০,০০১-১,০০,০০০ বর্গফুট<br>ঢ) ১,০০,০০১-২,০০,০০০ বর্গফুট | ১, ২, ৫, ৬, ৭, ৮ ও ৯<br>১, ২, ৪, ৫, ৬, ৭, ৮,৯,১০, ১৪, ও ১৭<br>১,২,৪,৫,৬,৭, ৮,৯, ১০, ১৪, ১৭ ও ১৮<br>ঐ<br>১,২,৪,৫,৬,৭, ৮,৯, ১০,১১, ১২, ১৪, ১৭ ও ১৮<br>ঐ<br>ঐ<br>ঐ | ২২,৫০০/-<br>২৭,০০০/-<br>৩০,০০০/-<br>৩৫,০০০/-<br>৪০,০০০/-<br>৪৫,০০০/-<br>৫০,০০০/-<br>৫৫,০০০/- | ৩। তেল বা তেল জাতীয় পদার্থের মজুদ বা প্রক্রিয়ার জন্য প্রতি ৫৫০ বর্গফুট এলাকার জন্য ৫(পাঁচ) কেজি ধারণক্ষমতা সম্পন্ন ২(দুই)টি ফোম টাইপ ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষণ।<br>৪। প্রতি ২৪ জন প্রশিক্ষিত জনবলের জন্য ফায়ার হুক ৬টি, লক কাটার ছোট) ৬টি, ফায়ারম্যান এক্স ১৮টি, হাইটেনশন এক্স ৬টি প্লাইয়ারস ৬টি, সেফটি বুট ২৪ জোড়া, হ্যান্ডগ্লোবস্ ২৪ জোড়া, ফাস্ট এইড বক্স ৬টি, বেলচা ৬টি, ম্যানিলারোপ (প্রতিটি ২০০ ফুট) ২টি, স্ট্রেচার ১টি, হেলমেট ২৪টি, সেফটি ভেষ্ট ২৪টি ইত্যাদি সরঞ্জামাদি সংরক্ষণ করিতে হইবে।<br>৫। প্রতি ১০০ বর্গফুট আয়তনের জন্য ১টি করে অটো স্প্রিংকলার হেড স্থাপন।<br>৬। ম্যানুয়াল কলপয়েন্ট সহ অটো ফায়ার এলার্ম ব্যবস্থা স্থাপন।<br>৭। প্রতি ১০০ বর্গফুট এলাকার জন্য ১টি করে স্মোক ও হিট ডিটেকটর স্থাপন।<br>৮। প্রতি ফ্লোরে ১০০০ বর্গফুট এলাকার জন্য ১০০ ফুট দৈর্ঘ্যের হোজরিল মালগুদাম বা কারখানার |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ও সেলুলয়েডজাত দ্রব্য (৬) শুকনা মরিচ ও মরিচের গুড়া (৭) ফোম ও ফোমজাত দ্রব্য (৮) প্যাকিং বক্স (৯) ওয়েস্ট (Waste) পেপার (১০) সিরামিক ও বেকোলাইট (১১) প্রাকৃতিক ও কৃত্রিম রাবার এবং রাবারজাত দ্রব্য। | | | ২০,০০০/- | ণ) ২,০০,০০০ বর্গফুটের উর্ধ্বে | ১,২,৪,৫,৬,৭, ৮,৯, ১০,১১, ১২, ১৩, ১৪,১৫, ১৭ ও ১৮ | | অভ্যন্তরে স্থাপন করিতে হইবে। হোজরিলের পার্শ্বে ২.৫ ইঞ্চি ডায়া বিশিষ্ট মেইল কাপলিং সহ ইন্টারনাল ফায়ার হাইড্রেন্ট এবং ভবনের গ্রাউন্ড ফ্লোরের সম্মুখ ভাগে ফায়ারম্যান কানেকশন স্থাপন করিতে হইবে। মোট জনবলের শতকরা ২৪ জন প্রশিক্ষিত থাকিতে হইবে। উহার মধ্যে ৬ জন অগ্নি নির্বাপণ, ৬ জন অনুসন্ধান, ৬ জন উদ্ধার ও ৬ জন আহত সেবা বিষয়ক প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। রং, বার্ণিশ ও থিনার এর অগ্নি নির্বাপণের ক্ষেত্রে পানির স্প্রে ও পানির বন্যা প্রযোজ্য এবং উচ্চদাহ্য রাসায়নিক দ্রব্য এর ক্ষেত্রে পানির স্প্রে, ফগ, জেটসহ পর্যাপ্ত ভেন্টিলেশন-এর ব্যবস্থা ও ব্রিদিং এপারেটাস পরিধান করিতে হইবে। ধাতব ও রাসায়নিক ডাস্ট-এর ক্ষেত্রে ডাস্ট এর স্তুপ ভাঙ্গা যাইবে না, পানির স্প্রে দিতে হইবে; অন্যান্য কেমিক্যাল এর ক্ষেত্রে প্রচুর পানি প্রবাহ, ব্রিদিং এপারেটাস সহ পারসনাল প্রটেকটিভ ইকুইপমেন্টস্ (পিপিই) পরিধান করিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ৯। ১০,০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ওভারহেড ট্যাংকি এবং ৫০,০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার সংরক্ষণ।<br>১০। ফায়ার মেইন পাম্প, স্ট্যান্ড বাই পাম্প ও জকি পাম্পসহ ফায়ার ফাইটিং পাম্প হাউজ স্থাপন করিতে হইবে।<br>১১। ইনার্ড গ্যাস/অটো সাপ্রেশন সিষ্টেম/ফোম ফিক্সড ইন্সটলেশন স্থাপন করিতে হইবে।<br>১২। জেনারেটর, ট্রান্সফরমার ও সুইচ গিয়ার কক্ষে ৪ ঘন্টা ফায়ার রেটেড ওয়াল ও ২ ঘন্টা ফায়ার রেটেড ডোর স্থাপন করিতে হইবে। এক্ষেত্রে ট্রান্সফরমার ও সুইচ গিয়ার কক্ষ সম্পূর্ণ আলাদা হইবে এবং কক্ষ দুইটি ২ ঘন্টা ফায়ার রেটেড ইন্টারনাল ডোর দ্বারা পৃথক হইতে হইবে।<br>১৩। হ্যাজার্ডাস কেমিক্যাল, এসিড ও ধাতব পদার্থের মজুদ বা প্রক্রিয়া-করণের জন্য প্রতি ৫৫০ বর্গফুট এলাকার জন্য ৫ কেজি ওজনের ১টি ড্রাই পাউডার এক্সটিংগুইশার (টি ই সি, টি ই এফ) এবং ৫ কেজি ওজনের ১টি কার্বন ডাই-অক্সাইড এক্সটিংগুইশার সংরক্ষণ করা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (২) | **ক। রং, বার্নিশ, থিনার—**<br>(১) পেইন্ট, মেটাল পেইন্ট ও এনামেল পেইন্ট (২) বিটুমিনাস পেইন্ট (৩) বার্নিশ ও লেকার বার্নিশ (৪) সেলুলোজ লেকার ও এনামেল (৫) ডায়িং স্টাফ<br>**খ। উচ্চদাহ্য রাসায়নিক দ্রব্য—**<br>(১) টলুইন (২) থিনার-বি (৩) থিনার-সি (৪) পিভিসি থিনার (৫) ডাই এসিটোন অ্যালকোহল (৬) এ্যাসিটন (৭) বিউটাইল এসিটেট (৮) আইসু বিউটানল (৯) বি এল-২৫৭৫ (১০) ইথাইল এসিটেট (১১) ইথানল (১২) হেভি এরোমেটিক (১৩) আইসু প্রোফাইল  অ্যালকোহল (১৪) মিথানল (১৫) মিথাইল ইথাইল কিটোন (১৬) মিথাইল আইসু বিউটাইন (১৭) এন-প্রোপাইল এসিটেট (১৮) প্রোপাইল অ্যালকোহল (১৯) প্রোপাইলিন গ্লাইকল (২০) জাইলিন বা মিক্সড জাইলিন (২১) কলোডিন (২২) এনিলাইন (২৩) বেনজাইন (২৪) এ্যামোনিয়াম হাইড্রক্সাইড (২৫) বিউটেন (২৬) কার্বন বাই/ডাই সালফাইড (২৭) ক্লিনিং সলভেন্ট (ড্রাই ক্লিনারস), অর্গানিক সলভেন্ট (২৮) ক্যালসিয়াম নাইট্রেট (২৯) পটাশিয়াম নাইট্রেট (৩০) সোডিয়াম নাইট্রেট (৩১) পিকরিক এসিড (৩২) রেক্টিফায়েড স্পিরিট (৩৩) মেথিলেটেড স্পিরিট (৩৪) ক্যালসিয়াম সায়ানাইড | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১-অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট<br>ঘ) ৫৫১-১০০০ বর্গফুট<br>ঙ) ১০০১-২০০০ বর্গফুট<br>চ) ২০০১-৫০০০ বর্গফুট<br>ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট | ১ ও ২<br>১, ২ ও ১৬<br>ঐ<br>ঐ<br>ঐ<br>১,২,৪,৮, ১৪, ও ১৬<br>১, ২, ৪, ৫, ৭, ৮, ৯, ১০, ১১, ১৪, ১৬, ১৭ ও ১৮ | ১০০০/-<br>১৫০০/-<br>২৫০০/-<br>৩৫০০/-<br>৫০০০/-<br>৭৫০০/-<br>১০,০০০/- | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১-অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট<br>ঘ) ৫৫১-১০০০ বর্গফুট<br>ঙ) ১০০১-২০০০ বর্গফুট<br>চ) ২০০১-৫০০০ বর্গফুট | ১ ও ২<br>১, ২ ও ১৬<br>ঐ<br>ঐ<br>ঐ<br>১, ২, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১, ১৪ ও ১৬<br>১, ২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১৪, ১৬, ১৭ ও ১৮ | ১৫০০০/-<br>২২৫০/-<br>৩৭৫০/-<br>৫২৫০/-<br>৭৫০০/-<br>১১,২৫০/-<br>১৫,০০০/- | ১৪। বহুতল ভবনের ক্ষেত্রে প্রতি ফ্লোরে রাইজার স্থাপন সহ পি, এ সিস্টেম, জরুরী নির্গমন সিঁড়ি, বিকল্প সিঁড়ি এবং এক্সিট সাইন স্থাপন করিতে হইবে।<br>১৫। ফিক্সড ইন্সটলেশন-স্ট্রীট হাইড্রেন্ট, মোবাইল ফায়ার ইঞ্জিন ও হোল টাইম স্টাফ সংরক্ষণ করা।<br>১৬। প্রতি ৫৫০ বর্গফুট এলাকার জন্য ১০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ওয়াটার টাইট ফায়ার এক্সটিংগুইশার সংরক্ষণ।<br>১৭। সেফটি লবি, সেফটি ডোর ও সার্ভিস ডাক্ট ফায়ার রেটেড হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | (৩৫) ক্যালসিয়াম ফসফাইড (৩৬) ক্যালসিয়াম কার্বাইড (৩৭) হাইড্রো সায়ানিক এসিড (৩৮) হাইড্রোজেন সালফাইড (৩৯) নাইট্রোগ্লিসারিন (৪০) পেট্রোল (৪১) নাইট্রিক এসিড (৪২) | জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট | ঐ | ১৫,০০০/- | ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট | ঐ | | ১৮। ফায়ার সার্ভিসের গাড়ী যাতায়াত, টার্নিং, অগ্নি নির্বাপণ ও উদ্ধার কাজের জন্য ভবনের অভ্যন্তরের চতুর্দিকে ন্যূনপক্ষে ২০ ফুট প্রশস্ত রাস্তা থাকিতে হইবে। |
| | ডিনামাইট (৪৩) টাই নাইট্রোটলিউন (৪৪) সেলুলুজ নাইট্রেট (৪৫) নাইট্রো সেলুলুজ (৪৬) গান কটন (৪৭) পাইরো কটন (৪৮) নাইট্র কটন (৪৯) পাইরো জাইলিন (৫০) ক্লোডি অনহোল (৫১) এক্রিলোনিট্রাই (৫২) কার্বন ডিজাফাইড (৫৩) ক্লোরোবেনজিন (৫৪) ইথাইল এলকোহল (৫৫) অকটেন (৫৬) পনটেইন (৫৭) পেট্রোলিয়াম স্প্রিট (৫৮) পাইরিডাইন | ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট | ঐ | ২০,০০০/- | জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট | ঐ | ২২,৫০০/- | |
| | (৫৯) তার্পেন্টাইন (৬০) প্যারভিন্স<br>গ। **ধাতব ও রাসায়নিক ডাস্ট–**<br>(১) এ্যালুমিনিয়াম ডাস্ট (২) ব্রোঞ্জ ডাস্ট (৩) এবোনাইট ডাস্ট (৪) | ঞ) ২০,০০০-এর উর্ধ্বে। | ঐ | ৩০,০০০/- | ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট | ১, ২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮ | ৩০,০০০/- | |
| | ফেরোম্যাংগানিজ ডাস্ট (৫) সেলুলোজ এ্যাসিটেড ডাস্ট (৬) ম্যাগনেশিয়াম ডাস্ট (৭) ফিনল ফর্মালডিহাইড রেসিন ডাস্ট (৮) পলি ইথিলিন ডাস্ট (৯) সালফার ডাস্ট (১০) টিটেনাম ডাস্ট (১১) প্রুশিয়ান ব্লু ডাস্ট (১) জিংকডাস্ট (১৩) সমপর্যায়ের দ্রব্যসামগ্রী।<br>ঘ। **রেসিন ও গাম–**<br>(১) কোপালস (২) লেফ (৩) বালসাম (৪) গাম এবং গামজাত দ্রব্য সামগ্রী। | | | | ঞ) ২০,০০০-এর উর্ধ্বে | | ৪৫,০০০/- | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ঙ। **ধাতব ও তরল ধাতব—**<br>(১) এ্যালুমিনিয়াম (২) বেরিলিয়াম (৩) পিতল (৪) ক্যাডমিয়াম (রেডিও একটিভ) (৫) সিজিয়াম (রেডিও একটিভ) (৬) ক্রোমিয়াম (৭) লোহা ও ইস্পাত (৮) শিসা (৯) লিথিয়াম (১০) ম্যাগনেশিয়াম (১১) ম্যাংগানিজ (১২) নিকেল (১৩) প্লাটিনাম (১৪) পটাশিয়াম (১৫) সোডিয়াম (১৬) টিন (১৭) টিটেনিয়াম (১৮) জিংক (১৯) জিরকোরিয়াম (রেডিও একটিভ) (২০) মার্কারি (পারদ) (২১) ক্যালসিয়াম ও ক্যালসিয়ামজাত দ্রব্য (২২) ইউরেনিয়াম (রেডিও একটিভ) (২৩) প্রোটোনিয়াম (২৪) কোবাল্ট (২৫) ব্রাস (২৬) ইলেক্ট্রিক ও ইলেক্ট্রনিক্স সামগ্রি। | | | | | | | |
| (৩) | **ক। প্রাণীজ তৈল ও তৈলজাত দ্রব্য—**<br>(১) কর্ড লিভার অয়েল (২) লারড অয়েল (৩) ঘি (৪) মাখন (৫) ট্যালো (৬) মার্জারিন এবং মার্জ্যারিনজাত দ্রব্য সামগ্রী।<br>**খ। উদ্ভিজ্জ তৈল—**<br>(১) ক্যাস্টর অয়েল (২) জলপাই তৈল (৩) পাম অয়েল (৪) সরিষার তৈল (৫) কার্পাস তৈল (৬) কর্ন অয়েল (৭) তিসির তৈল (৮) রয়নার তৈল (৯) সয়াবিন তৈল (১০) সূর্যমুখী তৈল (১১) নারিকেল তৈল (১২) তিলের তৈল ও (১৩) অন্যান্য ভোজ্য তৈলজাত দ্রব্য সামগ্রী। | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১-অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট<br>ঘ) ৫৫১-১০০০ বর্গফুট | ১ ও ২<br>১, ২ ও ৩<br>ঐ<br>ঐ | ৩০০/-<br>৪০০/-<br>৬০০/-<br>১০০০/- | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট<br>খ) ১৫১-৩০০ বর্গফুট<br>গ) ৩০১-অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট | ১ ও ২<br>১, ২ ও ৩<br>ঐ | ৪৫০/-<br>৬০০/-<br>৯০০/- | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | **গ। শষ্য দানা ও খৈল–** (১) সরিষা (২) তিসি ও তিল (৩) খৈল (৪) শষ্য বীজজাত দ্রব্য সামগ্রী। | ঙ) ১০০১-২০০০ বর্গফুট | ঐ | ২৫০০/- | | ঐ | ১৫০০/- | |
| | | চ) ২০০১-৫০০০ বর্গফুট | ১,২,৩,৪,৮, ৯ ও ১৪ | ৪৫০০/- | ঘ) ৫৫১-১০০০ বর্গফুট | | | |
| | **ঘ। মোম, চর্বি–** (১) মোম (২) কাঠ মোম (৩) চর্বি ও চর্বিজাত দ্রব্যাদি (৪) স্টিয়াটের এবং (৫) স্টিয়ারেট দ্বারা প্রস্তুতকৃত দ্রব্য সামগ্রী। | | | | ঙ) ১০০১-২০০০ বর্গফুট | ঐ | ৩৭৫০/- | |
| | **ঙ। খনিজ দ্রব্যের নির্যাস–** (১) কোক ও কয়লা (২) বিটুমিন (৩) আলকাতরা (৪) পিচ (৫) চারকোল এবং সম পর্যায়ের দ্রব্য সামগ্রী। | ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট<br>জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট | ১, ২, ৪, ৫, ৬,৭, ৮, ১০, ১৪, ১৭ ও ১৮ | ৬৫০০/- | চ) ২০০১-৫০০০ বর্গফুট | ১, ২,৩, ৪, ৮, ৯ ও ১৪ | ৬৭৫০/- | |
| | **চ। প্লাস্টিক ও প্লাস্টিকজাত দ্রব্য সামগ্রী–** (১) প্লাস্টিক ও প্লাস্টিকজাত দ্রব্য (২) রেকসিন ও রেকসিন জাত দ্রব্য (৩) ফ্লোর ম্যাট/ওয়ালম্যাট (৪) প্লাস্টিক বোর্ড (৫) পলি ভিনাইল ক্লোরাইড (পিভিসি), সেলোফিন এবং সম পর্যায়ের দ্রব্য সামগ্রী। | | ঐ | ১০,০০০/- | ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট | ১, ২, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১৪, ১৭ ও ১৮ | ৯৭৫০/- | |
| | | ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট | ঐ | ১২,০০০/- | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ছ। **তরল জ্বালানি—**<br>(১) অকটেন (২) পেট্রোল (৩) ডিজেল (৪) কেরোসিন (৫) প্যারাফিন ও প্যারাফিন ওয়াক্স (৬) লুব অয়েল (৭) তরপিন (৮) তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) (৯) রূপান্তরিত প্রাকৃতি গ্যাস (সিএনজি) (১০) পেট্রোলিয়ামজাত জেলি (১১) জেট ফিউয়েলজাত দ্রব্যসামগ্রী। | (ঞ) ২০.০০০-এর উর্ধ্বে | ঐ | ১৫,০০০<br>(ফিলিং ও সিএনজি স্টেশনের ক্ষেত্রে দুটি গ্যাস/ তরল জ্বালানি সরবরাহ মেশিন-এর জন্য ৫০০০ টাকা এবং এর অতিরিক্ত প্রতিটির জন্য অতিরিক্ত ২০০০ টাকা করে ফিস ধার্য হইবে।) | (জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট<br>(ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট<br>(ঞ) ২০.০০০-এর উর্ধ্বে | ঐ<br>ঐ<br>১,২,৪, ৫,৬,৭,৮, ১০,১৪,১৫, ১৭ ও ১৮ | ১৫.০০০<br>১৮,০০০<br>২২,৫০০<br>(ফিলিং ও সিএনজি স্টেশনের ক্ষেত্রে দুটি গ্যাস/তরল জ্বালানি সরবরাহ মেশিন এর জন্য ৫০০০ টাকা এবং এর অতিরিক্ত প্রতিটির জন্য অতিরিক্ত ২০০০ টাকা করে ফিস ধার্য হইবে।) | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪। | ক। **অন্যান্য কেমিক্যাল-**<br>(১) হাইডোক্লোরিক এসিড (২) তার্পেন্টাইন সাবস্টিটিউট (৩) ট্রাইক্লোরিথাইলিন (৪) সালফার (৫) ষ্টাইরিন (৬) সোডিয়াম সালফাইড (৭) সোডিয়াম পারঅক্সাইড (৮) সোডিয়াম নাইট্রেট (৯) প্রোপেন (১০) পটাশিয়াম সালফেট (১১) পটাশিয়াম পারম্যাঙ্গানেট (১২) পটাশিয়াম নাইট্রেট (১৩) পটাশিয়াম (১৪) প্যাথেলিক এ্যানহাইড্রেট (১৫) ফসফরাস (১৬) ফসফিন (১৭) ফিনল (১৮) নাইট্রো বেনজিন (১৯) ইথাইল ক্লোরাইড (২০) এ্যালকোহল (২১) নাইট্রিক এসিড (২২) সালফিউরিক এসিড (২৩) নাইট্রো বেনজিন (২৪) নেপথা (২৫) নেপথালিন (২৬) মিথাইল ইথাইলকেটন (২৭) মিথাইল ক্লোরাইড (২৮) এসিটেল ডিহাইট | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট | ১ ও ২ | ৫০০ | ক) অনূর্ধ্ব ১৫০ বর্গফুট | ১ ও ২ | ৭৫০ | |
| | | খ) ১৫১-৩০০ বর্গফুট | ১, ২ ও ১৬ | ৮০০ | খ) ১৫১-৩০০ বর্গফুট | ১, ২ ও ১৬ | ১২০০ | |
| | | গ) ৩০১–অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট | ঐ | ১০০০ | গ) ৩০১—অনূর্ধ্ব ৫৫০ বর্গফুট | ঐ | ১৫০০ | |
| | | ঘ) ৫৫১-১০০০ বর্গফুট | ঐ | ২০০০ | ঘ) ৫৫১-১০০০ বর্গফুট | ঐ | ৩০০০ | |
| | | ঙ) ১০০১-২০০০ বর্গফুট | ১, ৮, ৯, ১৪ ও ১৬ | ৪০০০ | ঙ) ১০০১-২০০০ বর্গফুট | ১, ৮, ৯, ১৪ ও ১৬ | ৬০০০ | |
| | | চ) ২০০১-৫০০০ বর্গফুট | ১, ৪, ৮, ৯, ১৪ ও ১৬ | ৭০০০ | চ) ২০০১-৫০০০ বর্গফুট | ১,৪,৮,৯, ১৪ ও ১৬ | ১০,৫০০ | |
| | | ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট | ১,৪,৫,৭,৮,৯,১০, ১৪,১৬, ১৭ ও ১৮ | ১০,০০০ | ছ) ৫০০১-১০,০০০ বর্গফুট | ১,৪,৫,৭,৮,৯,১০, ১৪,১৬, ১৭, ও ১৮ | ১৫,০০০ | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | (২৯) এ্যাসিটিক এসিড (৩০) এ্যামোনিয়াম হাইড্রোঅক্সাইড (৩১) এ্যামাইল এসিটেড (৩২) এ্যামাইল এ্যালকোহল (৩৩) মিথাইল এলকোহল (৩৪) মিথাইল এসিটেড (৩৫) মিথেন (৩৬) গ্লিসারিন (৩৭) ফালমিনেটস (৩৮) ইথাইলিন গ্লাইকল (৩৯) ইথাইলিন ড্রাইক্লোরাইড (৪০) ইথাইলিন (৪১) ইথাইল ক্লোরাইড (৪২) ইথাইল এসিটেড (৪৩) ডাই ইথাইল ইথার (৪৪) ডাই ক্লোরোইথাইলিন (৪৫) সিমেনপ্যারা (৪৬) সিমেক (৪৭) ক্লোরিন (৪৮) ক্লোরেট (৪৯) কার্বন মনোঅক্সাইড (৫০) ক্যাম্পড (৫১) বুটাইল এ্যালকোহল (৫২) বুটাইল এসিটেড (৫৩) বেনজিন (৫৪) এনাইলিন (৫৫) এ্যামাইল এলকোহল (৫৬) এ্যামাইল এসিটেড (৫৭) এমোনিয়া (৫৮) এসিটাইলিন (৫৯) এসিটিক এসিড | | | | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খ। **দাহ্য ও বিষাক্ত গ্যাস-** (১) কার্বন মনোঅক্সাইড (২) মিথেন/ইথেন/ইথিলিন (৩) রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) সিলিন্ডার (৪) তরলায়িত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) সিলিন্ডার (৫) তরলায়িত মিথেন গ্যাস (এলএমজি) সিলিন্ডার (৬) অক্সিজেন গ্যাস (৭) সালফিউরেটেড হাইড্রোজেন (৮) কোল গ্যাস (৯) এসিটিলিন গ্যাস (১০) হাইড্রোজেন গ্যাস (১১) এমোনিয়া গ্যাস (১২) হাইড্রোজেন সালফাইড এবং সমপর্যায়ের দ্রব্যসামগ্রী। | জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট | ঐ | ১৫,০০০ | জ) ১০,০০১-১৫,০০০ বর্গফুট | ঐ | ২২,৫০০ | |
| | | ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট | ঐ | ২০,০০০ | ঝ) ১৫,০০১-২০,০০০ বর্গফুট | ঐ | ৩০,০০০ | |
| | | ঞ) ২০,০০০-এর উর্ধ্বে | ঐ | ২৫,০০০ | ঞ) ২০,০০০-এর উর্ধ্বে | ১,৪,৫,৭,৮,৯, ১০,১৪,১৫,১৬, ১৭ ও ১৮ | ৩৭,৫০০ | |

**নোট ঃ**

১. যদি একই প্রিমিসেস-এর মধ্যে মালগুদাম বা কারখানা থাকে তখন যেইটির মাশুল বেশি হইবে উহার লাইসেন্স করিতে হইবে।

২. অনুষ্ঠান বা ধর্মীয় উৎসব, সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অনুষ্ঠান, সভা সমাবেশ বাধ্যতামূলক বহনযোগ্য অগ্নি নির্বাপণ যন্ত্র সংগ্রহ করিতে হইবে।

**রিবেট বা বাট্টা**

**টেবিল (১ম অংশ)**

| ক্রমিক নং | অবকাঠামোর বৈশিষ্ট্য | বাট্টার শতকরা হার |
|---|---|---|
| (১) | সম্পূর্ণ পাকা হইলে | ৫% |
| (২) | আধাপাকা /আংশিক পাকা (কমপক্ষে ৩০%) হইলে | ৩% |
| (৩) | সম্পূর্ণ কাঁচা এবং ৩০%-এর কম পাকা হইলে | শূন্য |

**টেবিল (২য় অংশ)**

| ক্রমিক নং | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা | বাট্টার শতকরা হার |
|---|---|---|
| (১) | স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থা থাকিলে | মোট মাশুলের ১০% |
| (২) | হাইড্রেন্ট/ড্রেঞ্চার/রাইজার/হোজরীল ব্যবস্থার এক বা একাধিক বর্তমান থাকিলে | মোট মাশুলের ৫% |
| (৩) | সার্বক্ষণিক কমপক্ষে ৬ (ছয়) জন ফায়ার ফাইটারসহ মোবাইল ফায়ার ইঞ্জিন থাকিলে | মোট মাশুলের ৪% |

**টেবিল (৩য় অংশ)**

**উপরোক্ত টেবিলে বর্ণিত রিবেট ছাড়াও অতিরিক্ত হিসেবে নিম্নরূপ রিবেট বা বাট্টা প্রযোজ্য হইবেঃ**

| ক্রমিক নং | অবস্থান | বাট্টার শতকরা হার |
|---|---|---|
| (১) | পৌরসভা পরিষদ অন্তর্ভুক্ত এলাকা | মোট মাশুলের ৫% |
| (২) | ইউনিয়ন অন্তর্ভুক্ত এলাকা | মোট মাশুলের ১০% |

## দ্বিতীয় তফসিল

**(বিধি ৫ দ্রষ্টব্য)** **'অনিবেপ্র ফরম নম্বর-০০১'**

**অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ধারা ৪ এর বিধানমতে লাইসেন্স এর আবেদন ফরম।**

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারী মালগুদাম বা কারখানার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স ও ই-মেইল এ্যাড্রেস | ঃ |
| ২। | মালগুদাম বা কারখানার গৃহ/জায়গার অবস্থান | ঃ |
| ৩। | মালগুদাম বা কারখানার মালিকের নাম ও ঠিকানা | ঃ |
| ৪। | মালগুদাম বা কারখানার ভাড়াটিয়ার নাম ও ঠিকানা (ভাড়া সংক্রান্ত চুক্তিনামার সত্যায়িত ফটোকপি সংযোজন করিতে হইবে) | ঃ |
| ৫। | যেই সময়ের জন্য লাইসেন্স এর আবেদন করা হইতেছে তাহার সময়কাল | ঃ |
| ৬। | মালগুদাম বা কারখানার বিবরণ (আয়তনসহ) | ঃ |
| ৭। | ব্যবহৃত দাহ্য বস্তুর ধরন | ঃ |
| ৮। | ব্যবহৃত দাহ্য বস্তুর বাৎসরিক পরিমাণ | ঃ |
| ৯। | আবেদনকারী কখন হইতে উক্ত অবস্থানে মালগুদাম বা কারখানা ব্যবহার করিতেছেন তাহার সঠিক তথ্যাবলী | ঃ |
| ১০। | মালগুদাম বা কারখানা ভবনের নির্মাণ শ্রেণি, পরিমাপ এবং চৌহদ্দী (ছোট অবকাঠামোর বেলায় ১″=৮′ এবং বহুতল ও বড় অবকাঠামোর বেলায় ১″=৩২′ স্কেলে ২ কপি নকশা সংযুক্ত করিতে হইবে)। | ঃ |
| ১১। | মালগুদাম বা কারখানায় অগ্নি নির্বাপণের জন্য কত পরিমাণ পানি (গৃহস্থালি কাজে ব্যবহৃত পানির অতিরিক্ত) আছে | ঃ |
| ১২। | মালগুদাম বা কারখানায় গমনাগমনের জন্য সিঁড়ির সংখ্যা ও বিবরণ। | ঃ |
| ১৩। | মালগুদাম বা কারখানায় অগ্নি প্রতিরোধ ও নিরাপত্তা ব্যবস্থাদির বিবরণ ঃ (পৃথক তালিকা এবং নকশায় প্রদর্শিত হইতে হইবে)। | ঃ |
| ১৪। | আবেদনকৃত প্রতিষ্ঠানের ধরন এবং পরিচালকমণ্ডলী বা অংশীদার এবং মালিকের নাম ও ঠিকানা (লিমিটেড এবং রেজিস্টার্ড কোম্পানির ক্ষেত্রে মেমোরেন্ডাম অব আর্টিকেল এবং ইনকর্পোরেশান সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে)। | ঃ |
| ১৫। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে (যদি থাকে)। | ঃ |
| ১৬। | জাতীয় পরিচয়পত্র নম্বর/টিআইএন নম্বরের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে | ঃ |

১৭। আবেদনপত্রের ফিস পরিশোধ সম্পর্কিত ট্রেজারী চালান নম্বর, তারিখ এবং ব্যাংকের নাম ঃ

এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই ফরমে প্রদত্ত সকল তথ্যাবলি আমার/আমাদের জানামতে সঠিক। আমার/আমাদের প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হইলে লাইসেন্স সংক্রান্ত যাবতীয় শর্তাবলী এবং আদেশ-নির্দেশ যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিব।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

তারিখ ঃ আবেদনকারীর স্বাক্ষর

স্থান (প্রতিষ্ঠান/আবেদনকারীর নামযুক্ত সীলমোহরসহ)

---

তদন্ত প্রতিবেদন ঃ

ওয়্যারহাউজ ইন্সপেক্টর

---

উপ-সহকারী পরিচালকের মন্তব্য ঃ

উপ-সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
..................................

সহকারী পরিচালকের মন্তব্য ঃ

সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
..................................

---

উপ-পরিচালকের মন্তব্য ঃ

উপ-পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
..................................

** উপরে চাহিত বিবরণীর জন্য প্রয়োজনে পৃথক শিট ব্যবহার করা যাইবে।

## তৃতীয় তফসিল

**(বিধি ৬ ও ৮ দ্রষ্টব্য)**

**লাইসেন্স গ্রহণের পূর্বে ও পরে পালনীয় শর্তাবলি (Condition of License) ঃ**

**(ক) লাইসেন্স গ্রহণের পূবে পালনীয় শর্তাবলি ঃ** লাইসেন্স গ্রহণের পূর্বে লাইসেন্স মঞ্জুরীর জন্য নিম্নলিখিত শর্তসমূহ পালন করিতে হইবে, যথা ঃ—

(১) মালগুদাম বা কারখানা লাইসেন্স প্রদানের জন্য স্থানীয় জনপ্রতিনিধির অনাপত্তি সনদ প্রযোজ্য হইবে।

(২) মালগুদাম বা কারখানা হিসাবে ব্যবহার করার জন্য প্রস্তাবিত ভবন বা স্থান যদি কোন খোলা জায়গায় অবস্থিত হইয়া থাকে তবে ঐ ভবন বা স্থান প্রাঙ্গনের চারিদিকে ৬ ফুট খোলা জায়গা থাকিতে হইবে এবং প্রস্তাবিত মালগুদাম বা কারখানা যদি খোলা জায়গায় অবস্থিত না হইয়া থাকে এবং রাস্তার সামনে না হইয়া থাকে, সেক্ষেত্রে মালামাল উঠা-নামা করা এবং অগ্নি নির্বাপণের সুবিধার্থে যানবাহন চলাচলের জন্য অন্যূন ২০ ফুট রাস্তা থাকিতে হইবে;

(৩) প্রস্তাবিত সকল মালগুদাম বা কারখানার কোন কক্ষে যদি কোন দাহ্যবস্তু মজুদ করা বা প্রক্রিয়াকরণের জন্য রাখা হয়, তবে সেইখানে বাহির পথ এবং যাতায়াতের জন্য যথেষ্ট জায়গা রাখিতে হইবে;

(৪) মালগুদাম বা কারখানায় ব্যবহারের জন্য প্রস্তাবিত চুল্লী বা ইঞ্জিনের অবস্থান দাহ্যবস্তু যেইখানে মজুদ করা হয় বা রাখা হয় বা রাখার জন্য প্রস্তাব করা হয় সেইখান হইতে নিরাপদ দূরত্বে থাকিতে হইবে;

(৫) মালগুদাম বা কারখানার কোন অংশ রান্নার কাজে ব্যবহার করা যাইবে না বা তদুদ্দেশ্যে সেখানে কোন চুলা রাখা যাইবে না;

(৬) মালগুদাম বা কারখানার অংশবিশেষকে আবাসন কাজে ব্যবহার করা যাইবে না;

**(খ) লাইসেন্স গ্রহণের পরে পালনীয় শর্তাবলি ঃ** লাইসেন্স গ্রহণের পর নিম্নলিখিত শর্তসমূহ পালন করিতে হইবে, যথা ঃ—

(১) দাহ্যবস্তুর মালগুদামে বিদ্যুৎ সংযোগ রাখা যাইবে না;

(২) মালগুদাম বা কারখানায় মালামাল ডানেজ, ফায়ার ব্রেক এবং পৃথকীকরণ প্রক্রিয়ায় মজুদ রাখিতে হইবে;

(৩) মালগুদাম বা কারখানার ছাদে দাহ্যবস্তু শুকানো বা প্রক্রিয়াকরণ বা যাচাই-বাছাই করা যাইবে না;

(৪) মালগুদাম বা কারখানা মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পরিদর্শনের জন্য সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময়কাল খোলা রাখিতে হইবে;

(৫) মালগুদাম বা কারখানায় কর্মরত ন্যূনতম ২০ শতাংশ কর্মকর্তা-কর্মচারিকে অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও দ্রুত লোক অপসারণের বিষয়ে অধিদপ্তর হইতে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে এবং অবশিষ্ট সকলকে অগ্নিকাণ্ড সম্পর্কিত মহড়ায় নিয়মিত অংশগ্রহণ এবং এই কাজে দক্ষতা অর্জন করিতে হইবে;

(৬) প্রতি ৩ মাস বা ৬ মাস অন্তর অগ্নি নির্বাপণ, লোক অপসারণ, আহতসেবা ও উদ্ধার বিষয়ক মহড়ার আয়োজনের ব্যবস্থা করিতে হইবে এবং এতদসংক্রান্ত বিষয়ে রেকর্ড সংরক্ষণ করিতে হইবে;

(৭) মালগুদাম বা কারখানার অগ্নি প্রতিরোধ অগ্নি নির্বাপণ এবং উদ্ধার সরঞ্জাম ও ব্যবস্থাদি সংরক্ষণ ও কার্যক্ষম রাখিতে হইবে;

(৮) উপরোল্লিখিত শর্তাবলি ছাড়াও অন্য কোন শর্ত মহাপরিচালক কর্তৃক বিবেচিত এবং লাইসেন্সধারীকে অবহিত করা হইলে তাহাও বাস্তবায়ন করিতে হইবে।

**চতুর্থ তফসিল**

(বিধি ৬(৩) দ্রষ্টব্য) **'অনিবেপ্র ফরম নম্বর-০০২'**

**লাইসেন্স ফি নির্ধারণ সম্পর্কিত ফরম**

সড়কের/রাস্তার/গলির নাম...................................সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ ....................................ওয়ার্ড..................................................................
নং.............. উপজেলা/থানা............................. জেলা......................................

| | |
|---|---|
| প্রতিষ্ঠানের হোল্ডিং নম্বর | |
| আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | |
| মালগুদাম বা কারখানার বর্ণনা (পরিমাপসহ) | |
| বার্ষিক মোট ফিস নির্ধারণ | |
| অনুমোদনযোগ্য বাট্টা | |
| মালগুদাম বা কারখানার নিট ফিস | |
| প্রস্তাবিত লাইসেন্সের মেয়াদকাল | |
| প্রস্তাবিত লাইসেন্সের শর্তাবলি | |
| ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার মন্তব্য ও স্বাক্ষর | |
| উপ-সহকারী পরিচালকের মন্তব্য ও স্বাক্ষর | |
| সহকারী পরিচালকের মন্তব্য ও স্বাক্ষর | |
| উপ-পরিচালকের মন্তব্য ও স্বাক্ষর | |

**পঞ্চম তফসিল**

**(বিধি ৬ (৪) দ্রষ্টব্য)**

**মালগুদাম বা কারখানার লাইসেন্স সংক্রান্ত ত্রুটি-বিচ্যুতি সনাক্তকরণ প্রতিবেদন ফরম**

প্রতিষ্ঠানের নাম ঃ

ঠিকানা ঃ

ত্রুটিসমূহ ঃ

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

**ষষ্ঠ তফসিল**
**(বিধি ৬ (৬) দ্রষ্টব্য)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সহকারী/উপ-পরিচালকের কার্যালয়**
**অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর**
**.................................।**

স্মারক নং সহ/উপ/পরি/ফাসাওসিডি/লা...................................তারিখ...................... খ্রিঃ।

প্রাপক ঃ

মেসার্স/জনাব....................................................................................................
....................................................................................................

বিষয় ঃ **অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ এর বিধি ৬(৬) এর অধীন লাইসেন্স ফিস জমাদানের চাহিদাপত্র।**

মহোদয়/মহোদয়গণ,

........................................ জেলার.............................................. থানাধীন/উপজেলা........................................সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের অন্তর্গত...............................সংখ্যক গৃহ ব্যবসার নিমিত্ত ব্যবহারকল্পে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ (......................) মোতাবেক লাইসেন্সের জন্য আপনার/আপনাদের ................ তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনাকে/আপনাদেরকে.......................তারিখ হইতে..................সন পর্যন্ত বাৎসরিক................................টাকা হারে লাইসেন্স ফিস নির্ধারণ করা হইল। সেই অনুসারে...........................তারিখ হইতে.........................তারিখের লাইসেন্স ফিস মোট.............................টাকা অর্থনৈতিক হিসাবের কোড নং ১ ২২৬১ ০০০০ ২০০৯ তে জমাকরত পরিশোধিত চালানের মূল কপি ........................তারিখের পূর্বে সংশ্লিষ্ট জেলার সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালক দপ্তরের মাধ্যমে অত্র কার্যালয়ে পাঠানোর জন্য অনুরোধ করা যাইতেছে।

আপনার বিশ্বস্ত

উপ-পরিচালক/সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ফিফেন্স
...................................

স্মারক সংখ্যা/ফাসাওসিডি/লা...........................তারিখ............................২০...... খ্রিঃ।

অনুলিপি ঃ

সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স............... জেলা এর অবগতি এবং ........................তারিখে........................নং স্মারকের জবাব অবগতি ও প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরিত।

উপ-পরিচালক/সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ফিফেন্স
.........................

**সপ্তম তফসিল**

**[বিধি ৬(৯) দ্রষ্টব্য]** **'অনিবেপ্র ফরম নম্বর-০০৩'**

**মনোগ্রাম**

**মালগুদাম বা কারখানার লাইসেন্স**

(অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ধারা ৪ অনুযায়ী)

| | |
|---|---|
| লাইসেন্স নম্বর ও বৎসর | ঃ ........................................বিভাগ/ জেলা ঃ.................. |
| মালগুদাম বা কারখানার নাম | ঃ .......................................................................... |
| মালগুদাম বা কারখানার ঠিকানা | ঃ .......................................................................... |
| | .......................................................................... |
| | .......................................................................... |
| | .......................................................................... |
| প্রতিষ্ঠানের ধরন | ঃ .......................................................................... |
| অবকাঠামোর ধরন | ঃ ......................................................................... |
| ও আয়তন | ......................................................................... |
| দাহ্যবস্তুর নাম | ঃ .......................................................................... |

(এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নহে)

**পাতা-২**

**শর্তাবলি**

১। অধিদপ্তরের মনোনীত অফিসার ও অফিসারগণ কর্তৃক পরিদর্শনের নিমিত্ত মালগুদাম বা কারখানা সর্বদা খোলা রাখিতে হইবে।

২। কোন মালগুদাম বা কারখানার উপরে বা ছাদে পূর্ণ বা আংশিকভাবে দ্রব্যাদি তৈয়ার, প্রস্তুত শুকানো অথবা অন্য কোন প্রকারে ব্যবহার করা চলিবে না।

৩। পাট বা তুলা প্রক্রিয়াকরণ বা পাকানোরূপে ব্যবহৃত গুদামের কোন অংশ বাসস্থানরূপে ব্যবহার করা চলিবে না। ইহা ছাড়া পাট বা তুলা গুদামজাত থাকা অবস্থায় গুদামে কোন ব্যক্তিকে ধুমপান করিতে, দিয়াশলাই বাক্স, দিয়াশলাই শলাকা বা অসংরক্ষিত কোন কৃত্রিম আলো বা বাতি বহন করিবার অনুমতি দেওয়া যাইবে না।

৪। ...............................................................................

...............................................................................

...............................................................................

৫। ...............................................................................

...............................................................................

...............................................................................

৬। ...............................................................................

...............................................................................

...............................................................................

৭। ...............................................................................

...............................................................................

...............................................................................

**পাতা-৩**

**লাইসেন্স ফরম**

**অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ মোতাবেক প্রদত্ত লাইসেন্স ফরম**

এতদ্বারা ..........................................................................................স্থিত জনাব/মেসার্স ...................................................... কে উপরোক্ত ঠিকানায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ৪ ধারা মোতাবেক .................... দাহ্য বস্তুর ............ মালগুদাম বা কারখানার অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলির ভিত্তিতে অধিদপ্তর হইতে ......................... অর্থ বছরের ০১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত সময়ের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এতদ্বারা স্বীকার করা যাইতেছে যে, ....................হইতে..........................সময়কালের লাইসেন্স ফিস বাৎসরিক ..................... টাকা হারে মোট ................... টাকা .................. লাইসেন্স ফিস বাবদ পাওয়া গিয়াছে।

..................................................

(গৃহ/জায়গার মূল মালিকের নাম ও ঠিকানা)

..................................................

(মালগুদাম বা কারখানার দখলকারীর নাম ও ঠিকানা)

তারিখ ................................... সন।

মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে

## পাতা-৪

৪। নিম্নবর্ণিত অগ্নি প্রতিরোধ ব্যবস্থাসমূহ পালন করিতে হইবে, যথাঃ—

(ক) ৪০–৪৫ গ্যালন ধারণক্ষমতার ............. টি পানি ভর্তি ঢাকনাসহ ড্রাম গুদামের বাহিরে সহজে দৃশ্যমান হয় এমন স্থানে স্থাপন করিতে হইবে। প্রতি ড্রামের পার্শ্বে লোহার স্ট্যান্ডে ৬টি করিয়া বালতি হুকের সাহায্যে উল্টাইয়া রাখিতে হইবে। ড্রাম ও বালতির বাহিরে লাল এবং ভিতরে সাদা রং করিতে হইবে। ড্রাম ও বালতির বাহিরে 'আগুন' শব্দটি সাদা রং দ্বারা লিখিতে হইবে। ড্রামের পানি মশা বা মাছি যাহাতে নষ্ট করিতে না পারে সেই জন্য সহজে খোলা যায় এমন ঢাকনি দিতে হইবে।

(খ) কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের আপদকালীন সময় সহজে বাহির হওয়ার জন্য নিয়মিত সিঁড়ি ছাড়াও উপর হইতে নিচ তলা পর্যন্ত একটি বিকল্প সিঁড়ির ব্যবস্থা রাখিতে হইবে।

(গ) প্রতিটি ............... কেজি ধারণক্ষমতার ................. টি হ্যালন/সিওটু/এবং প্রতিটি .............. কেজি ধারণক্ষমতার ................. টি ড্রাইকেমিক্যাল এক্সটিংগুইসার সংরক্ষণ করিতে হইবে।

(ঘ) অগ্নি নির্বাপণী যন্ত্রগুলি যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের অধিদপ্তর হইতে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(ঙ) ...........................................................................................
...........................................................................................
...........................................................................................

(চ) ...........................................................................................
...........................................................................................
...........................................................................................

(ছ) ...........................................................................................
...........................................................................................
...........................................................................................

(জ) ...........................................................................................
...........................................................................................
...........................................................................................

**পাতা-৫**

**নবায়ন**

| চালান নং ও তারিখ | ব্যাংকের নাম | আদায়কৃত ফিসের পরিমাণ | আর্থিক বৎসর (১লা জুলাই হইতে ৩০ শে জুন) | নবায়নকারীর স্বাক্ষর ও নামাংকিত সিল | লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও নামাংকিত সিল |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

## অষ্টম তফসিল

**[বিধি ৭ এর দফা (ঞ) দ্রষ্টব্য]**

**লাইসেন্স নবায়নের জন্য শর্তাবলির ত্রুটি-বিচ্যুতি অবহিতকরণ ফরম**

প্রতি ঃ ....................................

....................................

....................................

আপনার/আপনাদের মালগুদাম বা কারখানার লাইসেন্স নবায়নের নিমিত্ত সরেজমিন পরিদর্শনে নিম্নবর্ণিত শর্তাবলির ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হইয়াছে, যথা ঃ—

১। ........................................................

........................................................

........................................................

........................................................

২। ........................................................

........................................................

........................................................

........................................................

উপরোক্ত শর্তাবলির ত্রুটি-বিচ্যুতি সংশোধনপূর্বক যথাযথভাবে পালন করিয়া অনুর্ধ্ব ৩০ দিনের মধ্যে অবহিত করিবার জন্য অনুরোধ করা হইল।

মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে

**নবম তফসিল**

**[বিধি ৭ এর দফা (ঝ) ও (ট) দ্রষ্টব্য]**

**লাইসেন্স নবায়নের আবেদন মঞ্জুর/নামঞ্জুর অবহিতকরণ ফরম**

প্রতি ঃ ...................................

...................................

...................................

শর্তাবলী ঃ

১। ........................................................

........................................................

........................................................

........................................................

২। ........................................................

........................................................

........................................................

........................................................

উপরোল্লিখিত শর্তসমূহ পূরণ হওয়ায়/না হওয়ায় লাইসেন্স নবায়নের আবেদন মঞ্জুর করা হইল/হইল না।

মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে

**দশম তফসিল**

**[বিধি ১৩ এর দফা (খ) ও (গ) দ্রষ্টব্য]**

**লাইসেন্স বাতিলের আদেশ ফরম**

লাইসেন্স নং ঃ

মালগুদাম বা কারখানার নাম ঃ

ঠিকানা ঃ

লাইসেন্স বাতিলের কারণ ঃ

পরিদর্শকারী কর্মকর্তার মন্তব্য ও স্বাক্ষর ঃ

মহাপরিচালক/মহাপরিচালকের পক্ষে
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

**একাদশ তফসিল**

**[বিধি ৬(৭) দ্রষ্টব্য]**

**মালগুদাম বা কারখানার লাইসেন্সের আবেদন নামঞ্জুর অবহিতকরণ ফরম**

আবেদনকারীর নাম ঃ

মালগুদাম বা কারখানার নাম ঃ

ঠিকানা ঃ

ব্যবসার ধরন ঃ

আবেদনপত্র গ্রহণ নং ও তারিখ ঃ

আবেদন নামঞ্জুরের কারণ ঃ

ওয়্যারহাউজ ইন্সপেক্টর উপ-সহকারী পরিচালক সহকারী পরিচালক উপ-পরিচালক

প্রতি ঃ মহাপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

বিষয় ঃ **লাইসেন্সের আবেদন পুনর্বিবেচনা প্রসংগে।**

সূত্র ঃ .................................................................

জনাব/মহাত্মন,

আমি/আমরা নিম্নতফসিলভুক্ত জমি বা প্লটে দাহ্যবস্তুর মালগুদাম বা কারখানার লাইসেন্সের জন্য আপনার নিকট নির্ধারিত ফরমে আবেদনপত্র ও তৎসহ নকশা এবং প্রয়োজনীয় দলিলপত্র জমা প্রদান করি। আপনি আমার/আমাদের আবেদন নামঞ্জুর করায় মহোদয় বরাবর পুনর্বিবেচনার আবেদন করছি।

**মালগুদাম বা কারখানার জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ............ (খ) সিএস/আরএস দাগ নং.........
(গ) মৌজা................................................ (ঘ) থানা/উপজেলার নাম..........
(ঙ) ব্লক নং.............................................. (চ) সিট নং..........................
(ছ) ওয়ার্ড নং............................................ (জ) সেক্টর নং........................
(ঝ) রাস্তার নাম/নম্বর.................................... (ঞ) জমির পরিমাণ................

**পুনর্বিবেচনা নিম্নলিখিত কারণে আমলযোগ্য (পুনর্বিবেচনা গ্রাউন্ড) ঃ**

১। ...............................................................................................
২। ...............................................................................................
৩। ...............................................................................................
৪। ...............................................................................................

অনুগ্রহপূর্বক উল্লিখিত কারণে আবেদন পুনর্বিচেনাকরতঃ আমার/আমাদের অনুকূলে প্রস্তাবিত মালগুদাম/কারখানার লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করিতেছি।

আবেদনকারীর স্বাক্ষর ঃ ..................
নাম ঃ .......................................
ঠিকানা ঃ ...................................

<u>সংযুক্তি</u>

১। .........................................
২। .........................................
৩। .........................................

**দ্বাদশ তফসিল**
**[বিধি ৬ এর উপ-বিধি (১১) ও (১২) দ্রষ্টব্য]**
**ফরম-১**

প্রতি ঃ মাননীয় সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ **লাইসেন্সের আবেদন নামঞ্জুর আদেশের বিরুদ্ধে আপিল আবেদন প্রসংগে।**

সূত্র ঃ ............................................................................

জনাব/মহাত্মন,

আমি/আমরা নিম্নতফসিলভুক্ত জমি বা প্লটে দাহ্যবস্তুর মালগুদাম বা কারখানার লাইসেন্সের জন্য মহাপরিচালকের নিকট নির্ধারিত ফরমে আবেদনপত্র ও তৎসহ নকশা এবং প্রয়োজনীয় দলিলপত্র জমা প্রদান করি। মহাপরিচালক আমার/আমাদের আবেদন নামঞ্জুর করায় মহোদয় বরাবর আপীল আবেদন করছি।

**মালগুদাম বা কারখানার জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ............ (খ) সিএস/আরএস দাগ নং.........
(গ) মৌজা................................................ (ঘ) থানা/উপজেলার নাম..........
(ঙ) ব্লক নং............................................... (চ) সিট নং..........................
(ছ) ওয়ার্ড নং............................................ (জ) সেক্টর নং.......................
(ঝ) রাস্তার নাম/নম্বর.................................... (ঞ) জমির পরিমাণ................

**আপীল নিম্নলিখিত কারণে আমলযোগ্য (আপীলের গ্রাউন্ড) ঃ**

১। ........................................................................................................
২। ........................................................................................................
৩। ........................................................................................................
৪। ........................................................................................................

অনুগ্রহপূর্বক উল্লিখিত কারণে আপীল বিবেচনাকরতঃ আমার/আমাদের অনুকূলে প্রস্তাবিত মালগুদাম/কারখানার লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করিতেছি।

আবেদনকারীর স্বাক্ষর ঃ ..................
নাম ঃ .......................................
ঠিকানা ঃ ...................................

সংযুক্তি

১। ..........................................
২। ..........................................
৩। ..........................................

**ফরম-২**

**মালগুদাম বা কারখানার লাইসেন্স সংক্রান্ত আপীল নিষ্পত্তিকরণ ফরম**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং স্বরাষ্ট্র/অগ্নি শাখা/ .......................................... তারিখ ঃ................

বিষয় ঃ **লাইসেন্সের আবেদন নামঞ্জুর আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপিল সম্পর্কে সিদ্ধান্ত প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ.......................................................................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনাকে/আপনাদেরকে এই মর্মে অবগত করা যাইতেছে যে, আপনার/আপনারদের দায়েরকৃত আপীল আইন ও বিধি অনুযায়ী যুক্তিসংগত/ যুক্তিসংগত নয় বিধায় আপনার/আপনারদের দায়েরকৃত আপীল মঞ্জুর করা হইল/হইল না।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এই আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হইল।

**প্রস্তাবিত মালগুদাম বা কারখানার জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ..........
(খ) সিএস/আরএস দাগ নং.....
(গ) মৌজা...............................................
(ঘ) থানা/উপজেলার নাম........
(ঙ) ব্লক নং............................................
(চ) সিট নং.......................
(ছ) ওয়ার্ড নং........................................
(জ) সেক্টর নং....................
(ঝ) রাস্তার নাম/নম্বর...............................
(ঞ) জমির পরিমাণ.............

প্রতি ঃ ......................................................
......................................................

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সিনিয়র সহকারী সচিব (অগ্নি)

বিতরণ ঃ

১। ......................................................................................................
২। ......................................................................................................
৩। ......................................................................................................
৪। ......................................................................................................
৫। ......................................................................................................

**ত্রয়োদশ তফসিল**

**[বিধি ১৯ (৩) দ্রষ্টব্য]**

**অগ্নি নির্বাপণ বিষয়ক সাধারণ ব্যবস্থাদি ঃ**

(ক) **ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান** ঃ বহুতল বাণিজ্যিক ও ৫০০ বর্গমিটার ফ্লোর এরিয়াবিশিষ্ট শিক্ষা, সমাবেশ, প্রাতিষ্ঠানিক, শিল্প, বিপজ্জনক ও মিশ্র ব্যবহার শ্রেণির ভবন নির্মাণের জন্য ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে নিম্নোক্ত বিষয়াবলি চিহ্নিত করিয়া ফ্লোর প্ল্যান তৈরি করিতে হইবে। প্ল্যান স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি, জরুরি নির্গমন সিঁড়ি ও বিকল্প সিঁড়ি, লিফট ও ফায়ার লিফট, ডিটেকশন সিস্টেম, এলার্মিং সিস্টেম, ইমার্জেন্সি লাইট, এক্সিট সাইন, রিজার্ভার, ডাক্টসসমূহ, ফায়ার কমান্ড স্টেশন, ট্রান্সফরমার কক্ষ, স্ট্যান্ডবাই জেনারেটর কক্ষ, ফায়ার ফাইটিং পাম্প হাউজ, রাইজার পয়েন্ট ও হোজ কেবিনেট, স্প্রিংকলার হেড, ওয়াটার স্প্রে প্রজেক্টর হেড, সেফটি লবি, ফায়ার রেটেড ডোর, ভেন্ট, এভিয়েশন লাইট ও এতদ্‌সংক্রান্ত নিম্নলিখিত বিষয়সমূহ ফায়ার ফাইটিং বিল্ডিং প্ল্যানে লিজেন্ডসহ উল্লেখ করিতে হইবে, যথাঃ—

(১) ভূগর্ভস্থ ও মেজানাইন ফ্লোরসহ ইমারতের সকল তলার ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান ১ঃ১০০ স্কেল অনুপাতে অংকন করিতে হইবে;

(২) বিল্ডিং প্ল্যানে উত্তর দিক চিহ্নিত হইতে হইবে;

(৩) ভূমি আচ্ছাদনসহ (কাভার্ড এরিয়া) সকল তলার আলাদা আলাদা ফ্লোর প্ল্যানসহ রুমের আকার ও পরিমাপ, দেয়ালের পুরত্ব, ফ্রেমিং মেম্বারসহ সিঁড়ি, র‍্যাম্প ও লিফটকোরের অবস্থান চিহ্নিত করিত হইবে;

(৪) প্ল্যানে ভবনের সকল তলা যে যে ব্যবহার শ্রেণি দ্বারা ব্যবহৃত হইবে তাহার পরিপূর্ণ বিবরণ থাকিতে হইবে;

(৫) প্ল্যানে জরুরি সেবা সার্ভিসসমূহ ও ডাক্টের অবস্থান চিহ্নিত করিতে হইবে;

(৬) প্ল্যানে সকল জরুরি সেবা সার্ভিসের অবস্থান ও সংখ্যা উল্লেখ করিতে হইবে;

(৭) প্ল্যানে বেইজমেন্টের দেয়াল, অন্যান্য দেয়াল, মেঝে এবং ছাদের পুরুত্বসহ নির্মাণ উপকরণ, ফ্রেমিং মেম্বারের পরিমাণসহ কক্ষের ও ওয়ালের উচ্চতা এবং ড্রেন ও ভবনের প্রসারিত অংকনসহ ছাদের স্লোপ এবং সিঁড়ি ঘরের পরিপূর্ণ বর্ণনা থাকিতে হইবে;

(৮) সাইটে প্রবেশের রাস্তার অবস্থান ও প্রশস্থতা চিহ্নিত করিতে হইবে;

(৯) প্রবেশ ও নির্গমনের ফুটপাত এবং গুরুত্বপূর্ণ রাস্তার পরিমাপসহ সকল দিকের উন্নতির বর্ণনা;

(১০) সীমানা প্রাচীরের উচ্চতা ও ধরন;

(১১) প্লটে অগ্নি নির্বাপক গাড়ি প্রবেশের এবং ভবনের চতুর্দিক গমনাগমনের জন্য পরিপূর্ণ টার্নিং সার্কেলের বর্ণনাসহ প্রবেশ পথ ও প্লটের অভ্যন্তরীণ রাস্তার বর্ণনা;

(১২) করিডোরসহ বিকল্প সিঁড়ির প্রস্থ ও অবস্থানের বর্ণনা;

(১৩) জরুরি নির্গমন সিঁড়ির অবস্থান, ধোঁয়া নিরোধক লবি ও অগ্নি নিরোধক দরজার অবস্থান ও সংখ্যা;

(১৪) ভবনের বিভিন্ন তলায় অবস্থিত রিফিউজ স্যুট, রিফিউজ চেম্বার ও সার্ভিস ডাক্টের অবস্থান ও সংখ্যার বর্ণনা;

(১৫) ভবনের যানবাহন ও পথচারী প্রবেশ, নির্গমন, ড্রাইভওয়ে, র‌্যাম্প ও গাড়ি পার্কিংয়ের স্থান প্রদর্শনসহ পার্কিং প্ল্যান;

(১৬) রিফিউজ এরিয়া চিহ্নিতকরণ;

(১৭) ভবনের বিল্ডিং সার্ভিস তথা এয়ারকন্ডিশন মেশিন রুম, মেকানিক্যাল ভেন্টিলেশন, ভেন্ট, গ্যাস পাইপ ও বয়লারের অবস্থান ও সংখ্যার (প্রযোজ্যক্ষেত্রে) বর্ণনা;

(১৮) এক্সিট সাইনসহ এক্সিট মার্কিংয়ের পরিপূর্ণ বর্ণনা;

(১৯) সাব-স্টেশন (ট্রান্সফরমার ও সুইচগিয়ার রুম) এবং জেনারেটর রুমের অবস্থানের বর্ণনা;

(২০) স্মোক এক্সহাস্ট সিস্টেম চিহ্নিতকরণ;

(২১) ফায়ার এলার্ম সিস্টেমের ম্যানুয়েল কল পয়েন্ট, এলার্মবেল ও স্টোবের অবস্থান ও সংখ্যার বিবরণ;

(২২) স্মোক ডিটেকটর, হিট ডিটেকটর এবং ডিটেকশন সিস্টেমসহ কন্ট্রোল ও রিপিটার প্যানেল বোর্ড এর সংযোগ বিষয়ে বিস্তারিত বিবরণসহ পিএ সিস্টেমের বর্ণনা;

(২৩) ভবনের অভ্যন্তরে স্থাপিত রাইজার, ড্রেঞ্চার, স্প্রিংকলার ও অন্যান্য স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থার বিস্তারিত বর্ণনা ও অবস্থান;

(২৪) ফায়ার সার্ভিস ইনলেট সুবিধাসহ আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের ধারণক্ষমতা ও ফায়ার ফাইটিং পাম্প হাউজের অবস্থান এবং ওভারহেড রিজার্ভারের ধারণক্ষমতাসহ অবস্থানের বর্ণনা;

(২৫) ভবনের ফায়ার কমান্ড স্টেশনের অবস্থান ও পরিমাপের বর্ণনা;

(২৬) ভবনের লাইটনিং এ্যারেস্টারের বর্ণনা;

(২৭) এভিয়েশন লাইটের (প্রযোজ্যক্ষেত্রে) উচ্চতা, অবস্থান ও সংখ্যা চিহ্নিতকরণ;

(২৮) বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রের সংখ্যা ও অবস্থান চিহ্নিতকরণ।

**বহুতল 'এ' শ্রেণির{এ-১ (একক বাড়ি), এ-২ (ফ্ল্যাট বা এপার্টমেন্ট), এ-৩ (ম্যাস, বোর্ডিং হাউজ, ডর্মেটরি ও হোস্টেল) ও এ-৫ (হোটেল, মোটেল, গেস্ট হাউজ, রেস্টুরেন্ট ও ক্লাব)} ভবনের অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি ঃ**

(ক) প্রস্তাবিত বহুতল 'এ' শ্রেণির (এ-১, এ-২, এ-৩, এ-৫) ভবনের ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে নিম্নলিখিত স্থায়ী অগ্নি নির্বাপণ, সতর্কীকরণ ও অন্যান্য ব্যবস্থাদি লিজেন্ডসহ প্রদর্শন বা চিহ্নিত করিতে হইবে, যথাঃ—

(১) **ভবনের উচ্চতা ও প্রধান সড়কের প্রশস্থতা এবং প্লটের অভ্যন্তরীণ রাস্তা সংক্রান্ত** ঃ সকল প্লট ও ভবনের প্রবেশের জন্য প্রবেশ পথ থাকিতে হইবে। আবাসিক বহুতল ভবনের সম্মুখস্থ প্রধান রাস্তার ন্যূনতম প্রশস্থতা ৯ মিটার। কোন ভবনের সামনে ছাড়িয়া দেওয়া জায়গায় প্রশস্থতা রাস্তার প্রশস্থতার সহিত যোগ করিয়া প্লট সংলগ্ন প্রধান রাস্তার প্রশস্থতা হিসাবে দাবী করা যাইবে না। একই প্লটে একাধিক ভবন থাকিলে ফায়ার ফাইটিং ভেহিকেল প্লটে প্রবেশের সুবিধার জন্য মূল প্রবেশ পথের গেটের উচ্চতা ন্যূনতম ৫ মিটার ও অভ্যন্তরীণ রাস্তার প্রশস্থতা টার্নিং সার্কেলসহ ন্যূনতম ৪.৫ মিটার প্রস্থ হইতে হইবে।

(২) **ওয়েট রাইজার স্থাপন** ঃ ভবনে ওয়েট রাইজার স্থাপন করিত হইবে। প্রতি তলার ৬০০ বর্গ মিটার ফ্লোর এরিয়ার জন্য একটি এবং অতিরিক্ত ফ্লোর এরিয়ার জন্য আরো একটি রাইজার পয়েন্ট স্থাপন করিতে হইবে। প্রতিটি রাইজার পয়েন্টে নন-রিটার্নিং প্রেসার রিডিউসিং (৩ বার) ল্যান্ডিং ভাল্ব এবং রাইজার পয়েন্ট পাইপের এন্ডে ১.৫ ইঞ্চি (৩৮ মিঃ মিঃ) ডায়ার ৩০ মিটার দৈর্ঘ্য ১টি ডেলিভারী হোজ সাট-অফ নজলসহ সংযুক্ত থাকিবে। ডেলিভারী হোজটি রাইজার পয়েন্ট সংলগ্ন দেয়ালে সংযুক্ত ২০˝×২০˝ মাপের ১টি ওপেনিং কভারযুক্ত বক্সে ফ্লেকিং অবস্থায় সংরক্ষিত থাকিবে।

(৩) **স্বয়ংক্রিয় স্প্রিংকলার স্থাপন** ঃ বেজমেন্ট ও গ্রাউন্ডফ্লোরে প্রতি ৯.৩০ বর্গ মিটার (অনূর্ধ্ব ১০০ বর্গ ফুট) ফ্লোর এরিয়ার জন্য ১টি আপরাইট টাইপ স্প্রিংকলার হেড স্থাপন করিতে হইবে। স্প্রিংকলার হেডের ফিউজেবল সোল্ডার বা গ্লাস ভাল্ব এর সর্বোচ্চ হিট রেসিস্ট্যান্ট ক্যাপাসিটি হইবে ৬৮ ডিগ্রী সেলসিয়াস (ভবনসমূহের গ্রাউন্ডফ্লোর ও বেজমেন্টের কারপার্কিং এরিয়া, ড্রাইভওয়ে, সাব-স্টেশন, ইমার্জেন্সি জেনারেটর রুম, সেন্ট্রাল এয়ারকন্ডিশন এর মেশিন রুম ওয়াটার ট্রিটমেন্ট প্লান হিসেবে এবং অন্যান্য জরুরি সেবা সার্ভিস এর কাজে ব্যবহৃত হয়। এই ফ্লোরসমূহে অগ্নিকান্ডের ঝুঁকি ও বিপদাবলি ভবনের অন্যান্য তলা থেকে বেশি বিধায় ওয়েট রাইজারের পাশাপাশি স্বয়ংক্রিয় স্প্রিংকলারও স্থাপন করিতে হইবে। প্রতি তলায় স্থাপিত সর্বোচ্চ ৪০টি স্প্রিংকলার হেড ১টি জোন হিসেবে গণ্য হইবে। এ-৫ শ্রেণির ভবনের (হোটেল, মোটেল, গেস্ট হাউজ, রেস্টুরেন্ট ও ক্লাব) সার্ভার কক্ষ ছাড়া সকল কক্ষ, করিডোর, সিঁড়ি ও লিফট লবিতে স্বয়ংক্রিয় স্প্রিংকলার হেড (প্রযোজ্যক্ষেত্রে কনসিল্ড টাইপ) স্থাপন করিতে হইবে।

(৪) (ক) **স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থার জন্য পানি সরবরাহ সূত্র** ঃ ওয়েট রাইজার ও স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থায় কাংক্ষিত চাপে পানি সরবরাহ এবং অগ্নি নির্বাপণের কাজে অগ্নি নির্বাপক ইউনিটের ফায়ার পাম্প এর পানি ব্যবহার নিশ্চিতকল্পে ভবনের বেজমেন্ট অথবা বেজমেন্ট না থাকিলে গ্রাউন্ড ফ্লোরে বা বেজমেন্ট ও গ্রাউন্ডফ্লোরের যে কোন একটিতে ফায়ার সার্ভিস ইনলেট সুবিধাসহ ন্যূনতম ৫০,০০০ গ্যালন ধারণক্ষমতাসম্পন্ন আন্ডারগ্রাউন্ড রিজার্ভার স্থাপনের বিষয়টি নিশ্চিত করিতে হইবে। আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের দুই-তৃতীয়াংশ পানি সবসময় অগ্নি নির্বাপণ কাজের জন্য সংরক্ষিত থাকিবে। রাইজার ও স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থায় বিকল্প পানি সরবরাহ ব্যবস্থা হিসেবে ভবনের ছাদে ন্যূনতম ২৫,০০০ গ্যালন ধারণক্ষমতাসম্পন্ন ওভারহেড ট্যাংক নির্মাণ করিতে হইবে। এই ট্যাংক এর সহিত ওয়েট রাইজার ও স্প্রিংকলার এর পানি সরবরাহের মেইন স্ট্যান্ড পাইপ এর সহিত ১টি নন-রিটার্নিং ভাল্ব ও কন্ট্রোল লিভার এর সাহায্যে সংযোগ স্থাপন করিতে হইবে। ওভারহেড ট্যাংক এর ৫০% পানি সবসময় অগ্নি নির্বাপণ কাজের জন্য সংরক্ষিত থাকিবে। ওয়েট রাইজারের মেইন স্ট্যান্ড পাইপ এর পানি প্রবাহের সর্বোচ্চ চাপ ২০ বার এর বেশী হইবে না। ভবনের উচ্চতা ও ফ্লোর এরিয়া অনুযায়ী পাম্পের মিটার হেড এর বিষয়টি নিশ্চিত করিত হইবে। ভবনের উচ্চতা ১৫ তলার উর্ধ্বে হইলে প্রতি ২৬ মিটার উচ্চতার পর একটি রিলে পাম্প ও ইন্টারমিডিয়েট রিজার্ভার স্থাপন করিতে হইবে। রাইজার ও স্প্রিংকলার সিস্টেমের মেইন স্ট্যান্ড পাইপের টপডেড সেন্টারের সার্বক্ষণিক পানি প্রবাহের চাপ কোনক্রমেই ৬-৭ বারের নিচে থাকিবে না। ভবনটি এ-৫ শ্রেণির ৩/৫ তারকাবিশিষ্ট হোটেল হলে, সে ক্ষেত্রে আন্ডারগ্রাউন্ড রিজারভারের ন্যূনতম ধারণক্ষমতা হইবে ১,০০,০০০ গ্যালন এবং ওভারহেড ট্যাংকের ধারণক্ষমতা হইবে ৪০,০০০ গ্যালন। অগ্নি নির্বাপণের সময় ভবনের স্থায়ী অগ্নি নির্বাপক ব্যবস্থাদি হইতে যে পরিমাণ পানি খরচ হইবে সমপরিমাণ পানি আন্ডারগ্রাউন্ড রিজার্ভারের পুনঃভর্তিকরণের জন্য ব্যবস্থা থাকিতে হইবে। আন্ডারগ্রাউন্ড রিজার্ভার পর্যন্ত যাতে অগ্নি নির্বাপক ইউনিটের টোয়িং ভেহিক্যাল পৌঁছাইতে পারে সে জন্য আন্ডারগ্রাউন্ড রিজার্ভার পর্যন্ত ড্রাইভওয়ে সম্প্রসারিত হইবে। আন্ডারগ্রাউন্ড রিজার্ভার ও ওভারহেড ট্যাংকের অবস্থান ও ধারণক্ষমতাসহ ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(খ) **ফায়ার ফাইটিং পাম্প হাউজ** ঃ ওয়েট রাইজার ও স্প্রিংকলার ব্যবস্থায় পানি সরবরাহ নিশ্চিতকল্পে আন্ডারগ্রাউন্ড রিজার্ভার এর পাশে/গ্রাউন্ডফ্লোরে ফায়ার ফাইটিং পাম্প হাউজ স্থাপন করিয়া এই পাম্প হাউজে ন্যূনতম ৫০০ জিপিএম ক্ষমতাসম্পন্ন ১টি মেইন পাম্প, ১টি স্ট্যান্ডবাই পাম্প (ডিজেলচালিত) ও ১টি জকি পাম্প স্থাপন করিয়া পাম্পের সহিত মেইন স্ট্যান্ড পাইপ এর সংযোগ স্থাপন করিতে হইবে। পাম্পগুলি রাইজারের পানি প্রবাহের গতি প্রকৃতি অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে চালিত হইবে এবং অটো চেঞ্জওভার সুইচ এর মাধ্যমে পাম্পগুলি জরুরি বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা (স্ট্যান্ডবাই জেনারেটর) দ্বারা চালিত হইবে। ওভারহেড ট্যাংক হইতে রাইজারের স্ট্যান্ড পাইপে পানি প্রবাহের গতি বৃদ্ধির জন্য মেইন স্ট্যান্ড পাইপ এর সহিত সংযুক্ত ওভারহেড ট্যাংকের সংযোগ পাইপের উপর একটি স্বয়ংক্রিয়ভাবে চালিত জকি পাম্প (ইলেকট্রিক ও ব্যাটারি অপারেটেড) স্থাপন করিতে হইবে। ওয়েট রাইজারের সকল জলাধার, পাম্প ও পাইপ এবং ফিটিংস এর সেকশনাল এলিভেশন আলাদা শিটে ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানের সহিত সংযুক্ত করিতে হইবে। ফায়ার ফাইটিং পাম্প হাউজ অগ্নি নিরোধক সামগ্রী দ্বারা নির্মাণ করিতে হইবে। পাম্প হাউজের দরোজা ন্যূনতম ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে। ফ্লোর প্ল্যানে পাম্প হাউজ ও ফায়ার ফাইটিং পাম্পসমূহের অবস্থান ও সংখ্যা লিজেন্ডসহ উল্লেখ করিতে হইবে।

(৫) **স্মোক ও হিট ডিটেক্টশন সিস্টেম ঃ** ভবনটি এ-১, এ-২ ও এ-৩ হইলে এবং বেজমেন্ট ও গ্রাউন্ড ফ্লোরের র‍্যাম্প, ড্রাইভওয়ে, কার পার্কিং এরিয়া, সাব-স্টেশন, পাম্প হাউজ, স্ট্যান্ডবাই জেনারেটর রুম, এনক্লোজার সিঁড়ি, ফায়ার ফাইটিং পাম্প হাউজ, ফায়ার কমান্ড স্টেশন ও ড্রপ অব এরিয়াসহ সকল কক্ষ ও স্থানে প্রতি ৭৫ বর্গমিটার এরিয়ার জন্য ১টি স্মোক ও ১টি হিট ডিটেক্টর স্থাপন করিতে হইবে। অতিরিক্ত ফ্লোর এরিয়ার জন্য আরও একটি স্মোক ও হিট ডিটেক্টর স্থাপন করিতে হইবে। আবাসিক কক্ষ, লিভিং এরিয়া ও কমিউনিটি স্পেস এরিয়ায় স্মোক ডিটেক্টর স্থাপন করা যাইতে পারে। কিচেনে ফিক্সড হিট ডিটেক্টর স্থাপন করা যাইতে পারে। কিচেনে ও অন্যান্য জায়গায় স্থাপিত ফিক্সড হিট ডিটেক্টরে হিট রেজিস্ট্যান্স ক্যাপাসিটি সর্বনিম্ন ৬০ ডিগ্রি সর্বোচ্চ ১২৭ ডিগ্রি সেলসিয়াস হইবে। ভবনটি এ-৫ শ্রেণী হইলে ভবনের বেজমেন্টসহ সকল তলায় স্মোক ডিটেক্টর স্থাপন নিশ্চিত করিতে হইবে। লন্ড্রি শপ, কিচেন, জেনারেটর ও ট্রান্সফরমান রুমে ফিক্সড হিট ও স্মোক ডিটেক্টর স্থাপন করিতে হইবে। ভবনটিতে সেন্ট্রাল এয়ারকন্ডিশন সিস্টেম স্থাপিত হইলে প্রতি তলায় প্রেশ এয়ার ইনটেক ও হট এয়ার রিটার্ন ডাক এর ওপেনিংয়ে স্মোক ডিটেক্টরসহ ফায়ার ডাম্পার স্থাপন নিশ্চিত করিতে হইবে। সেন্ট্রালি এয়ারকন্ডিশন ডাক্ট কোন অবস্থায় করিডোর দিয়ে পার করা যাইবে না। সকল স্মোক ও হিট ডিটেক্টর এবং এয়ার ডাম্পার এর অবস্থান প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(৬) **ফায়ার এলার্ম সিস্টেম ঃ** ভবনের বেজমেন্টসহ প্রতি ফ্লোরের করিডোর অথবা সিঁড়ি বা লিফট লবির বাহিরে ম্যানুয়েল কলপয়েন্ট স্থাপন করিয়া ম্যানুয়েল কল পয়েন্ট এর সহিত এ্যালার্ম বেল ও স্ট্রোব এর সংযোগ স্থাপন করিতে হইবে। প্রতি ফ্লোরে ম্যানুয়েল কল পয়েন্ট, এ্যালার্ম বেল ও স্ট্রোব এর পরিমাণ এমনভাবে নির্ধারিত হইবে যেন বেলের আওয়াজ ও স্ট্রোব এর বিচ্ছুরিত আলো সকলের দৃষ্টি আকর্ষণ করিতে সমর্থ হয়। ফ্লোর প্লানে লিজেন্ডসহ ম্যানুয়েল কল পয়েন্ট, এ্যালার্ম বেল ও স্ট্রোব এর অবস্থান চিহ্নিত করিতে হইবে। কল পয়েন্ট এ্যালার্ম বেল ও স্ট্রোব এর ক্যাবল সংযোগ মেইন প্যানেল বোর্ডে দিতে হইবে।

(৭) **ইমারজেন্সি লাইট ঃ** ভবনের সকল স্টেয়ার কেস, করিডোর, লিফট ও স্টেয়ার লবি, ফায়ার কমান্ড স্টেশন, ফায়ার ফাইটিং পাম্প হাউস, ইমারজেন্সি জেনারেটর রুম, সাব-স্টেশন সকল করিডোরে জরুরি নির্গমন সিঁড়ির এক্সিট একসেস, এক্সিট ও এক্সিট ডিসচার্জে, কমিউনিটি স্পেসে, ফায়ার লিফট, র‍্যাম্প, গ্রাউন্ড ফ্লোর ও বেজমেন্টে অবস্থিত ডাইভওয়ে, পার্কিং এরিয়া এবং ইউটিলিটি সার্ভিস এরিয়ায় প্রয়োজনীয় সংখ্যক নন-মেইনটেনেন্স সিস্টেমের ডুয়েল সোর্স ইমারজেন্সি লাইট স্থাপন নিশ্চিত করিতে হইবে যাহাতে রাত্রিকালীন সময়ে ও অন্ধকারে সহজে সবকিছু দৃষ্টিগোচর হয়।

(৮) **জরুরি নির্গমন সিঁড়ি (Means of Escape) ঃ** Means of Escape, যাহা একটি ইমারতে আগুন লাগিলে নিরাপদ নির্গমনেরর পথ, যাহার তিনটি অংশ হইতেছে : (ক) Exit access, (খ) Exit এবং (গ) Exit discharge। Exit access অর্থ Exit এর মুখ পর্যন্ত পৌছানোর রাস্তা, Exit হইল ঐ অংশটুকু বা সিঁড়ি যাহা আগুন লাগা অংশ হইতে Exit discharge পর্যন্ত নিরাপদ নির্গমন ঘটায়। Exit discharge হইল Exit শেষ হওয়া হইতে রিফিউজ এরিয়া বা আগুন ধোঁয়া ও

তাপমুক্ত ভবনের বাইরের নিরাপদ স্থান। Exit এ পৌঁছানোর রাস্তা হিসেবে করিডোরকে গণ্য করিতে হইবে। ভবনে ন্যূনতম ৫০ জন বসবাসকারীর জন্য ১টি জরুরি নির্গমন সিঁড়ি থাকিবে। ৫০০ জন পর্যন্ত ২টি, ১০০০ জন পর্যন্ত ৩টি এবং ১০০০ এর উর্ধ্বে বসবাসকারীর জন্য ৪টি জরুরি নির্গমন সিঁড়ির বিষয়টি প্ল্যানে নিশ্চিত ও চিহ্নিত করিতে হইবে। জরুরি নির্গমন সিঁড়ির এক্সিট একসেস করিডোর বা সেফটি লবি দ্বারা সংযুক্ত থাকিবে। জরুরি নির্গমন সিঁড়ির প্রতিটি ফ্লাইট এর প্রশস্থতা এ-১, এ-২ ভবনের জন্য ১ মিটার ও এ-৩, এ-৫ ভবনের জন্য ১.৫ মিটারের কম হইবে না। ইহার প্রতি তলায় ল্যান্ডিং এবং দুই ফ্লাইটের মধ্যবর্তী ল্যান্ডিং এরিয়ার প্রশস্থতা জরুরি নির্গমন সিঁড়ির প্রতিটি ফ্লাইটের প্রশস্থতার কম হইবে না। ইহার প্রতি তলার এক্সিট একসেস এর দরোজা হইবে ন্যূনতম ২ ঘন্টা ফায়ার রেটেড পুশ ডোর এবং দরোজা জরুরি নির্গমন সিঁড়ির অন্তর্মুখী দিকে খুলিবে। শুধুমাত্র এক্সিট ডিসচার্জ দরোজা সরাসরি ভবনের বাইরে নিরাপদ উন্মুক্ত স্থানের দিকে খুলিবে। ইহার দেয়াল ৪ ঘণ্টা ফায়ার রেটেড হইবে। ইহার ফ্লাইটের ট্রেড ও রাইজ এর পরিমাপ এমন হইবে যেন প্রতিবন্ধীরাও সহজেই নামিয়া আসিতে পারে। ইহার এক্সিট একসেস দরজার উপরে আলোকিত এক্সিট সাইন স্থাপন নিশ্চিত করিতে হইবে, যাহাতে জরুরি নির্গমন সিঁড়ি অন্ধকারেও সহজে দৃষ্টিগোচর হয়। এক্সিট আলোকিত করিবার জন্য ইমার্জেন্সি লাইটের ব্যবস্থা করিতে হইবে। একটি ওপেনিং দিয়ে করিডোরে এসে জরুরি নির্গমন সিঁড়িতে আসিতে সর্বোচ্চ ২৩ মিটার ট্রাভেল ডিসট্যান্স এর জন্য ন্যূনতম ১টি এবং অতিরিক্ত ট্রাভেল ডিসট্যান্স এর জন্য অতিরিক্ত আরো ১টি জরুরি নির্গমন সিঁড়ি থাকিতে হইবে। যে কোন ডেড-এনড হইতে ইহার ট্রাভেল ডিসট্যান্স হইবে সর্বোচ্চ ১০ মিটার। ইহা আপৎকালীন সময় ছাড়া অন্য কোন কাজে ব্যবহার করা যাইবে না এবং কোন অবস্থাতেই বেজমেন্ট পর্যন্ত সম্প্রসারিত হইবে না। স্মোক ও হিট ডিটেক্টর দ্বারা স্বয়ংক্রিয় পদ্ধতিতে কার্যকর এয়ার প্রেসার সৃষ্টিকারী ব্লোয়ার মেশিন দ্বারা জরুরি নির্গমন সিঁড়ির অভ্যন্তরে আপৎকালীন সময়ে পজেটিভ এয়ার প্রেসার সৃষ্টি করিতে হইবে। জরুরি নির্গমন সিঁড়িতে বাতাসের পজেটিভ প্রেসার ৫০ পিএসআই এর বেশি হইবে না। ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ জরুরি নির্গমন সিঁড়ি চিহ্নিত করিতে হইবে।

(৯) **বিকল্প সিঁড়ি ঃ** ভবনে জরুরি নির্গমন সিঁড়ির অনুরূপ সংখ্যক বিকল্প সিঁড়ি থাকিতে হইবে। ভবনের বিকল্প সিঁড়ি বেইজমেন্ট পর্যন্ত সম্প্রসারিত হইবে না । বিকল্প সিঁড়ি অটো এনক্লোজার টাইপের হইলে ভাল হয়। ভবনের উচ্চতা ১৫ তলার উর্ধ্বে হইলে সকল বিকল্প সিঁড়ি ন্যূনতম ১ ঘণ্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার টাইপ ডোর দ্বারা নির্মিত হইবে এবং সিঁড়ির দেয়াল ন্যূনতম ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে। সিঁড়িতে আপৎকালীন সময়ে পজিটিভ এয়ার প্রেসার সৃষ্টির জন্য জরুরি নির্গমন সিঁড়ির অনুরূপ ব্যবস্থা স্থাপন নিশ্চিত করিতে হইবে। তবে এই সিঁড়ি সর্বসাধারণের ব্যবহারের জন্য সবসময়ে উন্মুক্ত থাকিবে। বেইজমেন্ট হইতে গ্রাউন্ড ফ্লোরে উঠার জন্য ন্যূনতম ১টি সিঁড়ি থাকিতে হইবে। এ সিঁড়ির গ্রাউন্ড ফ্লোরে ডিসচার্জ ল্যান্ডিং এমন জায়গায় হইতে হইবে যেন বেইজমেন্টে সৃষ্টি অগ্নিকাণ্ডের তাপ ও ধোঁয়া এ সিঁড়ি দিয়ে গ্রাউন্ড ফ্লোরে উঠিয়া অন্য কোনো তলায় বিস্তার লাভ করিতে না পারে। এ সিঁড়ির বেইজমেন্টের ল্যান্ডিং এরিয়া সেফটি লবি, তাপ ও ধোঁয়ামুক্ত কমপক্ষে ২ ঘণ্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার ডোর দ্বারা সুরক্ষিত হইতে হইবে। বেইজমেন্টে ট্রাভেল ডিসটেন্ট ২৩ মিটারের বেশি হইলে অতিরিক্ত আরও একটি সিঁড়ি স্থাপন নিশ্চিত করিতে হইবে।

(১০) **ফায়ার লিফট ঃ** ভবনের একাধিক লিফট এর ১টি লিফট এবং ৪টি বা ততোধিক লিফট থাকিলে কমপক্ষে ২টি লিফট ফায়ার লিফট হিসাবে নির্মাণ ও প্ল্যানে চিহ্নিত করিতে হইবে। এ লিফট এমন স্থানে নির্মাণ করিতে হইবে যেন এ লিফট দিয়ে অগ্নি নির্বাপক কর্মীগণ ভবনের সর্বোচ্চ তলাসহ যে কোন তলার ল্যান্ডিং হইতে সহজে যে কোন কক্ষে প্রবেশ করিতে পারে। এই লিফট এর লোড ক্যাপাসিটি হইবে ৫৪৫ কেজি বা ৮ জন। এ লিফটের ফ্লোর এরিয়া হইবে ১.৪ বর্গ মিটার এবং দরোজা হইবে ধোঁয়া ও তাপ নিরোধক অটো এনক্লোজড টাইপের। এর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা হইবে দ্বৈত ধরনের। ভবনের মূল বিদ্যুৎ ব্যবস্থা হইতে আলাদাসহ ইমারজেন্সি বিদ্যুৎ সংযোগ এর ব্যবস্থা অটো চেঞ্জওভার সুইচ এর মাধ্যমে নিশ্চিত করিতে হইবে। বৈদ্যুতিক কেবল হইবে হাই ফায়ার রেসিসট্যান্ট। এ লিফটি ২টি সুইচ বাটন দ্বারা চালিত হইবে। লিফটের পাশে স্থাপিত গ্রাউন্ড সুইচ এর মাধ্যমে লিফট এর চলাচল নিয়ন্ত্রণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে। একই সহিত লিফটে ভ্রমণকারীরা লিফটের অভ্যন্তরে স্থাপিত অপর সুইচ বাটন ব্যবহার করিয়া লিফটের চলাচল ও গতি নিয়ন্ত্রণ করিতে পারিবে। লিফট এর গতি এমন হইবে যেন সর্বোচ্চ ১ মিনেটে গ্রাউন্ড ফ্লোর হইতে সর্বোচ্চ তলা পর্যন্ত পৌঁছানো যায়। লিফট এর সকল বাটন অকেজো হইয়া লিফটটি পথিমধ্যে বন্ধ হইলে তা কোন ফ্লোরে আটকে না থাকিয়া গ্রাউন্ড লেভেলে আপনা আপনি নামিয়া আসিবে। লিফট এর উপর লেখা থাকিবে 'ফায়ার লিফট' তবে স্বাভাবিক সময়ে লিফটি সর্বসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকিবে। ভবনের উচ্চতা ১৫ তলার উর্ধ্বে হইলে ভবনের সকল লিফট ফায়ার লিফট এর কনসেপ্ট অনুযায়ী নির্মাণ করিতে হইবে এবং ফ্লোর প্ল্যানে সকল লিফট ফায়ার লিফট হিসেবে চিহ্নিত করিতে হইবে। লিফট কোর ওয়াল কমপক্ষে ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে এবং একটি লিফট কোরের মধ্যে সর্বোচ্চ ৪ টির বেশি লিফট স্থাপন করা যাইবে না।

(১১) **বেইজমেন্টে মেকানিক্যাল ভেন্টিলেশন সিস্টেম স্থাপন** ঃ বেইজমেন্টে মেকানিক্যাল ডিভাইস এর মাধ্যমে আলো বাতাস প্রবাহের ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে। যে পরিমাণ এক্সহাস্ট এয়ার ভেন্টিলেশনের রিটার্ন ডাকট সিস্টেমের মাধ্যমে বাহির হইবে সেই পরিমাণ প্রেসড এয়ার মেকানিক্যাল ভেন্টিলেশনের ইনটেক এয়ার ডাক্টের মাধ্যমে বেইজমেন্টে প্রবাহিত করিবার ব্যবস্থা থাকিতে হইবে। মেকানিক্যাল ভেন্টিলেশনের বিষয়টি ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(১২) **অটো স্মোক এ্যান্ড হিট ভেন্টিং সিস্টেম ঃ** এ-১, এ-২, এ-৩, এ-৫ ভবনের গ্রাউন্ড ফ্লোর ও বেইজমেন্টে আগুনে সৃষ্ট তাপ ও ধোঁয়া তাৎক্ষণিক বাহির করিয়া আগুনের ব্যাপকতা হ্রাস করিবার জন্য ভবনের গ্রাউন্ড ফ্লোর ও বেইজমেন্টে অটোভেন্ট সিস্টেম স্থাপন নিশ্চিত করিতে হইবে। ভবনটি যদি এ-৫ শ্রেণির হয় এবং ভবনটিতে যদি সেন্ট্রালি এয়ারকন্ডিশন সিস্টেম স্থাপন করা থাকে তাহা হইলে এ ভবনের সকল তলায় অটো স্মোক এ্যান্ড হিট ভেন্টিং সিস্টেম স্থাপন নিশ্চিত করিতে হইবে। অটো ভেন্টিং সিস্টেমটি লিজেন্ডসহ ফ্লোর প্ল্যানে উল্লেখ করিতে হইবে। ভেন্টিং সিস্টেম এমনভাবে ডিজাইন করিয়া স্থাপন করিতে হইবে যেন স্প্রিংকলার সিস্টেম চালু হওয়ার পরপরই ভেন্টিং সিস্টেম কার্যকর হয়।

(১৩) **সাব-স্টেশন ঃ** গ্রাউন্ড ফ্লোরে সাব-স্টেশন স্থাপন করিতে হইবে। সাব-স্টেশনের দেয়াল ৪ ঘণ্টা ফায়ার রেটেড ও দরোজা ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে। সাব-স্টেশনের ট্রান্সফরমার বা এভিআর ও সুইচ গিয়ার রুমের মাঝে ৪ ঘণ্টা ফায়ার সেপারেশন দেয়াল ছাদ পর্যন্ত দিয়ে কক্ষ ২টিকে আলাদা করিতে হইবে। উভয়কক্ষে গমনাগমনের জন্য এ দেয়ালে ২ ঘণ্টা ফায়ার রেটেড এবং তাপ ও ধোঁয়া নিরোধক দরোজা থাকিবে। সাব-স্টেশনের প্রতিটি কক্ষে প্রয়োজনীয় সংখ্যক ভেন্টিলেশন ও এক্সহাস্ট ফ্যান থাকিবে। সাব-স্টেশনের ট্রান্সফরমারের উপরে ২টি হাই প্রেশার ওয়াটার স্প্রে প্রজেক্টর হেড স্থাপন করিতে হইবে। সুইচ গিয়ার রুমে স্বয়ংক্রিয় স্প্রিংকলার বা অটো গ্যাস সাপ্রেশন সিস্টেম স্থাপন করা যাইতে পারে। সাব-স্টেশনের ক্যাবল ড্রেন শুকনো বালু ভর্তি হইতে হইবে এবং ড্রেনের উপরে স্ল্যাব অগ্নি নিরোধক সামগ্রী দ্বারা তৈরি হইতে হইবে। ভবনের অটো হিট এ্যান্ড স্মোক ভেন্ট সিস্টেমের কানেকশন সাব-স্টেশনে থাকিবে। ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ সাব-স্টেশনে স্থাপিত সকল অগ্নি নির্বাপক ব্যবস্থাদি হিট ও স্মোক ডিটেক্টর, ভেন্ট ও এক্সহাস্ট ফ্যানের সংখ্যা ও পরিমাণ উল্লেখ করিতে হইবে।

(১৪) **স্ট্যান্ডবাই জেনারেটর কক্ষ** ঃ ভবনে স্ট্যান্ডবাই জেনারেটর বেইজমেন্ট অথবা গ্রাউন্ড ফ্লোরে স্থাপন করিতে হইবে। স্ট্যান্ডবাই জেনারেটর কক্ষের দেয়াল ৪ ঘণ্টা ফায়ার রেটেড এবং দরোজা তাপ ও ধোঁয়া নিরোধক ২ ঘণ্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার টাইপ হইতে হইবে। স্ট্যান্ডবাই জেনারেটর হইতে সরাসরি পাওয়ার সাপ্লাই সকল সিঁড়ি ঘর, করিডোর, ফায়ার লিফট, সকল ফায়ার পাম্প, প্রেসারাইজেন ফ্যান এবং ব্লোয়ারস, স্মোক এক্সট্রাকশন ও ডেম্পার সিস্টেম এবং ফায়ার কমান্ড স্টেশনের সহিত সংযুক্ত থাকিবে এবং ভবনের স্বাভাবিক বিদ্যুৎ ব্যবস্থা বিচ্ছিন্ন হইলে সাথে সাথে বিকল্প ব্যবস্থা হিসেবে স্ট্যান্ডবাই জেনারেটর স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হইবে। ফ্লোর প্ল্যানে স্ট্যান্ডবাই জেনারেটর কক্ষ চিহ্নিত করিতে হইবে। স্ট্যান্ডবাই জেনারেটরের মেইন সুইচ গিয়ার প্যানেল থেকে উল্লিখিত সকল ডিভাইজে ইলেকট্রিক লাইন সরাসরি সেপারেট কনডুইট পাইপের মাধ্যমে টেনে সংযোগ স্থাপন করিতে হইবে। এ কক্ষে প্রয়োজনীয় সংখ্যক ভেন্টিলেশন ব্যবস্থা থাকিবে। স্মোক ডিটেক্টর ও স্প্রিংকলার, পোর্টেবল ফায়ার এক্সটিংগুইসার বিধিবদ্ধ নিয়মে স্থাপন করিতে হইবে।

(১৫) **পিএ সিস্টেম** ঃ ভবনের প্রতি তলায় প্রয়োজনীয় সংখ্যক পিএ সিস্টেমের স্পিকার স্থাপন নিশ্চিত করিতে হইবে। করিডোর, ফায়ার লিফট ও স্টেয়ার লবিতে পিএ সিস্টেম স্পিকার স্থাপন করিতে হইবে। পিএ সিস্টেম ফায়ার কমান্ড স্টেশন হইতে নিয়ন্ত্রিত হইতে হইবে। পিএ সিস্টেমের স্পিকারের অবস্থান ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(১৬) **সার্ভিস ডাক্ট** ঃ ভবনের সকল সার্ভিস ডাক্ট এর দেয়াল ন্যূনতম ৪ ঘণ্টা ফায়ার রেটেড ও সকল ওপেনিং ডোর তাপ ও ধোঁয়া মুক্ত ন্যূনতম ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে। ইলেকট্রিক ডাক্ট দিয়ে ইলেকট্রিক হাই ভোল্টেজ, মিডিয়াম হাই ভোল্টেজ ক্যাবল লাইন ছাড়া পানি, গ্যাস, টেলিফোন, ইন্টারকম বা অন্য কোনো সার্ভিস লাইন টানা যাইবে না। ইলেকট্রিক ডাক্ট হইতে প্রতি তলার সংযোগ স্থলে অগ্নি নিরোধক সামগ্রী দ্বারা ছিদ্র বন্ধ নিশ্চিত করিতে হইবে। সার্ভিস ডাক্টের অবস্থান লিজেন্ডসহ ফ্লোর প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(১৭) **রিফিউজ এরিয়া** ঃ প্রস্তাবিত ভবন সংলগ্ন আগুন, তাপ ও ধোঁয়ামুক্ত নিরাপদ এলাকা যেখানে জরুরি নির্গমন সিঁড়ির এক্সিট ডিসচার্জ ল্যান্ডিং করানো হইয়াছে এবং বহুতল ভবনের বর্ধিত অংশ বা কক্ষ যাহার ন্যূনতম ক্ষেত্রফল ১৫ বর্গ মিটার হইতে হইবে। ভবনের উচ্চতা ২০ হইতে ২৬ মিটার হইলে সেখানে একটি রিফিউজ এরিয়া থাকিতে হইবে এবং ভবনের উচ্চতা ২৬ মিটারের উর্ধ্বে হইলে প্রতি ৫ (পাঁচ) ফ্লোর অন্তর অন্তর একটি করিয়া রিফিউজ এরিয়া থাকিতে হইবে। ভবন ও প্লটের রিফিউজ এরিয়া প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(১৮) **র‌্যাম্প, ড্রাইভওয়ে ও পার্কিং স্থান** ঃ বেইজমেন্ট ও গ্রাউন্ড ফ্লোরের কার পার্কিং প্ল্যান (র‌্যাম্প, ড্রাইভওয়ে ও পার্কিং স্থান) বিল্ডিং কোড অনুযায়ী ফায়ার ফাইটিং প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(১৯) **ওয়েট কেমিক্যাল সিস্টেম** ঃ এ-৫ ভবনের রান্নাঘরের চুলার আগুন স্বয়ংক্রিয়ভাবে নির্বাপণ করিবার জন্য ওয়েট কেমিক্যাল সিস্টেম স্থাপন করিতে হইবে। লিজেন্ডসহ ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে ওয়েট কেমিক্যাল সিস্টেম চিহ্নিত করিতে হইবে।

(২০) **অটো সাপ্রেশন সিস্টেম** ঃ এ-৫ ভবনে কম্পিউটার, ল্যাব, সার্ভার কক্ষে সিওটু বা নাইট্রোজেন বা এফএম-২০০ স্বয়ংক্রিয় গ্যাসভিত্তিক ফায়ার সাপ্রেশন সিস্টেম স্থাপন করিতে হইবে। লিজেন্ডসহ গ্যাস সাপ্রেশন সিস্টেম প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(২১) **বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন** ঃ এ-১, এ-২ ও এ-৩ ভবনে বিদ্যমান অগ্নি নির্বাপক ব্যবস্থাদির অতিরিক্ত হিসেবে প্রতি ১০০ বর্গমিটার ফ্লোর এরিয়ার জন্য ৬ কেজি ধারণক্ষমতাসম্পন্ন ১টি এবিসি টাইপ ড্রাই কেমিক্যাল পাউডার ও ১টি সিওটু অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করিতে হইবে। এ-৫ ভবনের জন্য প্রতি ১০০০ বর্গফুট এরিয়ার স্থলে ৫৫০ বর্গফুট এরিয়ার জন্য একটি ৬ কেজি এবিসি টাইপ ডিসিপি ও একটি সিওটু অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করিতে হইবে। এবিসি ড্রাই কেমিক্যাল পাউডার ও সিওটু এক্সটিংগুইসারের আনুপাতিক হার হইবে ৮০ ঃ ২০। ২০ ভাগ সিওটু এক্সটিংগুইসার সাব-স্টেশন, জাংশন পয়েন্ট, মিটার বক্স এবং ইলেকট্রিক ও ইলেকট্রোনিক স্থাপনায় স্থাপন করা যাইতে পারে। ডিসিপি সকল জায়গায় স্থাপন করিতে হইবে। বেজমেন্টসহ প্রতি ফ্লোরে কোথায় কতটি অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করা হইবে তাহার সংখ্যা লিজেন্ডসহ ফ্লোর প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(২২) **মেইন প্যানেল বোর্ড ও রিপিটার প্যানেল বোর্ড (Announciator)** ঃ ভবনের বেজমেন্টসহ সকল তলায় স্থাপিত স্মোক ও হিট ডিটেক্টর, মেনুয়াল কল পয়েন্ট, এলার্ম বেল ও স্টোব, ফায়ারম্যান কলপয়েন্ট ভেন্ট ও এয়ারব্লোয়ার মেশিনের সহিত সংযুক্ত হিট ও স্মোক ডিটেক্টরের কেবল কানেকশন মেইন কন্ট্রোল প্যানেলের সহিত সংযুক্ত থাকিবে। এ-২ ও এ-৫ শ্রেণীর বহুতল ভবনের উর্ধ্বমুখী সকল তলায় রিপিটার কন্ট্রোল প্যানেল স্থাপন করিয়া সিনক্রোনাইজ করিয়া মেইন কন্ট্রোল প্যানেলের সহিত সংযোগ প্রদান করা যাইতে পারে। রিপিটার কন্ট্রোল প্যানেলের সাহায্যে প্রতি তলায় বসিয়া দেখা যাইবে কোন তলায় কোন কক্ষ বা স্থানে আগুন লাগিয়াছে। মেইন কন্ট্রোল প্যানেল ফায়ার কমান্ড স্টেশনে সংযুক্ত থাকিবে। মেইন প্যানেল বোর্ড এবং রিপিটার প্যানেল বোর্ড (Announciator) লিজেন্ডসহ ফ্লোর প্ল্যানে চিহ্নিত করিতে হইবে।

(২৩) **ফায়ার কমান্ড স্টেশন** ঃ ভবনের গ্রাউন্ড ফ্লোরে ফায়ার কমান্ড স্টেশন স্থাপন করিতে হইবে। এ কক্ষে মেইন প্যানেল বোর্ড স্থাপন করিয়া প্যানেল বোর্ড এর সহিত সকল ডিকেটকশন সিস্টেম এবং সকল রিপিটার প্যানেল বোর্ড এবং ফায়ারম্যান কানেকশন নিশ্চিত করিতে হইবে। ভবনের ফায়ার ফাইটিং প্ল্যান ফায়ার কমান্ড স্টেশনের দেয়ালে সংরক্ষণ করিতে হইবে। ইহা ছাড়া কমান্ড স্টেশনে

ইন্টারকম টেলিফোন সেট ও ল্যান্ড টেলিফোন এবং ফায়ার সার্ভিসসহ অন্যান্য জরুরি প্রতিষ্ঠানের টেলিফোন নম্বর লিখিত বোর্ড দেয়ালে সংযুক্ত থাকিবে। একজন প্রশিক্ষিত স্টাফ সার্বক্ষণিকভাবে ডিউটিতে নিয়োজিত থাকিবে। ফায়ার কমান্ড স্টেশন ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(২৪) **লাইট্নিং প্রটেকশন সিস্টেম** ঃ ভবনের বজ্র নিরোধক ব্যবস্থা স্থাপন করিতে হইবে। ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানের সহিত সেকশন এলিভেশন আলাদা শিটে দেখাইতে হইবে।

(৫৩) **এভিয়েশন লাইট** ঃ ভবন ১৫০ ফুটের উর্ধ্বে হইলে ভবনের ছাদে এভিয়েশন লাইট স্থাপন করিতে হইবে।

(২৬) **হেলিস্টোপস/হেলিপ্যাড** ঃ এ-৫ ভবন যদি ফাইভ স্টার হোটেল হিসেবে ব্যবহৃত হয় তাহা হইলে হোটেলের ছাদে হেলিস্টোপস নির্মাণ করিতে হইবে।

(২৭) **ফায়ার সেপারেশন ওয়াল** ঃ ভবনের বেইজমেন্টের ফ্লোর এরিয়া ৭৫০ বর্গ মিটার বা তদূর্ধ্ব হইলে বেইজমেন্টকে ২ ঘন্টা ফায়ার সেপারেশন ওয়াল দ্বারা বিভক্ত করিতে হইবে। ফায়ার সেপারেশন ওয়ালের দৈর্ঘ্য ৪০ মিটারের বেশি হইবে না। করিডোর ওয়াল ফায়ার সেপারেশন ওয়াল হিসেবে গণ্য হইবে এবং এ ওয়ালে ন্যূনতম আধাঘন্টা ফায়ার রেটেড এনক্লোজার দরোজা ছাড়া অন্য কোনো ওপেনিং থাকিবে না।

(২৮) **ভবন হইতে হাই ভোল্টেজ লাইন** ঃ ভবন হইতে মিডিয়াম ও হাই ভোল্টেজ বৈদ্যুতিক লাইন এর দূরত্ব ভবনের বাউন্ডারি লাইন হইতে গণ্য করিতে হইবে। ভবন হইতে ওভারহেড বৈদ্যুতিক লাইনের দূরত্ব লো ও মিডিয়াম সার্ভিস লাইনের ক্ষেত্রে খাড়া ভাবে কমপক্ষে ২.৫ মিটার এবং সমান্তরাল ভাবে ১.২৫ মিটার দূরত্বে হইতে হইবে। হাই ভোল্টেজ লাইন ৩৩ কেভি পর্যন্ত খাড়া ভাবে ৩.৫ মিটার ও সমান্তরালভাবে ১.৭৫ মিটার দূরত্বে হইতে হইবে, হাই ভোল্টেজ লাইন ৩৩ কেভির উর্ধ্বে হইলে খাড়া ভাবে ৩.৫ মিটার ও সমান্তরালভাবে ১.৭৫ মিটার দূরত্বে হইতে হইবে এবং প্রতি বর্ধিত অংশের জন্য অতিরিক্ত ০.৩ মিটার যুক্ত করিতে হইবে।

(২৯) **আলোকিত Exit sign এবং জরুরি নির্গমন সিঁড়ির লাইট** ঃ জরুরি নির্গমন সিঁড়ির উপরে আলোকিত **Exit sign** থাকিতে হইবে এবং **Exit access** বাহিরে এবং **Exit** এ কৃত্রিম আলোর ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে।

**নোট** ঃ ফ্লোর প্ল্যানে চিহ্নিত সকল অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি, স্মোক ও হিট ডিটেক্টর এলার্মিং সিস্টেম এর মেনুয়েল কল পয়েন্ট, এলার্ম বেল ও স্ট্রোব জরুরি নির্গমন সিঁড়ি, ফায়ার লিফট অটো এনক্লোজার, ফায়ার ডাম্পার, ফায়ার কমান্ড স্টেশন অগ্নি নির্বাপণ যন্ত্রসহ লিজেন্ড হিসেবে ফ্লোর প্ল্যানে চিহ্নিত সকল বিষয়ে সংখ্যা ও স্থান চিহ্নিত করিয়া সার-সংক্ষেপ ১টি আলাদা শিটে উল্লেখপূর্বক শিটটি ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানের সহিত সংযুক্ত করিয়া জমা দিতে হইবে।

ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত হইতে হইবে। ভবনের অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণের লক্ষ্যে প্রয়োজন মনে করিলে মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে উল্লিখিত বিষয়গুলি সংশোধন, পরিবর্ধন ও নূতন সংযোজনের বিষয়ে পরামর্শ ও নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সে অনুযায়ী ফ্লোর প্ল্যান জমা দিতে বাধ্য থাকিবে।

**বহুতল 'এফ' শ্রেণীর {এফ-১ (অফিস), এফ-২ (ছোট দোকান এবং বাজার), এফ-৩ (বড় দোকান এবং বাজার), এফ-৪ (গ্যারেজ এবং পেট্রোল স্টেশন), এফ-৫ (নিত্য প্রয়োজনীয় অন্যান্য সেবা), এফ-১ ও এফ-৩ মিশ্র} ভবনের অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি ঃ**

(ক) প্রস্তাবিত বহুতল 'এফ' শ্রেণীর (এফ-১ ও এফ-৩) ভবনের ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে 'এ' শ্রেণীর জন্য উল্লিখিত ব্যবস্থাসহ নিম্নলিখিত স্থায়ী অগ্নি নির্বাপণ, সতর্কীকরণ ও অন্যান্য ব্যবস্থাদি লিজেন্ডসহ প্রদর্শন বা চিহ্নিত করিতে হইবেঃ

(১) **স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থার জন্য পানি সরবরাহ সূত্র** ঃ ওয়েট রাইজার ও স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থায় কাংক্ষিত চাপে পানি সরবরাহ এবং অগ্নি নির্বাপণের কাজে অগ্নি নির্বাপক ইউনিটের ফায়ার পাম্প এর পানি ব্যবহার নিশ্চিত কল্পে ভবনের বেইজমেন্ট অথবা বেইজমেন্ট না থাকিলে গ্রাউন্ড ফ্লোরে বা বেইজমেন্ট ও গ্রাউন্ড ফ্লোরের যে কোন একটিতে ফায়ার সার্ভিস ইনলেট সুবিধাসহ ন্যূনতম ১,০০,০০০ গ্যালন ধারণক্ষমতা সম্পন্ন আন্ডার গ্রাউন্ড রিজার্ভার স্থাপনের বিষয়টি নিশ্চিত করিতে হইবে। আন্ডার গ্রাউন্ড রিজার্ভারের দুই-তৃতীয়াংশ পানি সবসময় অগ্নি নির্বাপণ কাজের জন্য সংরক্ষিত থাকিবে। রাইজার ও স্বয়ংক্রিয় স্প্রিংকলার ব্যবস্থায় বিকল্প পানি সরবরাহ সূত্র হিসেবে ভবনের ছাদে ন্যূনতম ৪০,০০০ গ্যালন ধারণক্ষমতা সম্পন্ন ওভারহেড ট্যাংক নির্মাণ করিতে হইবে। এই ট্যাংক এর সহিত ওয়েট রাইজার ও স্প্রিংকলার এর পানি সরবরাহের মেইন স্ট্যান্ড পাইপ এর সহিত ১টি নন-রিটার্নিং ভাল্ব ও কন্ট্রোল লিভার এর সাহায্যে সংযোগ স্থাপন করিতে হইবে। ওভারহেড ট্যাংক এর ৫০% পানি সব সময় অগ্নি নির্বাপণ কাজের জন্য সংরক্ষিত থাকিবে। ওয়েট রাইজারের মেইন স্ট্যান্ড পাইপ এর পানি প্রবাহের সর্বোচ্চ চাপ ২০ বার এর বেশি হইবে না। ভবনের উচ্চতা ও ফ্লোর এরিয়া অনুযায়ী পাম্পের মিটার হেড এর বিষয়টি নিশ্চিত করিতে হইবে। ভবনের উচ্চতা ১৫ তলার উর্ধ্বে হইলে প্রতি ২৬ মিটার উচ্চতার পর একটি রিলে পাম্প ও ইন্টার মিডিয়েট রিজার্ভার স্থাপন করিতে হইবে। রাইজার ও স্প্রিংকলার সিস্টেমের মেইন স্ট্যান্ড পাইপের টপডেড সেন্টারে সার্বক্ষণিক পানি প্রবাহের চাপ কোনক্রমেই ৬-৭ বার এর নিচে থাকিবে না। ভবনটি এফ-১ শ্রেণীর বহুতল অফিস ও এফ-৩ শ্রেণীর ৩০০ বর্গ মিটারের অধিক ফ্লোর এরিয়া বিশিষ্ট বহুতল ডিপার্টমেন্টাল সুপার মার্কেট হইলে সে ক্ষেত্রে আন্ডারগ্রাউন্ড রিজারর্ভারের ন্যূনতম ধারণক্ষমতা হইবে ১,৫০,০০০ গ্যালন এবং ওভারহেড ট্যাংকের ধারণক্ষমতা হইবে ৫০,০০০ গ্যালন। অগ্নি নির্বাপণের সময় ভবনের স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি হইতে যে পরিমাণ পানি খরচ হইবে সমপরিমাণ পানি আন্ডারগ্রাউন্ড রিজার্ভারে পুনঃ ভর্তিকরণের জন্য ব্যবস্থা থাকিতে হইবে। আন্ডারগ্রাউন্ড রিজার্ভার পর্যন্ত যাহাতে অগ্নি নির্বাপক ইউনিটের টোয়িং ভেহিক্যাল পৌছাইতে পারে সেই জন্য আন্ডারগ্রাউন্ড রিজার্ভার পর্যন্ত ড্রাইভওয়ে সম্প্রসারিত হইবে। আন্ডারগ্রাউন্ড রিজার্ভার ও ওভারহেড ট্যাংকের অবস্থান ও ধারণক্ষমতাসহ ফ্লোর প্ল্যানে লিজেন্ডসহ চিহ্নিত করিতে হইবে।

(২) **বিকল্প সিঁড়ি** ঃ ভবনে জরুরি নির্গমন সিঁড়ির অনুরূপ সংখ্যক বিকল্প সিঁড়ি থাকিতে হইবে। ভবনের বিকল্প সিঁড়ি বেইজমেন্ট পর্যন্ত সম্প্রসারিত হইবে না। বিকল্প সিঁড়ির প্রতি ফ্লাইটের প্রশস্ততা এফ-১ ভবনের ক্ষেত্রে ১.৫ মিটার এবং এফ-৩ ভবনের ক্ষেত্রে ২ মিটার হইতে হইবে। প্রতিটি ফ্লাইটের ল্যান্ডিং এরিয়া এবং ২ ফ্লাইটের মধ্যবর্তী ল্যান্ডিং এরিয়ার প্রশস্ততা প্রতিটি ফ্লাইটের প্রশস্ততার কম হইবে না। বিকল্প সিঁড়ি অটো এনক্লোজার টাইপের হইতে হইবে। ভবনের উচ্চতা ১৫ তলার উর্ধ্বে হইলে সকল বিকল্প সিঁড়ি ন্যূনতম ১ ঘন্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার টাইপ ডোর দ্বারা নির্মিত হইবে এবং সিঁড়ির দেয়াল ন্যূনতম ২ ঘন্টা ফায়ার রেটেড হইতে হইবে। সিঁড়িতে আপৎকালীন সময়ে পজিটিভ এয়ার প্রেসার সৃষ্টির জন্য জরুরি নির্গমন সিঁড়ির অনুরূপ ব্যবস্থা স্থাপন নিশ্চিত করিতে হইবে। তবে এই সিঁড়ি সর্বসাধারণের ব্যবহারের জন্য সব সময়ে উন্মুক্ত থাকিবে। বেইজমেন্ট হইতে গ্রাউন্ড ফ্লোরে উঠার জন্য ন্যূনতম ১টি সিঁড়ি থাকিতে হইবে। এই সিঁড়ির গ্রাউন্ড ফ্লোরে ডিসচার্জ ল্যান্ডিং এমন জায়গায় হইতে হইবে যেন বেইজমেন্টে সৃষ্টি অগ্নিকান্ডের তাপ ও ধোঁয়া এই সিঁড়ি দিয়ে গ্রাউন্ড ফ্লোরে উঠিয়া অন্য কোনো তলায় বিস্তার লাভ করিতে না পারে। এ সিঁড়ির বেইজমেন্টের ল্যান্ডিং এরিয়া সেফটিলবি, তাপ ও ধোঁয়ামুক্ত কমপক্ষে ২ ঘন্টা ফায়ার রেটেড অটো এনক্লোজার ডোর দ্বারা সুরক্ষিত হইতে হইবে। বেইজমেন্টে ট্রাভেল ডিসটেন্ট ২০ মিটারের বেশি হইলে অতিরিক্ত আরও একটি সিঁড়ি স্থাপন নিশ্চিত করিতে হইবে।

## শিল্প কলকারখানার অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি ('জি'-শ্রেণী)

প্রস্তাবিত বহুতল 'জি' শ্রেণীর ভবনের ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে 'এ' শ্রেণীর জন্য উল্লিখিত ব্যবস্থাসহ নিম্নলিখিত স্থায়ী অগ্নি নির্বাপণ, সতর্কীকরণ ও অন্যান্য ব্যবস্থাদি লিজেন্ডসহ প্রদর্শন বা চিহ্নিত করিতে হইবে, যথাঃ—

১। **রাস্তার প্রশস্ততা** ঃ শিল্প কারখানার সম্মুখস্থ প্রধান সড়কের প্রশস্ততা ন্যূনতম ১৫ মিটার হইতে হইবে। একই প্লটে পাশাপাশি একাধিক মালগুদাম বা কারখানা থাকিলে উহাদের সম্মুখস্থ অভ্যন্তরীণ রাস্তার প্রশস্ততা ন্যূনতম ৯ মিটার হইতে হইবে।

২। **হাইড্রেন্ট স্থাপন** ঃ মিল কারখানার নিজস্ব ফায়ার হাইড্রেন্ট ব্যবস্থা থাকিতে হইবে। ফায়ার হাইড্রেন্টের জন্য ন্যূনতম ২ লক্ষ গ্যালন ধারণক্ষমতা সম্পন্ন জলাধার এবং হাইড্রেন্টে পানি সরবরাহ নিশ্চিত করিবার জন্য জলাধারের পাশে পাম্প হাউজ স্থাপন করিতে হইবে। পাম্প হাউজে ৫০০ জিপিএম ক্ষমতাসম্পন্ন ১টি মেইন পাম্প, ১টি স্ট্যান্ডবাই ডিজেল পাম্প ও ১টি জকি পাম্প স্থাপন করিতে হইবে। পাম্প সার্বক্ষণিক চালু রাখিবার জন্য পাম্প হাউজে ইমার্জেন্সি বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে। হাইড্রেন্ট চালু অবস্থায় যাতে পর্যাপ্ত পানি সরবরাহ পায় তাহা নিশ্চিতকরনের জন্য জলাধার পুনঃ ভর্তিকরণ ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে। ভবন থেকে ন্যূনতম ৫ মিটার দূরত্বে প্রতি ১০০ ফিট/৩৩ মিটার পরপর হাইড্রেন্ট পয়েন্ট স্থাপন করিতে হইবে। প্রতিটি হাইড্রেন্ট পয়েন্টের

পাশে হোজ বক্স স্থাপন করিয়া হোজ বক্সে ৭৫ ফিট/২২ মিটার দীর্ঘ আড়াই ইঞ্চি ডায়া ডেলিভারি হোজ ও ৩/৪ ইঞ্চি ডায়া বিশিষ্ট নজেলের ১টি অর্ডিনারি ব্রাঞ্চ পাইপ ও ১টি ডিফিউজার নজেল সংরক্ষণ করিতে হইবে। হোজ বক্সটি এমএস সিট দ্বারা তৈরি হইবে এবং এই বক্সের রং হইবে লাল এবং সম্মুখভাগে সাদা অক্ষরে লেখা থাকিবে ফায়ার হাইড্রেন্ট বক্স বা সংক্ষেপে লেখা থাকিবে F.S. বক্স। হাইড্রেন্টের পাম্প হাউজে সার্বক্ষণিকভাবে পাম্প ড্রাইভার নিয়োজিত রাখিতে হইবে। প্রতিটি হাইড্রেন্ট পয়েন্টে পানি প্রবাহের ন্যূনতম চাপ হইবে ৫ বার। হাইড্রেন্ট শিল্প কারখানায় এমনভাবে স্থাপন করিতে হইবে যেন সকল মালগুদাম বা কারখানা, অফিস ও অন্যান্য স্থাপনা ফায়ার হাইড্রেন্টের আওতায় আসে।

৩। **বয়লার কক্ষ ঃ** বয়লার কক্ষ ওয়ার্কশপ সংলগ্ন হইলে বয়লার কক্ষের দেয়াল কমপক্ষে ৪ ঘন্টা ফায়ার রেটেড এবং দরোজা ২ ঘণ্টা ফায়ার রেটেড হইতে হইবে। বয়লার কক্ষে হাইপ্রেশার ওয়াটার স্প্রে প্রজেক্টর হেড স্থাপন করিতে হইবে।

৪। **অটো ভেন্ট স্থাপন ঃ** ওয়ার্কশপ ও ওয়্যার হাউজ ভবনে আগুনে সৃষ্ট তাপ ও ধোঁয়া দ্রুত বাহির করিবার জন্য অটো ভেন্ট স্থাপন করিতে হইবে। যে সকল কারখানা ও গুদামে রক্ষিত দাহ্যশীল পদার্থ অপেক্ষাকৃত কম বিপজ্জনক (LOW HAZARDS) সে সকল কারখানা ও গুদামের দরোজা স্থাপনেরও আনুপাতিক হার ১ঃ১০০ তবে ভেন্ট এর ওপেনিং এমন ভাবে স্থাপন করিতে হইবে তা যেন প্রতি ৩০ মিঃ এর মাঝামাঝি স্থানে স্থাপিত হয়। অপেক্ষাকৃত বেশি দাহ্যশীল পদার্থের ক্ষেত্রে এ হার ১ঃ৭৫ এবং ভেন্টের ওপেনিং প্রতি ২০ মিটারের মাঝে (সেন্টারে) স্থাপিত হইতে হইবে।

৫। **জরুরি নির্গমন সিঁড়ি ও পথ ঃ** অতি দাহ্যশীল বিপজ্জনক পদার্থ প্রক্রিয়াকরণ শিল্প কলকারখানার ওয়ার্কশপ ও ওয়্যার হাউজের ক্ষেত্রে জরুরি নির্গমন সিঁড়ি ও পথ এবং ট্রাভেল ডিসট্যান্স অন্যান্য শিল্প কারখানার অনুরূপ হইবে। তবে ওয়ার্কশপ ও ওয়্যার হাউজ-এর মধ্যে ২ ঘণ্টা অগ্নি প্রতিরোধক সেপারেটেড দেয়াল থাকিতে হইবে।

৬। **ভেন্টিলেশন স্থাপন ঃ** ওয়ার্কশপ ও ওয়্যার হাউজে ফ্লোর এরিয়া ন্যূনতম ২০% ভেন্টিলেশন স্থাপনেরও ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে। প্রতিটি ওয়ার্কশপের অভ্যন্তরে কারখানা আইন অনুযায়ী যথাযথ কারিগর ও চলাচলের পথ নিশ্চিত করিতে হইবে।

৭। **মোবাইল ফায়ার ইঞ্জিনসহ অগ্নি নির্বাপক দল ঃ** শিল্প কারখানায় একাধিক ওয়ার্কশপ ও ওয়্যার হাউজ থাকিলে মোবাইল ফায়ার ইঞ্জিনসহ অগ্নি নির্বাপক দল নিয়োজিত রাখিতে হইবে। অগ্নি নির্বাপক দলে অধিদপ্তর হইতে বুনিয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত ন্যূনতম লিডার পদমর্যাদার অবসরপ্রাপ্ত কর্মকর্তা দলপতি হিসেবে দায়িত্ব পালন করিবেন।

৮। **জলাধার ব্যবহার ঃ** অগ্নি নির্বাপক ইউনিটের অগ্নি নির্বাপক গাড়ি-পাম্প যাহাতে সহজে জলাধারের কাছে পৌঁছাতে পারে এবং জলাধারে সহজে পাম্প ফিট করিয়া অগ্নি নির্বাপণ কাজ শুরু করিতে পারে সে ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে।

৯। **ফায়ার এক্সটিংগুইসার ঃ** ওয়্যার হাউজ ও ওয়ার্কশপে প্রতি ৫০০ বর্গফুটের জন্য ১টি ন্যূনতম ৫ কেজি ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার/৫ কেজি কার্বন ডাই অক্সাইড অগ্নি নির্বাপক যন্ত্র/৯ লিটার ধারণক্ষমতা সম্পন্ন ওয়াটার টাইপ এক্সটিংগুইসার স্থাপন করিতে হইবে। তবে ওয়্যার হাউজ/ওয়ার্কশপ লাইসেন্সে যেরূপভাবে যে ধরনের এক্সটিংগুইসার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হইবে সেরূপ ভাবে স্থাপন নিশ্চিত করিতে হইবে।

১০। **প্রশাসনিক অফিস ঃ** শিল্প কারখানার যে সকল ফ্লোর ওয়্যার হাউজ বা ওয়ার্কশপ হিসেবে ব্যবহৃত হইবে সে সকল তলায় প্রশাসনিক অফিস স্থাপন করা যাইবে না। প্রশাসনিক ভবন বাণিজ্যিক ভবন হিসেবে চিহ্নিত হইবে এবং ইহার জন্য ফায়ার লাইসেন্স গ্রহণ ও অগ্নি নির্বাপক ব্যবস্থাদি শিল্প কারখানার অন্যান্য ভবনাদির ন্যায় একই ধরনের  হইতে হইবে। শিল্প কারখানার কাঁচামাল হিসেবে ব্যবহৃত দাহ্যশীল কেমিক্যালস নির্ধারিত তাপমাত্রা নিয়ন্ত্রণ করিয়া আলাদা আলাদা কক্ষে সংরক্ষণ করিতে হইবে। ইহা ছাড়া যে সকল কাঁচামাল অক্সিডাইজিং এজেন্ট শ্রেণীর সে সকল কাঁচামাল পৃথক পৃথকভাবে নির্ধারিত তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে।

১১। **অন্যান্য ঃ** উপরোল্লিখিত বিষয়াবলি ছাড়াও মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজন মনে করিলে আরো যে কোন বিষয় ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে অন্তর্ভুক্ত ও বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

১২। ভেন্ট শিল্প কলকারখানার প্রশাসনিক ভবনে সেন্ট্রাল এয়ার কন্ডিশন সিস্টেম স্থাপন করা থাকিলে সে ক্ষেত্রে এয়ার রিটার্ন ডাক্ট হইতে যাহাতে অগ্নিকাণ্ডে সৃষ্ট তাপ ও ধোঁয়া অন্য কোন কক্ষে বা তলায় ছড়াইতে না পারে তার জন্য এয়ার রিটার্ন ডাক্টের প্রত্যেক তলা ও কক্ষের এন্ট্রিতে অটো ডাম্পার স্থাপন নিশ্চিত করিতে হইবে।

১৩। শিল্প কারখানার গুদাম হিসাবে ব্যবহৃত ভবনের অভ্যন্তরে মালামাল সংরক্ষণের জন্য নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করিতে হইবে, যথা ঃ—

(ক) দেয়াল থেকে আড়াই ফিট দূরে মালামাল সংরক্ষণ করিতে হইবে;

(খ) মালামাল কাঠের পাটাতন এবং র‍্যাকে সংরক্ষণ করিতে হইবে;

(গ) উভয় পাটাতন ও র‍্যাকের মাঝখানে গ্যাংওয়ে থাকিবে এবং গ্যাংওয়ের প্রশস্ততা হইবে ন্যূনতম ৭ ফিট;

(ঘ) অক্সিডাইজিং, অতি দাহ্যশীল এবং বিপজ্জন দাহ্যশীল পদার্থ ও রাসায়নিক দ্রব্যসমূহ প্রতিটি পৃথক পৃথক কক্ষে নির্ধারিত তাপমাত্রায় সংরক্ষণ করিতে হইবে এবং প্রতিটি কক্ষে বিধি অনুযায়ী ভেন্টের ওপেনিং স্থাপন ও পর্যাপ্ত ভেন্টিলেশন ব্যবস্থা থাকিতে হইবে;

(ঙ) গুদামে সংরক্ষিত মালামালের স্তুপ বা স্টক এর উচ্চতা ছাদ হইতে ন্যূনতম ৩ ফিট নিচে থাকিবে;

(চ) গুদামের অভ্যন্তরে মেইন ওপেনিংয়ে বা প্রবেশদ্বারের নিকটবর্তী ২০×২০ বর্গফুট জায়গা খালি রাখিতে হইবে;

(ছ) প্রতিটি গুদামের বাহিরে মালামাল অস্থায়ী সংরক্ষণের জন্য পর্যাপ্ত জায়গা থাকিতে হইবে;

(জ) গুদামের কোন অংশ অফিস, মালামাল যাচাই কক্ষ হিসেবে ব্যবহার করা যাইবে না;

(ঝ) গুদামের অভ্যন্তরে স্প্লিট বা উইন্ডো এসি সংযুক্ত করা যাইবে না।

১৪। কোন শিল্প কারখানায় বেইজমেন্ট থাকিলে বেইজমেন্ট কার পার্কিং ও সেবা সার্ভিসসমূহের জন্য ব্যবহার করা যাইবে। কোন মালামাল সংরক্ষণের জন্য বেইজমেন্ট ব্যবহার করা যাইবে না। বেইজমেন্টে কার পার্কিং ও ড্রাইভওয়ে ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে অন্তর্ভুক্তি নিশ্চিত করিতে হইবে।

**চতুর্দশ তফসিল**

**[বিধি ১৯(১) দ্রষ্টব্য]**

**বহুতল বা বাণিজ্যিক ভবনের ছাড়পত্রের আবেদন ফরম**

প্রতি ঃ মহাপরিচালক
অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

বিষয় ঃ **বহুতল বা বাণিজ্যিক ভবনের ছাড়পত্রের জন্য আবেদন।**

১। আবেদনকারীর নাম ঃ ................................ ঠিকনা ঃ.....................................

....................................... টেলিফোন/ মোবাইল ঃ .......................................

ফ্যাক্স নং ..................................... ই মেইল নং ........................................

২। প্রস্তাবিত ভূমি বা প্লটের মালিকের নাম ঃ ......................................................

ঠিকানা ঃ ..........................................................................................

৩। প্রস্তাবিত ভূমি বা প্লটের অবস্থান ও পরিমাণ ঃ

সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ ঃ ...................... মৌজা নং ..............

সিএস/আরএস দাগ নং .................... ব্লক/ সেকশন নং ................................

প্লট নং ............ হোল্ডিং নং ............ জমির পরিমাণ ......... থানা/উপজেলা ঃ...........

জেলা ঃ ..............

ভূমি বা প্লটের বিদ্যমান ঘরবাড়ি বা অবকাঠামোর বিবরণ ঃ ..................................

প্লট সংলগ্ন প্রধান রাস্তার নাম ঃ ............................ প্রশস্থতা .................... মিঃ

প্লটের সংযোগ সড়কের দৈর্ঘ্য .................. মিঃ, প্রস্থ ................ মিঃ। প্লটের অভ্যন্তরের প্রস্তাবিত রাস্তার দৈর্ঘ্যঃ............... মিঃ, প্রশস্থতা (টার্নিং সার্কেলসহ) .............. মিঃ।

ভূমি বা প্লটের চার পাশের বর্ণনা ঃ

.............................................................................................

৪। প্রস্তাবিত প্লট ও ভবনের বিস্তারিত বিবরণ ঃ

ভবনের ব্যবহারের শ্রেণী ঃ .................... ভবনের উচ্চতা ঃ ................. মিঃ, ফ্লোরের সংখ্যা ঃ ..............টি, বেইজমেন্ট ফ্লোরের সংখ্যা ঃ ............... টি, মেজনাইন ফ্লোরের সংখ্যা ঃ ............... টি, প্রতিটি ফ্লোরের আয়তন ঃ ................ বর্গ মিঃ, প্রতিটি মেজনাইন ফ্লোরের আয়তন ঃ ................ বর্গ মিঃ, বেইজমেন্ট ফ্লোরের আয়তন ঃ ................ বর্গ মিঃ, সর্বমোট সকল ফ্লোরের আয়তন ঃ ................ বর্গ মিঃ।

৫। আবাসিক ভবনের ক্ষেত্রে মোট আবাস/এ্যাপার্টমেন্ট ও ফ্ল্যাটের সংখ্যা ঃ .............. টি।

৬। মিশ্র শ্রেণীর ব্যবহারের ক্ষেত্রে প্রতিটি ব্যবহার শ্রেণী কর্তৃক যে সকল ফ্লোর ব্যবহার করা হইবে তাহার বর্ণনা ঃ ..........................................................................................

৭। প্রস্তাবিত প্লটের উপর বৈদ্যুতিক হাই ভোল্টেজ লাইন আছে কিনা এবং প্লট থেকে হাই ভোল্টেজ লাইনের দূরত্ব আনুভূমিক ও উল্লম্ব ঃ ....................................

৮। নির্মাণ কাজের সহিত সংশ্লিষ্ট স্থপতি ও প্রকৌশলীর নাম ও ঠিকানা এবং নিবন্ধন নম্বর ঃ

(ক) ..........................................................................................

আইএবি নং ..............................

(খ) ..........................................................................................

আইইবি নং .....................................

৯। আবেদনপত্রের সহিত দাখিলকৃত নকশা ও দলিল পত্রের বিবরণ ঃ

(ক) স্বত্বাধিকারীর ইজারা বা ক্রয় বা হেবা বা অন্যান্য দলিল এর ফটোকপি ঃ ..... ০২ কপি।

(খ) ভূমি বা প্লট সরকার কর্তৃক বরাদ্দকৃত হইলে উহার দলিলাদি ও অনুমতিপত্রের সত্যায়িত ফটোকপি ঃ ..... ০২ কপি।

(গ) জমির হালনাগাদ খাজনা আদায়ের রসিদের (দাখিলা) সত্যায়িত ফটোকপি ঃ ..... ০২ কপি।

(ঘ) আমমোক্তারনামার সত্যায়িত ফটোকপি ঃ ..... ০২ কপি।

(ঙ) সাইট প্ল্যান ঃ ..... ০২ কপি।

(চ) লে আউট প্ল্যান ঃ ..... ০২ কপি।

(ছ) ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান [ফ্লোর ভিত্তিক নকশা (এ-২/এ-৩ সাইজের)] ..... ০৪ কপি।

(জ) প্রদত্ত ফি এর প্রমাণপত্রের মূল কপি

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, উপরোল্লিখিত তথ্যসমূহ অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ অনুযায়ী যথাযথভাবে পূরণ করিয়াছি এবং আমি/আমাদের জ্ঞান অনুযায়ী প্রদত্ত তথ্যাবলী সঠিক। আবেদন অনুমোদিত হইবার পর কোন ভুল তথ্য বা অন্য কোন অসামঞ্জস্যের কারণে অথবা সরকারের যে কোন প্রয়োজনে মহাপরিচালক এই ছাড়পত্র বাতিল করিতে পারিবেন। তা ছাড়া এই বিধিমালার অধীন অন্য যে কোন তথ্য বা দলিলাদি প্রদানে বাধ্য থাকিব।

তারিখ ঃ .....................

আবেদনকারীর স্বাক্ষর ....................................

নাম ( )

ঠিকানা ...........................................

**পঞ্চদশ তফসিল**
**[বিধি ১৯(৫) দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- এফএস ও সিডি/অগ্নি/ .......................................... তারিখ ঃ ....................

প্রতি ঃ ..............................
..............................
.................................

বিষয় ঃ **ছাড়পত্রের জন্য আবেদন পত্রের ত্রুটি বিচ্যুতি অবহিতকরণ ও সংশোধন প্রসংগে।**

সূত্র ঃ ..........................................................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আপনার/আপনাদের ............ তারিখের দাখিলকৃত আবেদনপত্রে উল্লিখিত তথ্যাবলী/সংযুক্ত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান পর্যালোচনা করিয়া নিম্নবর্ণিত ত্রুটির কারণে আবেদনপত্রটি অনুমোদন করা যাইতেছে না।

নিম্নলিখিত ত্রুটিসমূহ আগামী ৩০ দিনের মধ্যে সংশোধন করিয়া চতুর্দশ তফসিলে উল্লিখিত ফরমে পুনরায় দাখিল করিবার জন্য অনুরোধ করা হইল। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পুনঃদাখিলে ব্যর্থ হইলে ছাড়পত্রের জন্য আবেদন নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

**প্রস্তাবিত জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ .......... (খ) সিএস/আরএস দাগ নং --------
(গ) মৌজা -------------------------------- (ঘ) থানা/উপজেলার নাম ----------
(ঙ) ব্লক নং -------------------------------- (চ) সিট নং ---------------------
(ছ) ওয়ার্ড নং ------------------------------ (জ) সেক্টর নং --------------------
(ঝ) রাস্তার নাম /নম্বর ------------------------ (ঞ) জমির পরিমাণ ---------------

**ত্রুটিসমূহ ঃ-**

১। ------------------------------------------------------------------------------------
২। ----------------------------------------------------------------------------------
৩। ------------------------------------------------------------------------------------
৪। ---------------------------------------------------------------------------------

**পরিচালক (প্রশাসন ও অর্থ)**

স্মারক নং /এফএসওসিডি/অগ্নি./-------------------- তারিখ ঃ ---------------------

**অনুলিপি ঃ**

১। ------------------------------------
২। -------------------------------------
৩। -------------------------------------
৪। -------------------------------------

**ষোড়শ তফসিল**
**[বিধি ১৯এর উপ-বিধি (৪) ও ৭ দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং- এফএস ও সিডি/অগ্নি/ .......................................... তারিখ ঃ ....................

প্রতি ঃ .............................
..............................
.................................

বিষয় ঃ **বহুতল বা বাণিজ্যিক ভবন নির্মাণের জন্য ছাড়পত্র প্রদান প্রসংগে।**

সূত্র ঃ .......................................................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার/আপনাদের ................ তারিখের ছাড়পত্রের আবেদন বিবেচনাকরত নিম্ন তফসিলভুক্ত জমি বা প্লটে প্রস্তাবিত .................. তলা বিশিষ্ট ................... শ্রেণীর ভবন নির্মাণের জন্য দাখিলকৃত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ অনুযায়ী সঠিক হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত পালন সাপেক্ষে ভবন নির্মাণের জন্য ছাড়পত্র প্রদান করা হইল। অনুমোদিত ফ্লোর প্ল্যানের প্রতিস্বাক্ষরকৃত ০১টি কপি এই ছাড়পত্রের সাথে প্রেরণ করা হইল। প্রাপ্তি স্বীকারপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

**শর্তসমূহ ঃ**

১। অনুমোদিত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান ও ছাড়পত্র প্রাপ্তির অনূর্ধ্ব ৩৬ মাসের মধ্যে নির্মাণকাজ সমাপ্ত করিতে হইবে। বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণকাজের জন্য বর্ধিত সময়ের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে বর্ধিত সময়ের আবেদন বিবেচনা করা হইবে না। এবং ছাড়পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২। প্রস্তাবিত ভবনের নির্মাণকাজ শুরু করিবার ১৫(পনের) দিনের মধ্যে লিখিতভাবে অধিদপ্তরকে অবহিত করিতে হইবে এবং ভবন নির্মাণকালীন সময়ে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নির্মাণাধীন ভবন পরিদর্শন করিতে পারিবেন এবং পরিদর্শনকালে প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতি সংশোধন করিতে ভবন নির্মাণকারী কর্তৃপক্ষ বাধ্য থাকিবেন।

৩। মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন ছাড়া অনুমোদিত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানের কোন প্রকার সংশোধন, সংযোজন ও পরিবর্তন করিয়া ভবনের নির্মাণকাজ সম্পন্ন করা যাইবে না। মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন ছাড়া এ ধরনের কোন কাজ করা হইলে ছাড়পত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং অধিদপ্তর সংশ্লিষ্ট নির্মাণকারী সংস্থা বা আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৪। এই ছাড়পত্র প্রদানের পর পরবর্তী সময়ে অতিরিক্ত আবশ্যিক বিষয়সমূহ বা শর্তাবলী আরোপের ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে।

৫। ছাড়পত্রের কোন শর্ত ভংগ কিংবা অনুমোদিত ফ্লোর প্ল্যান বা আবেদনকারী কর্তৃক অন্যান্য দলিল ও তথ্যাদিতে উদ্দেশ্যমূলকভাবে ভুল তথ্য উপস্থাপন বা গোপন করিলে ছাড়পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৬। ভবনটির নির্মাণকাজ শেষ হওয়ার অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে লিখিতভাবে অধিদপ্তরকে অবহিত করাসহ বসবাসযোগ্য সনদ (Occupancy Certificate) এর জন্য আবেদন করিতে হইবে।

**প্রস্তাবিত জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ .......... (খ) সিএস/আরএস দাগ নং --------

(গ) মৌজা -------------------------------- (ঘ) থানা/উপজেলার নাম ----------

(ঙ) ব্লক নং -------------------------------- (চ) সিট নং ---------------------

(ছ) ওয়ার্ড নং ------------------------------ (জ) সেক্টর নং -------------------

(ঝ) রাস্তার নাম /নম্বর ------------------------ (ঞ) জমির পরিমাণ ---------------

**পরিচালক (প্রশাসন ও অর্থ)**

স্মারক নং /এফএসওসিডি/অগ্নি./------------------- তারিখ ঃ ---------------------

**অনুলিপি ঃ**

১। -----------------------------------

২। ------------------------------------

৩। ------------------------------------

৪। ------------------------------------

**সপ্তদশ তফসিল**

**[ বিধি ১৯ এর উপ-বিধি (৬) দ্রষ্টব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর**

**কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।**

স্মারক নং-এফএস ও সিডি/অগ্নি/..................... তারিখ ঃ ........................

প্রতি ঃ ..............................

..............................

..............................

**বিষয় ঃ ছাড়পত্রের আবেদন নামঞ্জুর প্রসংগে।**

সূত্র ঃ ..............................................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আপনার/আপনাদের ---------- তারিখে দাখিলকৃত ফায়ার ফাইটিং ফ্লোর প্লানসহ ছাড়পত্রের আবেদনপত্র পরীক্ষা ও পর্যালোচনায় বিধিসম্মত না হওয়ায় ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানসহ অন্যান্য ক্রটিসমূহ পঞ্চদশ তফসিলে উল্লিখিত ফরমে নির্ধারিত সময়ের মধ্যে সংশোধন করিয়া পুনরায় আবেদনপত্র জমা দিতে অনুরোধ করা হয়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে সংশোধিত আবেদনপত্র দাখিল না করায়/পুনঃ দাখিলকৃত আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলপত্র ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যানে নিম্ন লিখিত ক্রটির কারণে প্রস্তাবিত ভবন নির্মাণের জন্য ছাড়পত্রের আবেদন নামঞ্জুর করা হইল।

**প্রস্তাবিত জমি/প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ .......... (খ) সিএস/আরএস দাগ নং --------

(গ) মৌজা -------------------------------- (ঘ) থানা/উপজেলার নাম ----------

(ঙ) ব্লক নং -------------------------------- (চ) সিট নং ---------------------

(ছ) ওয়ার্ড নং ------------------------------ (জ) সেক্টর নং --------------------

(ঝ) রাস্তার নাম /নম্বর ------------------------ (ঞ) জমির পরিমাণ ---------------

**ক্রটিসমূহ ঃ—**

১। ----------------------------------------------------------------------------------------

২। ----------------------------------------------------------------------------------------

৩। ----------------------------------------------------------------------------------------

৪। ------------------------------------------------------------------------------------- -------

৫। ----------------------------------------------------------------------------------------

৬। ---------------------------------------------------------------------------------------

এই আদেশের বিষয়ে আপনি/আপনারা সরকার এর নিকট আপিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

**পরিচালক (প্রশাসন ও অর্থ)**

স্মারক নং/এফএসওসিডি/অগ্নি-------------------- তারিখ ঃ ---------------------

**অনুলিপি ঃ**

১। ---------------------------------------

২। --------------------------------------

**অষ্টদশ তফসিল**

**[ বিধি ১৯ এর উপ-বিধি (৮) দ্রষ্টব্য ]**

প্রতি ঃ মাননীয় সচিব,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় ঃ ছাড়পত্রের আবেদন নামঞ্জুর আদেশের বিরুদ্ধে আপিল আবেদন প্রসংগে।**

**সূত্র ঃ ..............................................................................**

জনাব/মহাত্মন,

আমি/আমরা নিম্ন তফসিলভুক্ত জমি বা প্লটে ..................... তলাবিশিষ্ট বহুতল আবাসিক/ বাণিজ্যিক/বিশেষায়িত/অন্যান্য শ্রেণীর ভবন নির্মাণের উদ্দেশ্যে ছাড়পত্রের জন্য মহাপরিচালকের নিকট নির্ধারিত ফরমে আবেদনপত্র ও তৎসহ ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান এবং প্রয়োজনীয় দলিলপত্র জমা প্রদান করি। মহাপরিচালক আমার/আমাদের আবেদন নামঞ্জুর করায় মহোদয় বরাবর আপিল আবেদন করছি।

**প্রস্তাবিত জমি/প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ .......... (খ) সিএস/আরএস দাগ নং ---------

(গ) মৌজা -------------------------------- (ঘ) থানা/উপজেলার নাম ----------

(ঙ) ব্লক নং -------------------------------- (চ) সিট নং ---------------------

(ছ) ওয়ার্ড নং ------------------------------ (জ) সেক্টর নং --------------------

(ঝ) রাস্তার নাম /নম্বর ------------------------ (ঞ) জমির পরিমাণ ---------------

**আপিল নিম্নলিখিত কারণে আমলযোগ্য (আপিলের গ্রাউন্ড) ঃ**

১। ------------------------------------------------------------------------------------
২। ------------------------------------------------------------------------------------
৩। ------------------------------------------------------------------------------------
৪। ------------------------------------------------------------------------------------

অনুগ্রহপূর্বক উল্লিখিত কারণে আপীল বিবেচনাকরতঃ আমার/আমাদের অনুকূলে প্রস্তাবিত ভবনের ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান অনুমোদন ও ছাড়পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করিতেছি।

আবেদনকারীর স্বাক্ষর ----------------
নাম ঃ -----------------------------
ঠিকানা ঃ ---------------------------

**সংযুক্তি ঃ**

১। ------------------------------------
২। -------------------------------------
৩। -------------------------------------

**ঊনবিংশ তফসিল**

**[বিধি ১৯ এর উপ-বিধি (৯) দ্রষ্টব্য ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

স্মারক নং স্বরাষ্ট্র/অগ্নি শাখা/ ..................... তারিখ ঃ ........................

বিষয় ঃ **ছাড়পত্রের আবেদন নামঞ্জুর আদেশের বিরুদ্ধে দায়েরকৃত আপীল সম্পর্কে সিদ্ধান্ত প্রদান প্রসংগে।**

সূত্র ঃ ..............................................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনাকে/আপনাদেরকে এই মর্মে অবগত করা যাইতেছে যে, আপনার/আপনারদের দায়েরকৃত আপীল আইন ও বিধি অনুযায়ী যুক্তিসংগত/যুক্তিসংগত নয় বিধায় আপনার/আপনাদের দায়েরকৃত আপিল মঞ্জুর করা হইল/ইইল না।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এই আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হইল।

**প্রস্তাবিত জমি বা প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/ পৌরসভা/ইউনিয়ন পরিষদ ........... (খ) সিএস/আরএস দাগ নং ------

(গ) মৌজা -------------------------------- (ঘ) থানা/উপজেলার নাম ----------

(ঙ) ব্লক নং -------------------------------- (চ) সিট নং -----------------

(ছ) ওয়ার্ড নং ------------------------------ (জ) সেক্টর নং ----------------

(ঝ) রাস্তার নাম /নম্বর ------------------------ (ঞ) জমির পরিমাণ -------------

**প্রতি ঃ** -------------------------------------------

-------------------------------------------

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিনিয়র সহকারী সচিব (অগ্নি)।

**বিতরণ ঃ**

১। ----------------------------------------------------------------------------

২। ----------------------------------------------------------------------------

৩। ----------------------------------------------------------------------------

৪। --------------------------------------------------------------------------

৫। ----------------------------------------------------------------------------

**বিংশ তফসিল**
**[বিধি ২২ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর**
**কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।**

স্মারক নং এফএস ও সিডি/অগি/................................
তারিখ...............................

প্রতি ঃ .............................
.............................
.............................

বিষয় ঃ **বহুতল বা বাণিজ্যিক ভবনের ব্যবহারযোগ্য সনদ (Occupancy Certificate) প্রদান প্রসংগে।**

সূত্র ঃ ..............................................................

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার/আপনাদের...................তারিখের আবেদন বিবেচনাকরতঃ নিম্নতফসিলভুক্ত জমি বা প্লটে নবনির্মিত................তলাবিশিষ্ট................ শ্রেণীর ভবনটি অনুমোদিত ফায়ার ফাইটিং ফ্লোর প্ল্যান ও ছাড়পত্রের শর্ত অনুযায়ী নির্মিত হওয়ায় এবং এতদ্‌সংক্রান্ত সকল ব্যবস্থাদির কার্যকারিতার মান পরীক্ষান্তে সন্তোষজনক হওয়ায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ভবনটির ব্যবহারযোগ্য সনদ প্রদান করা হইল।

**নবনির্মিত ভবন/স্থাপনার জমি/প্লটের তফসিল ঃ**

(ক) সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ....
(খ) সিএস/আরএস দাগ নং.................
(গ) মৌজা...................................
(ঘ) থানা/উপজেলার নাম....................
(ঙ) ব্লক নং.................................
(চ) সিট নং...................................
(ছ) ওয়ার্ড নং ...............................
(জ) সেক্টর নং.................................
(ঝ) রাস্তার নাম/নম্বর........................
(ঞ) জমির পরিমাণ..........................

**শর্তসমূহ ঃ**

১। ভবনটি ব্যবহার সংক্রান্ত বিষয়ে **"এই ভবনটি অগ্নি নির্বাপণ ও বেসামরিক অধিদপ্তরের স্মারক নং.........তারিখঃ .................... মূলে ব্যবহারযোগ্যতার সনদ (Occupancy Certificate) প্রদান করা হইয়াছে"** মর্মে এতদ্‌সংক্রান্ত ০১ টি নোটিশ বোর্ড বা প্লেটে লিপিবদ্ধ করিয়া ভবন কর্তৃপক্ষ স্বাক্ষরকরতঃ **১**টি কপি সকলের দৃষ্টিগোচর হয় ভবনের এমন জায়গায় বা দেয়ালে সংরক্ষণ করিতে হইবে।

২। ভবনের/স্থাপনায় স্থাপিত সকল অগ্নি নির্বাপণ ও এই সংক্রান্ত সাজ-সরঞ্জামাদি সার্বক্ষণিকভাবে ব্যবহার উপযোগী রাখিতে হইবে।

৩। ভবনে ব্যবহারযোগ্য সনদপ্রাপ্তির অনধিক ০১ মাসের মধ্যে ভবনে বসবাসকারীদের সমন্বয়ে অগ্নি নির্বাপণ ও উদ্ধার সম্পর্কিত ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে। কমিটি ভবনে বসবাস ও কার্যরতদের ন্যূনতম ২০% সক্ষম সদস্যদের অধিদপ্তর হইতে অগ্নি নির্বাপণ, উদ্ধার, প্রাথমিক চিকিৎসা ও জরুরি নির্গমন বিষয়ে মৌলিক ও সাধারণ প্রশিক্ষণ গ্রহণের বিষয়টি নিশ্চিত করিতে হইবে।

৪। ভবনে বসবাস ও ব্যবহার শুরু করিবার প্রথম ০২ (দুই) বছর পর্যন্ত অনধিক ০৩ মাস পরপর স্থানীয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরের সহযোগিতায় জরুরি নির্গমন, উদ্ধার ও অগ্নি নির্বাপণ বিষয়ে মহড়া আয়োজন করিতে হইবে। ০২ বছর পর প্রতি ০৬ মাস অন্তর নিয়মিতভাবে একই ধরনের মহড়ার আয়োজন করিতে হইবে। মহড়ায় ভবনে বসবাস/কার্যরত সকলের অংশগ্রহণ নিশ্চিত করিতে হইবে।

৫। ভবনে স্থাপিত সকল অগ্নি নির্বাপণী সাজ-সরঞ্জামের তালিকা ও অবস্থান ফায়ার কমান্ড স্টেশনে সংরক্ষণ করিতে হইবে।

৬। প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর স্থাপিত স্থায়ী অগ্নি নির্বাপণ ব্যবস্থাদি ও সংরক্ষিত ফায়ার এক্সটিংগুইসার, স্মোক ও হিট ডিটেক্টরসহ অন্যান্য ডিটেক্টর, এলার্ম বেল, মেনুয়েল কল পয়েন্ট, স্ট্রোব, রাইজার, স্প্রিংকলার, হোজরিল, হাইড্রেন্ট, প্যানেল বোর্ড, পিএ সিস্টেম, পজেটিভ প্রেসার সৃষ্টিকারী ব্লোয়ার মেশিন, ফায়ার এ্যান্ড স্মোক ভেন্ট, ফায়ার লিফট, অটো এনক্লোজার, ইমার্জেন্সি লাইট, এক্সিট সাইন ও এতদ্‌সংক্রান্ত অন্যান্য সাজ-সরঞ্জামের কার্যকারিতা পরীক্ষা, মেরামত রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিতে হইবে এবং নিয়মিত পরীক্ষার বিষয়টি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

৭। ভবনের সকল বৈদ্যুতিক স্থাপনা, ফিটিংস, ওয়ারিং প্রতি ০১ বছর অন্তর নিয়মিত ন্যূনতম ০১ জন ডিপ্লোমা প্রকৌশলী দ্বারা পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করিতে হইবে এবং এতদ্‌সংক্রান্ত রেজিস্টারে তা লিপিবদ্ধ করিয়া রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

৮। ভবন বা স্থাপনার অগ্নি নির্বাপণ সাজ-সরঞ্জামের সঠিক ব্যবহার নিশ্চিতকরণসহ সাজ-সরঞ্জামের কার্যকারিতা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণের জন্য অধিদপ্তর হইতে বুনিয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত ন্যূনতম লিডার/সাব-অফিসার/স্টেশন অফিসার ও সমপদমর্যাদার ০১ জন অবসরপ্রাপ্ত ফায়ার অফিসারকে নিয়োগ প্রদান করিতে হইবে।

পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং/এফএসওসিডি/অগ্নি/.................................... তারিখ ঃ .........................

**অনুলিপি ঃ**

১। ......................................................

২। ......................................................

৩। ......................................................

৪। ......................................................

## একবিংশ তফসিল
**[ বিধি ২১ দ্রষ্টব্য ]**

**বস্তির জন্য অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা ঃ** সিটি কর্পোরেশন, পৌরসভা, সকল ক্যান্টনমেন্ট বোর্ডসহ স্থানীয় সরকারের আওতাধীন এলাকায় স্থাপিত বস্তিসমূহের অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিম্নরূপ হইবে ঃ

১। **রাস্তা ঃ** বস্তি এলাকায় যে কোন এক দিকে অধিদপ্তরের অগ্নি নির্বাপণী গাড়ি প্রবেশের সুবিধার্থে অন্যূন ৫ মিটার প্রশস্ত রাস্তা এবং বস্তির অভ্যন্তরে বসত ঘরের সারিসমূহের মধ্যে অধিদপ্তরের কর্মীগণ সরঞ্জামসহ সহজে চলাচল করিতে পারে এমন অন্যূন ২.০০ মিটার প্রশস্ত রাস্তা থাকিতে হইবে।

২। **জলাধার সংরক্ষণ ঃ** প্রতিটি বস্তি এলাকায় অগ্নি নির্বাপণের সুবিধার্থে ২০ হাজার গ্যালন পানিসহ পাকা জলাধার কিংবা খোলা পানির উৎস (পুকুর/ডোবা) থাকিতে হইবে। উক্ত পাকা জলাধারে ব্রিগেট সদস্যগণের অগ্নি নির্বাপণী সাজ-সরঞ্জামসহ প্রবেশ এবং সহজে চলাচলের জন্য কমপক্ষে ২ মিটার প্রশস্ত যাতায়াত পথ থাকিতে হইবে।

৩। **প্রশিক্ষণ ঃ** বস্তিতে বসবাসকারীদের মধ্য হইতে ১৮ হইতে ৩০ বৎসর বয়স্ক অন্যূন ২৫% অধিবাসীকে (মহিলা ও পুরুষ) অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর হইতে প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৪। **বস্তি এলাকায় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ, সাজ-সরঞ্জামাদি স্থাপন ও সংরক্ষণ এবং প্রশিক্ষণ ঃ**

(ক) বস্তি এলাকায় প্রতি ২০০০ বর্গফুট স্থানের জন্য দুইটি পানি ভর্তি ড্রাম (প্রতিটি ২০০ লিটার ধারণক্ষমতাসম্পন্ন), ৬টি বালতি এবং ৪টি কম্বল/চটের বস্তা ও দুইটি ৫ কেজি পরিমাণের পোর্টেবল ডিসিপি (ড্রাইকেমিক্যাল পাউডার) ফায়ার এক্সিটিংগুইসার সংরক্ষণ করিতে হইবে।

(খ) অধিদপ্তর কর্তৃক মনোনীত কর্মকর্তা/স্থানীয় ফায়ার সার্ভিস কর্মকর্তা প্রতি ৩ মাস অন্তর অন্তর বস্তি এলাকা সরেজমিনে পরিদর্শন করিবেন। উক্ত স্থানে স্থাপিত অগ্নি নির্বাপণী সরঞ্জামাদি পরীক্ষা-নিরীক্ষা করিবেন এবং সরঞ্জামাদি না থাকিলে সেই ক্ষেত্রে বিষয়টি তিনি কারণ অনুসন্ধানপূর্বক প্রয়োজনমতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন। বস্তিতে কোনক্রমেই কাঁচা ঘরে বিদ্যুৎ এবং গ্যাস বিতরণ কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যুৎ ও গ্যাস সংযোগ প্রদান করিতে পারিবেন না।

(গ) এই বিধি জারির পূর্বে কোন বস্তিতে বিদ্যুৎ ও গ্যাস সংযোগ বিদ্যমান থাকিলে বিধি জারির ৯০ (নব্বই) দিনের মধ্যে প্রয়োজনীয় অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে।

৫। **সতর্কতা ঃ** (ক) অধিদপ্তর কর্তৃক মনোনীত কর্মকর্তা/স্থানীয় ফায়ার সার্ভিস কর্মকর্তাগণকে সময় সময় পরিদর্শন করিয়া বস্তিবাসীদের সচেতন করিয়া তোলার লক্ষ্যে মহড়া, গণসংযোগ, সভা, সেমিনার, অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিষয়ে পরামর্শ প্রদান, লিফলেট, পোস্টার বিতরণ এবং প্রয়োজনবোধে প্রিন্ট বা ইলেকট্রনিক মিডিয়ায় সচেতনামূলক কার্যক্রম পরিচালনা করিতে হইবে। এই সব কাজে অধিদপ্তরকে স্থানীয় প্রশাসন, স্থানীয় সরকার, সকল ক্যান্টনমেন্ট বোর্ড ও বস্তিবাসী সার্বিক সহযোগিতা করিবে।

(খ) বস্তি অভ্যন্তরে প্রতিটি ফায়ার পয়েন্টে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর ফোন নাম্বার এবং ধূমপানে নিরুৎসাহিত করিবার বিষয়ে স্লোগান সম্বলিত সাইনবোর্ড দৃশ্যমান স্থানে টানাইতে হইবে। ইহা ছাড়া বস্তি এলাকার ধূমপানকারীগণকে ধূমপানে নিরুৎসাহিত করার বিষয়ে পরামর্শ প্রদান, লিফলেট, পোস্টার বিতরণ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে সচেতনতা গড়ে তুলতে হবে।

(গ) বস্তি এলাকায় নির্ধারিত স্থানে মাটির চুলা স্থাপন/সংরক্ষণ ও এর যথাযথ ব্যবহার নিশ্চিত করিতে হইবে। উপরন্তু কাঁচা ঘরে রান্নার ক্ষেত্রে চুলার পাশের বেড়ায় মাটির প্রলেপ দিতে হইবে। রান্নার শেষে চুলা নিভাইয়া ফেলিতে হইবে।

(ঘ) খোলা বাতির ব্যবহার নিরুৎসাহিত করিতে হইবে। খোলা বাতির ব্যবহার অপরিহার্যতার ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করিতে হইবে।

৬। **অগ্নি দুর্ঘটনার তদন্ত ঃ** বস্তি এলাকায় সংঘটিত অগ্নি দুর্ঘটনার ক্ষেত্রে অধিদপ্তর কর্তৃক মনোনীত কর্মকর্তা/স্থানীয় ফায়ার সার্ভিস কর্মকর্তা তদন্ত করিয়া অগ্নি দুর্ঘটনার প্রকৃত কারণ নির্ণয় ও তদ্‌প্রেক্ষিতে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করিবেন।

## দ্বাবিংশ তফসিল
**[ বিধি-১৬ দ্রষ্টব্য ]**

ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স বিভাগের নির্ধারিত সেবা ও জাতীয় পর্যায়ের সেবা প্রদান ব্যতীত পাম্পিং জব, পানি নিষ্কাশন ও পানি সরবরাহসহ কৃষি পণ্য মেলা, বাণিজ্য মেলা, সমাবেশ ও অন্যান্য কাজে সেবা প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত সার্ভিস চার্জসমূহ পরিশোধযোগ্য ঃ

ক। **সাজ-সরঞ্জাম এর নির্ধারিত সার্ভিস চার্জ ঃ**

| ক্রঃ নং | যানবাহন/সাজ-সরঞ্জামের নাম | হার | | | |
|---|---|---|---|---|---|
| | | প্রতিস্থাপনের চার্জ | অবস্থান চার্জ | মাইলেজ | ওয়ার্কিং চার্জ/ পাম্পিং চার্জ |
| (১) | অগ্নি নির্বাপণী জলযান (প্রতিটি) | ১২০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ১০০/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ২০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৫০০/- |
| (২) | টি টি এল/ স্নোরকেল/এরিয়েল প্যাট ফরম লেডার/ই,টি/লাইট ইউনিট/ ফোম টেন্ডার/কেমিক্যাল টেন্ডার/ রেকার ভ্যান (প্রতিটি) | ১২০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ১০০/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ২০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৫০০/- |
| (৩) | বিশেষ পানিবাহী গাড়ি (প্রতিটি) | ৬০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৭৫/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ২০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৩০০/- |
| (৪) | পানিবাহী গাড়ি (১৮০০ লিঃ–৬৫০০ লিঃ) (প্রতিটি) | ৪০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৫০/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ১৫/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৩০০/- |
| (৫) | টানা গাড়ি (প্রতিটি) | ২০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৫০/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ১০/- | --------- |
| (৬) | রেসকিউ বোট | ২০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ৫০/- | প্রতি কিলোমিটার এবং তার অংশ বিশেষের জন্য ২০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ২০০/- |
| (৭) | ট্রেইলার পাম্প/পাম্প (বড় ও মাঝারী) | ২০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ১০০/- | ......... | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ২০০/- |
| (৮) | পাম্প (ছোট) | ১০০/- | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ১০০/- | ......... | প্রতি ঘন্টা এবং তার অংশ বিশেষের জন্য ১৫০/- |

**বিঃ দ্র ঃ** উপরে বর্ণিত সার্ভিস চার্জের সহিত জ্বালানী ও লুব্রিকেন্ট খরচ পরিশোধযোগ্য।

খ। **নিয়োজিত জনবলের জন্য নির্ধারিত সার্ভিস চার্জ ঃ**

| ক্রঃ নং | পদবী | হার | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সহকারী পরিচালক ও তদূর্ধ্ব | ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা | প্রতি ০৫ ঘন্টা বা অংশ বিশেষের জন্য |
| (২) | উপ-সহকারী পরিচালক ও তদূর্ধ্ব জ্যেষ্ঠ কর্মকর্তা (প্রতিজন) | ৫০০/- (পাঁচশত) টাকা | ঐ |
| (৩) | সিনিয়র স্টেশন অফিসার/সমমানের কর্মকর্তা (প্রতিজন) | ৪০০/- (চারশত) টাকা | ঐ |
| (৪) | স্টেশন অফিসার/সমমানের কর্মকর্তা (প্রতিজন) | ৩০০/- (তিনশত) টাকা | ঐ |
| (৫) | সাব-অফিসার (প্রতিজন) | ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৬) | লিডার/লঞ্চ মাস্টার/ মেকানিক/ হেড মেকানিক/ সহকারী মেকানিক/ইলেকট্রিশিয়ান/আর্মেচার বাইন্ডার/ড্রাইভার/ইঞ্জিন ড্রাইভার (প্রতিজন) | ২০০/- (দুইশত) টাকা | ঐ |
| (৭) | ফায়ারম্যান/নার্সিং এ্যাটেনডেন্ট/ডুবুরি (প্রতিজন) | ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা | ঐ |
| (৮) | মশালচি/বাবুর্চি/ক্লিনার | ১০০/- (একশত) টাকা | ঐ |

গ। **খাবার পানি সরবরাহের জন্য নির্ধারিত সার্ভিস চার্জ ঃ**

| ক্রঃ নং | গাড়ীর বিবরণ | প্রতি গাড়ী খাবার পানি সরবরাহ চার্জ | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বিশেষ পানিবাহী গাড়ী (১১,০০০ লিটার) | ১০০০/- (এক হাজার) টাকা | প্রতিদিন বা এর অংশ বিশেষের জন্য |
| (২) | পানিবাহী গাড়ী (৬৫০০ লিটার) | ৪০০/- (চারশত) টাকা | ঐ |
| (৩) | পানিবাহী গাড়ী (৪৩০০ লিটার) | ৩০০/- (তিনশত) টাকা | ঐ |
| (৪) | পানিবাহী গাড়ী (১৮০০ লিটার) | ২০০/- (দুইশত) টাকা | ঐ |

ঘ। **কোন ভবন বা স্থানে প্রবেশক্রমে জরিপ, পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ ইত্যাদি সম্পর্কিত নির্ধারিত সার্ভিস চার্জ ঃ**

অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ এর ২৮ ধারার উপ-ধারা (২)(জ) অনুসারে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে নিম্নোক্ত ফিস প্রদানযোগ্য হইবে।

| ক্রঃ নং | ভবন বা স্থান | | হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সিএনজি, পেট্রোল-পাম্প, সাব-স্টেশন ইত্যাদি | ঃ | ২০০০/- টাকা | |

উপরোক্ত বর্ণিত চার্জ এর সাথে জ্বালানী ও লুব্রিকেন্ট খরচ, জনবলের আবাসিক সুবিধা ও অবস্থান, সাজ-সরঞ্জাম সংরক্ষণের জন্য অবকাঠামো খরচ যোগ হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনোয়ারা ইশরাত**
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd